# রমহংসপবিব্রাজকাচার্ব্য-শ্রীমচ্ছঙ্করভগবৎপাদ-বিরচিত-

# সর্ববৈদান্ত-সিদ্ধান্ত-সার-সং গ্রাহঃ।

মূল, অন্বয়, বাঙ্গালা প্রতিশব্দ, বঙ্গামুবাদ এবং তাৎপর্য্য-মণ্ডিত।

~650~

শ<del>হা</del>মহোপাধ্যায়— পণ্ডিত ঐাযুক্ত প্ৰমথনাথ তৰ্কভূষণ

এবং


কাব্য-সাংখ্য-বেদান্ত-মীমাংসা-দর্শনতীর্থবিভারত্বোপনামক-

পণ্ডিত শ্রীযুক্ত অক্ষয়কুমার শান্ত্রি-কর্তৃক অনুদিত ও সম্পাদিত।

1798K

সত্ত্বাধিকারী ও প্রকাশক বিবিধ-শাস্ত্রগ্রন্থ প্রচারক শ্রীযুক্ত অনিলচন্দ্র দত্ত। লোটাস্ লাইত্রেরী, ২৮া১ কর্ণগুয়ালিস্ ষ্টাট্, ক্যিকাতা। শকাস্ক—১৭৩৫। প্র

All rights reserved wission instituted and all white birth



প্রিণ্টার্— গ্রীষোগেশচন্দ্র অধিকারী,
মেট্কাফ্ প্রেস্,
গুখনং বলরাম দে খ্রীট, কলিকাতা।

## ভূমিকা।

এতদিনে ভগবৎপাদ শ্রীমচ্ছকরাচার্য্য-বিরচিত 'সর্ববেদান্ত-সিদ্ধান্ত-সারসংগ্রহ' নামক একথানি অতি উপাদের গ্রন্থ বক্ষভাষার প্রকাশিত হইল। ইতঃপুর্ব্বে এই গ্রন্থ বক্ষদেশে প্রচারিত হয় নাই। যাঁহারা ভগবৎপাদের অভাত প্রন্থ পাঠ ক্রিয়া পরিতৃপ্ত ইইয়াছেন, এই গ্রন্থখনি তাঁহাদের অধিকতর প্রীতি সম্পাদন করিবে, সন্দেহ নাই। কারণ, এই গ্রন্থখনিতে বেদান্তপাস্তের যাবতীয় বিষয় সহজভাবে বর্ণিত হইয়াছে। যাঁহারা নিরন্তর তাপত্রমপরীত সংসার হইতে মুক্তিলাভ করিতে চান, যাঁহারা অরুরা, সূত্য প্রভৃতির হন্ত হইতে পরিত্রাণ পাইতেইছ্রা করেন, তাঁহাদের একমাত্র উপনিষদের (বেদান্তের) শরণাপর হওয়া উচিত; কিন্তু উপনিষৎ অতি ছর্ব্বোধ, স্বল্পধী ব্যক্তির সহজে বোধগম্য হয়্ম না; এইজন্ম ভগবান্ শঙ্করাচার্য্য ক্রপাপরবশ হইয়া এই গ্রন্থে সমগ্র উপনিষদের তাৎপর্য্য সংগ্রহ করিয়াছেন।

এই বিশাল ব্রহ্মাণ্ডে জীবকুল ব্যাকুল হইয়া ঘটীগল্পের ভার অহরহঃ দেব. মানব, তির্য্যক প্রভৃতি বিবিধ গোনিতে পরিভ্রমণ করিতেছে। শরীর ধারণ করিলে, আধ্যাত্মিক, আধিলৈবিক ও আধিভৌতিক-রূপ ত্রিবিধ তাপের হস্ত হইতে পরিত্রাণ পাইবার উপায় নাই। ক্লমি কীট হইতে আরম্ভ করিয়া হিরণ্যগর্ভ পর্যান্ত স্থপত্রংথ তরতমভাবে বিভ্রমান আছে। এই তাপত্রমের দ্বারা জীবনিবহ পুন:পুন: তাপিত হইয়া, তাহার নিবৃত্তির জন্ম নানাবিধ উপায় অবেষণ করিয়া থাকে; কিন্তু মোহান্ধজীব ছঃথনিবৃত্তি কিংবা স্থথপ্রাপ্তির বাস্তবিক সাধন কি তাহা জানিতে না পারিয়া, অক, চন্দন, বনিতা, মিষ্টান্ন প্রভৃতি বিষয় বারা ছ:খনিবৃত্তি ও স্থখলাভ করিবার চেষ্টা করিয়া থাকে। কিন্তু এই সমস্ত বিষয় ছ:খ नितृष्ठि किংवा स्वथाशित ८२० नत्र : वत्रः ইरात्रा नानाविध कः८थत्र निषान रहेन्ना থাকে। এইজন্ম পুরুষধোরেয়গ্র বিষয়সস্তুত মুখকে অৰজ্ঞা করিয়া, অথগু অপরিচ্ছিন্ন স্থলাভের জন্ত শাস্ত্রীর সাধন অবলম্বন করিয়া থাকেন: কারণ শান্ত্রীয় সাধনই হঃথনিবৃত্তি ও স্থথ প্রাপ্তির একমাত্র উপায়। একণে দেখা যাউক. শান্ত্র কি এবং সাধনই বা কাহাকে বলে। কারণ, ইহা জানিতে না পারিলে, কোন ব্যক্তি ইহার আশ্রের গ্রহণ করিতে সমর্থ হয় না: এই নিমিত্ত প্রথমেই শাল্কের পরিচয় দেওয়া কর্ত্তব্য বলিয়া বিবেচিত হইতেছে।

#### শান্ত-স্বরূপ।

শাস্ত্র শব্দে প্রথমতঃ বেদকেই বুঝায়; বেদমূলকত্ব প্রযুক্ত মহাদি ধর্মগ্রন্থ-সমহকে শাস্ত্র নামে অভিহিত করা হয়। এই বেদ ছই ভাগে বিভক্ত: তক্সধ্যে একটিকে মন্ত্ৰপ্ৰটিকে বাহ্মণ বলে। মহভাগকে কৰ্মকাণ্ড ও বাহ্মণ-ভাগকে জ্ঞানকাণ্ড বলা যাইতে পাবে। যদিও বান্ধণভাগে কর্মকাঞের বিষয় উল্লিখিত আছে, তথাপি জ্ঞান প্রধানভাবে বিবৃত হওয়ায়, তাহাকে জ্ঞানকাঙ বলা হইরা থাকে। \* কর্মকাণ্ডে প্রথম অধিকারীর জন্ম চিত্তক্তরির উপায়স্বরূপ জ্যোতিষ্টোমগণ প্রভৃতি বিবিধ কর্ম উপদিষ্ট হইয়াছে। জ্ঞানকাণ্ডে সংসার-পারাবার হইতে উত্তীর্ণ হইয়া জীব কিরুপে শান্তি ও ফ্রথের পরাকাটা লাভ করিতে পারে, তাহাই বিশদরূপে বর্ণিত হইয়াভো। যে অজ্ঞাত বিষয়ের উপ-নেশ প্রদান করে এবং যাহা হইতে অলোকিক ইপ্লপ্রাপ্ত অনিপ্ল-পরিহারের উপায় অবগত হওয়া যায়, মনীষিগণ তাহাকে বেদ বলিয়া থাকেন। যেমন কৰ্ম্ম-কাণ্ডে অলোকিক স্বর্গাদিরূপ ইষ্টপ্রাপ্তির উপায়—যাগাদি বিশেষরূপে অভিহিত **হুইয়াছে. সেইরপ জ্ঞানকাণ্ডে অ**পরিচ্ছিন্ন আনন্দায়ক ব্রহ্মরূপ মক্তির বিষয় উপদিষ্ট হইয়াছে। যেমন মন্ত্রভাগের প্রামাণ্ড অপ্রতিহত, তদ্রুপ ব্রাহ্মণভাগেরও শ্রামাণ্য অস্বীকার করিবার উপার নাই। ধর্মস্ত্রকার ভগবান আপক্তম্ব "মন্ত্র-ব্রাহ্মণ্যোর্বেদনামধেরম'' এই স্থতে মন্ত্রও ব্রাহ্মণ উভয়কেই অবিশেষে বেদ আথা প্রদান করিয়াছেন।

#### ব্রাহ্মণভাগের বেদত্বে আপত্তি।

কোন কোন মহাঝা মন্ত্রভাগের বেদর স্বীকার করিয়া ব্রাহ্মণভাগকে বেদ বলিরা স্বীকার করিতে প্রস্তুত্ত নহেন। তাঁহারা বলেন,—"ব্রাহ্মণভাগ মন্ত্র-ভাগের ব্যাথ্যাস্তরপ; স্কুত্রাং তাহা ভাষা টীকাদির হ্যার পুরুষ-নির্মিত; এবং-বিধ ব্যাথ্যাগ্রন্থ কথনই বেদ হইতে পারে না। অপিচ, ব্রাহ্মণভাগে জনমেজর প্রভৃতির উপাধ্যান বর্ণিত আছে, এবংবিধ অর্ধাক্তন পুরুষের নাম তাহাতে বিশ্বমান থাকার, তাহার পৌরুষের্থ এবং প্রভবিক্ত অনিবার্য্য। তৃতীয়তঃ পুর্ব্ধে শ্বিগণ কর্মবোগী ছিলেন, তাঁহারা ম্বিহোত্ত্ব প্রভৃতি বিবিধ বৈদিক কর্মের

ময় ও রাহ্মণের য়রপ ইহাতে দামান্ততঃ বিচার করা হইলে বিশেষ বিচার অল্প এছে
 এছনিত হইবে।

অফ্টান করিয়া মুক্তিলাভ করিয়াছেন। স্নতরাং একমাত্র মন্ত্রভাগই প্রমাণভূত। তাঁহারা এইরূপ নানাবিধ আপত্তি উত্থাপন করিয়া, সাধুপ্রকৃতি জনগণের স্থান্তর সন্দেহ উপস্থাপিত করিয়া থাকেন।

#### আপত্রি-খণ্ডন।

এতগ্রন্তরে বক্তব্য এই যে, এই আপত্তি নিতান্ত অকিঞ্চিৎকর। বেদার্থতন্ত্রবিৎ
ঋষিগণের বাক্য ধারা বেদার্থ নিরূপণ করা হইরা থাকে। ভগবান্ আপন্তম্ব
ধ্বন স্পষ্টভাবে মন্ত্র ও ব্রাহ্মণভাগের বেদত্ব স্বীকার করিয়াছেন, তথন তাঁহার
বাক্য অপ্রমাণ বলিবার কি যুক্তি আছে ?

কেবল ব্রাহ্মণভাগে মন্ত্রভাগের ব্যাখ্যা দেখিয়া যদি ব্রাহ্মণভাগকে অপরের রচিত বলিতে হয়, তাহা হইলে, ভাষ্যকারদিগের বাক্যেও নিজ নিজ বাক্যের ব্যাখ্যা দেখিয়া, ভাষা ও ব্যাখ্যার কর্ত্তা ভিন্ন ভিন্ন—ইহা স্বীকার করিতে হয়। আর তাহা হইলে, আচার্য্য শঙ্করক্কত ব্রহ্মস্ত্রভাষ্যে তদন্তর্গত ব্যাখ্যা-ভাগটি অস্কের রচিত বলা যাইতে পারে। কারণ—

"সূত্রার্থো বর্ণ্যতে যত্র পন্দৈঃ সূত্রান্মুসারিভিঃ। স্বপদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিচুঃ॥"

যাহাতে স্ত্রান্থণারী পদসমূহের দারা স্ত্রার্থ বর্ণিত হয় এবং স্থপ্রযুক্ত পদগুলির ব্যাখা করা হয়, তাহাকেই ভাষাক্ত পণ্ডিতগণ ভাষ্য বলিয়া থাকেন।
অতএব কেবল ব্যাখ্যা থাকিলেই যে ব্যাখ্যাংশের কর্ত্তা ভিয়, তাহার কোন
প্রমাণ নাই স্থতরা বলিতে হইবে, জ্ঞানকাণ্ড অপ্রমাণ নহে। ব্রাহ্মণভাগে
জনমেজয় প্রভৃতির সংবাদ দৃষ্ট হয় বলিয়া যদি তাহাকে পৌরুষেয় ও অপ্রমাণ
বলা হয়, তাহা হইলে, ময়ভাগে উর্কাশী ও পুরুরবদ্ প্রভৃতির উপাধ্যান
থাকায়, তাহারও পৌরুষেয়ত্ব ও অপ্রামাণ্য হউক এবং তজ্জ্ঞ তাহার বেদত্ব
বিরুপ্ত হউক। স্থতরাং ময়ভাগের ধদি বেদত্ব সিদ্ধ হয়, তাহা হইলে ব্রাহ্মণ
ভাগের ও বেদত্ব সিদ্ধ হইবে। অতএব বলিতে হইবে,—বেদের জ্ঞানকাণ্ড
অপ্রমাণ নহে।

ব্রাহ্মণ ভাগে তত্তজ্ঞান উপদিষ্ট হইরাছে, তাহা অবিভা নির্ভির জন্ত মহুব্য-মাত্রেরই অভীপ্সিত। কর্মকাণ্ডে উপদিষ্ট স্বর্গাদিফল অদৃষ্টহারা অন্ত দেহে ঘটিরা থাকে, কিন্তু প্লানের ফল মুক্তি এই দেহেই সম্ভব হইতে পারে। কর্মু লোকান্তরে ফলু প্রদান করে, জ্ঞান ইহলোকে সমূলে অবিষ্ণা বিনাশ করিয়া থাকে।
অলোকিক ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টপরিহারের বিষয় ইহাতে সমীচীনভাবে বিবৃত্ত
হওয়ায়, ইহাকে বেদ না বলিয়া কেহই থাকিতে পারে না। এই সংসারক্ষপ
অনর্থপরস্পরার নিবৃত্তির বিষয় বাহাতে উপদিষ্ট হইয়াছে, তাহা যে সফল
তাহা অস্বীকার করিবার উপায় নাই। স্ক্তরাং কর্মকাণ্ডের ভায় জ্ঞানকাণ্ডও
প্রমাণ এব তজ্জ্ভ তাহার আকর বেদান্তও প্রমাণভূত।

#### বেদান্ত কি ?

পুর্বেষ্ক মন্ত্র ও ব্রাহ্মণের বেদম্ব নিরূপিত হইয়াছে ; কিন্তু আমাদের প্রাকৃত বেদান্তের সহিত তাহার কি সম্বন্ধ এবং ভাহার অপৌরুষেয়ত্ব ও প্রাধান্ত স্বীকার করিলে, প্রকৃতস্থলে কি উপকার হইবে, তাহা একার্নে বিচার করা হউক। বস্ততঃ ব্রাহ্মণভাগই উপনিষৎ, তাহাকেই বেদান্ত বলা হয়; স্থতরাং পূর্ব্বে ব্রাহ্মণভাগের বেদত্ব নিরূপণ করায়, উপনিষৎ—বেদাস্তের বেদত্ব সিদ্ধ হইল। এখানে আপত্তি হইতে পারে,—যথন বেদশস্বারা জ্ঞানকাণ্ডের গ্রহণ হইতে পারে, তথন বেদান্ত শব্দ প্রয়োগ করিবার প্রয়োজন কি ৪ স্থতরাং শাস্ত্রে বেদ ও বেদান্ত চুইটি বিভিন্ন **শব্দ থাকার বেদ হইতে বেদান্ত ভিন্ন বুঝিতে হইবে**; কারণ, শব্দভেদ বস্তুভেদের প্রতি হেতু দেখিতে পাওয়া যায়। এক্সপ আপত্তির উপর বলা যাইতে পারে,---কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড উভয়ই বেদ হইলেও, জ্ঞানকাণ্ডে অবিম্মানিবৃত্তিক্রণ মুক্তির বিষয় বিশেষরূপে বর্ণিত হওয়ায়, ইহার 'বেদাস্ত' এই বিশেষ আথ্যা প্রদান করা হইয়া থাকে। বেদশু অন্তঃ সারভাগঃ বেদান্তঃ অর্থাৎ বেদের অন্ত—চরম ভাগকে বেদান্ত বলে।—ব্রাহ্মণ-পরিব্রাজ্বকন্তায় এথানে দৃষ্টান্তস্বরূপ পরিগৃহীত হইতে পারে। যেমন সন্নাদী হইতে হইলে ব্রাহ্মণ ব্যতীত আর কেহই হইতে পারেন না, তথাপি সন্ন্যাস তাঁহার অসাধারণ ধর্ম বলিয়া, তাঁহাকে সন্ন্যাসী বলা হয়, তজ্ঞপ বেদাস্ত বেদ হইলেও বেদের চরমভাগ বলিয়া তাহাকে 'বেদাস্ত' নামে অভিহিত করা হয়। বেদাস্ত, ব্রহ্মবিস্থা, উপনিষৎ এবং রহস্থ পর্যায় শব্দ; উপ ও নি পূর্বক সল্ (ষ্দ্) ধাতু কিপ্ প্রত্যয় করিয়া 'উপনিষং' পদ নিপার হইয়াছে; যদু অর্থাৎ সদ্ ধাতুর অর্থাৎ বিদারণ (বিনাশ) গতি ও অবসাদ. व्यर्था९ (य मगीर्) निः भिषकरे व्यविष्ठारक नाम करत, व्यथवा (य मगीर्) निः भिष-রূপে বন্ধকে পাওয়াইয়া দেয়, তাহাকে উপনিষৎ বলা হয়। গ্রন্থরারা ব্রন্ধবিষ্ণা লাভ হয় বলিয়া, গ্রন্থ ও 'উপনিবৎ' নামে অভিহিত হয়; যথা,---ইলোপনিবং।

এখন জিজ্ঞান্য হইতে পারে,—বেদোক সাধনেই যে মুক্তি হইবে, তাহার প্রমাণ কি ? বেদের এত প্রামাণ্য কিদের জন্ত ? এতছত্তরে বলিতে পারা যায় যে—

#### বেদ অপৌরুষেয়।

বেদ মরাদি স্মৃতির স্থায় মমুব্যক্ষত নহে। "ৰাস্থ মহতো ভূতস্থ নিঃখদিতমেতদ্-যদগ্রেদযজুর্বেদসামবেদঃ ইত্যাদি শ্রুতিদ্বারা বেদ ঈশ্বরপ্রণীত বলিয়া অবগত ছওয়া যায়। এইরূপ উৎপত্তিশ্রুতি থাকায়, বেদ ঈশরের ন্থায় কুটস্থ নিত্য নহে, কিছ এককল্পপারী: নৈয়ান্নিকের স্থায় বেদাস্কমতে শব্দের ততীয়ক্ষণে নাশ স্বীকার করা যায় না। স্পষ্টির প্রথমে বেদ এক হইতে উৎপন্ন হইয়া প্রালয়কালে তাঁহাতেই লম্ব প্রাপ্ত হয়, পুনরাম্ব ঈশ্বর গতকল্লীয় বেদ হিরণ্যগর্ভকে উপদেশ দেন ; তিনি আবার মরীচি প্রভৃতি ঋষিগণকে উপদেশ দিয়া থাকেন: এইরূপে পুনরায় বেদ সম্প্রানায়ক্রমে প্রচার লাভ করে। যদ্মপি বেদ ঈশ্বর হইতে উৎপন্ন হইয়াছে. তথাপি বেদে ঈশ্বরের শ্বতন্ত্রতা নাই: কালিদাস প্রভৃতির গ্রন্থে যেরূপ কালিদাসা-দির স্বাতন্ত্র আছে, বেদে ঈশ্বরের দেরূপ নাই। ঈশ্বর গত কল্পে থেরূপ আরু· পর্বিব ক বেদ রচনা করিয়াছিলেন, একল্পেও তদ্ধপ রচনা করিয়াছেন ৷ যদি তাঁহার বেদে স্বাতন্ত্রা থাকিত, তাহা হইলে তিনি যেমন আমুপুর্বীর অক্তথা করিতে পারেন, সেইরূপ অর্থেরও অক্সথা করিতে পারেন। একল্পে অগ্নিহোত্র যাগে বর্গ হয়, ব্রহ্মহননে নরক হয় ; ঈশ্বরের বেদে প্রতন্ত্রতা থাকিলে কল্লান্তরে তাহার বিপরীত হইতে পারে.—অর্থাৎ অগ্নিহোত্র দ্বারা নরক এবং ব্রহ্মহত্যা দারা স্বর্গও হইতে পারে। তজ্জ্ঞ মনীধিগণ বেদে ঈশ্বরের স্বতম্ভতা স্বীকার করেন না। ভগবান কুমারিলভট্টও স্বপ্রণীত শ্লোকবার্ত্তিকে স্পষ্টভাবে এই কথা ৰলিমাছেন,—''যত্নতঃ প্ৰতিষেধ্যা নঃ পুৰুষাণাং স্বতন্ত্ৰতা''—অৰ্থাৎ পুৰুষগণের স্বতন্ত্রতাই আমরা যদ্দহকারে নিষেধ করিয়া থাকি। পৌরুষেয় <del>শব্দের অর্থ—</del> পুরুষনির্ম্মিত; অপৌরুষেয় তাহার বিপরীত,—এরূপ অর্থগ্রহণ করা যাইতে পারে না। কারণ বেদও ঈশবরূপ পুরুষনির্শ্বিত। স্কুতরাং এথানে পৌরুষের শব্দের অর্থ—পুরুষ-স্বাতম্ত্রা ; তদরাহিত্য অপৌরুষেম্ব এইরূপ পারিভাষিক লক্ষণ चौकांत्र कतिरा हरेरव। त्वरानत व्यरभोक्रासम्म निक्रांभिक हरेरान, जनसर्गाज বেদান্তের অপৌরুষেয়তে আর সন্দেহ নাই।

#### বেদের স্বতঃপ্রামাণ্য।

বৈদের অপৌরুবেয়ত্ব নিরূণিত হইলেও, বেদ স্বতঃপ্রমাণ কিংবা প্রতঃপ্রমাণ এক্ষণ আশকা উপস্থিত হইতে পারে। ডার্কিকগণ:ূবক্তৃযাথার্যক্তানকেই প্রামাণ্য- পুষোজক বনিয়া —পরত:প্রামাণ্যবাদ অঙ্গীকার করিয়া থাকেন। কিন্তু এরূপ পরত:প্রামাণ্যবাদ স্বীকারে অনবস্থা দোষের হস্ত হইতে নিষ্কৃতিলাভ করিতে পারা যার না; এতদ্ভির আরও বছল দোষ ঘটিয়া থাকে। বেদ স্বত:প্রমাণ কিরুপে ? এইব্রুপ প্রশ্ন উপস্থিত হইলে, তহত্তরে আমরা বলিব,—যেহেতু কোনরূপ অপ্রামাণ্য হেতু নাই, অতএব বেদ স্বত:প্রমাণ। পুক্ষপ্রণীত বাক্যে পুক্ষগত ভ্রান্তি, প্রমাদ, বিপ্রশিক্ষা প্রভৃতি দোষ ঘটবার সন্তাবনা; বেদে পুক্ষ-প্রবেশ না থাকার, দেই সমন্ত দোষের আশকাই হইতে পারে না। স্বতরাং প্রমাণ—স্বত: এবং অপ্রমাণ পরত:—ইহা স্বীকার করিতে হইবে। এইক্রপে বেদের স্বত:-প্রমাণ বাদ স্থির করিয়া, বেদের তাৎপর্য্য নির্দন্ধ করা উচিত।

### অৱৈতবাদ ৷

একণে বেদের স্বতঃপ্রামাণ্যবাদ নির্ণীত হইলে,বেদের তাৎপর্য্য কোথায়,তাহা নিরূপণ করিতে হইবে। বেদের কর্ম্মকাণ্ডের তাৎপর্য্য কর্ম্মে থাকিলেও, জ্ঞান-कारिक्षत---(तमारश्वत जारभगा व्योषक अस्त्र विभाग करेंद्र । प्रमुख (तमाश्वताका অবৈত ব্রহ্ম প্রতিপাদনের জন্য উদ্গ্রীব। অবৈত্বাদ কি ? এই জগতে একটি ৰস্তুর সম্ভার সমস্ত চলিতেছে, সমস্তই তাহাতে অধ্যস্ত ; জীব সেই অন্বিতীয় সংখ্যাপ ব্ৰহ্ম হইতে ভিন্ন নহে. এইরূপ তত্তকে অধৈতবাদ বলা ধার। দৈত-বাদিগণ জীব ও ব্রন্ধের ভেদ এবং জীবগণের পরস্পর ভেদ স্বীকার করিয়া সমস্ত পদার্থের সত্যতা নিরূপণ করিয়া থাকেন। একণে বিচার করিয়া দেখা যাউক, বেদান্তের তাৎপর্য্য হৈতে কিংবা অহৈতে ? অজ্ঞাতজ্ঞাপকত্বং শাস্ত্রঘ্য- অর্থাৎ যে অজ্ঞাত বিষয় জ্ঞাপন করে, তাহাকে শাস্ত্র বলে. বেদান্তও অজ্ঞাত জীব এবং ব্রহ্মের একত্ব প্রতিপাদন করিয়া শাস্ত্রনামের যোগ্য হয়। ভেদ লোকপ্রসিদ্ধ, প্রত্যক্ষাদি প্রমাণ- গ্রাহ্ম: তাহাই যদি বেদান্তের তাৎপর্য্য হয়, তাহা হইলে বেদান্তের অফুরাল্পত্ব হেত অপ্রামাণা চুর্বার হইয়া উঠে। আরও এক কথা, বেদান্তে 'নেছ নানান্তি কিঞ্চন মৃত্যো: স মৃত্যুমাপোতি ঘ ইহ নানেব পশুতি" এইরূপ বাক্য দারা বৈতবাদের নিন্দা পরিশ্রত হয়। সমস্ত বেদান্ত পর্য্যালোচনা করিলেও কোথাও অবৈতের নিন্দা পাওয়া যায় না। ইহা দারা বেদান্তের তাৎপর্যা যে অবৈতে. তাহা অতি সহজেই অবগত হওয়া যায়। "য়ত্ত হৈতমিব ভবতি তদিতর্মিতরং পশ্রতি'' এই শ্রুতিতেও ইব শব্দ ধারা বৈতের মিথাছেই নিরূপিত হইরাছে।

अंखिरक रायान कीव । क्षेत्ररात एक वर्गिक हरेबाएक, काहा छैशायि निक्कि ব্ৰিছে ছইবে। বেমন একই চক্ৰ জলভাজন-ভেদে নানা বলিয়া প্ৰতীয়মান হয়. वच्छाः जित्र नरह. अकहे वच्छ : रमहेक्रभ कीव व्यक्तिकीत बक्तवक्रभ हहेरलक्ष অন্ত:করণত্রপ উপাধিভেদে নানা বলিয়া প্রস্তিভাত হয়। বাস্তবিক পক্ষে অধৈততত্ব কিংবা দ্বৈতত্ত্ব এরপ সন্দেহ উপস্থিত হইলে, একতর পক্ষপাতিনী যক্তি ছারা তারা নির্ণয় করিতে হয়। অংহৈত ও বটে হৈতও বটে এরপ বিরুদ্ধ ভাবের সমাবেশ একতা সম্ভব নহে। স্লতরাং ছইটির মধ্যে একটি স্ভ্যু অপরটি তাহাতে আরোপিত, এইরূপ করনা দাধীরদী। এখন দেখা বাউক, একম্ব ও দ্বিম্ব এই উভরের মধ্যে কোনটি দত্য এবং কোনটি বা মিথ্যা-কল্পিত। যথন একত্ব জ্ঞান উৎপন্ন হইরাছে, তখন হৈতের চিক্তমাত্র ছিল না, হৈতক্সান এক ছজানকে অপেকা করিয়া উৎপন্ন হইয়াছে। স্বতরাং বেটি নিরপেক্ষ, ভাষা সতা : যেটি সাপেক্ষ সেটি মিথ্যা। এখানে একছ জ্ঞান কাহাকেও অপেক্ষা না করিয়া উৎপন্ন হওয়ায় তাগ সতা, ৰৈতজ্ঞান একডকে অপেকা করিয়া জন্ম বলিয়া তাহা মিখ্যা। বেমন পরবন্তী ( শুক্তি- পভৃতি-বন্তকে ) অপেক্ষা করিয়া রকত প্রভৃতির জ্ঞান হয়, স্বতরাং শুক্তিজ্ঞান স্ত্যু রক্তজ্ঞান তাহাতে আরো-পিত। যদি বল একছজানে বিভের অপেকা না থাকিলেও বিভের সম্বন্ধ বিষ্ণমান আছে, তাহা হইলে অবৈত শব্দের বৈতাভাব, অর্থ করিলে কোনক্সণ দোৰ থাকে না। বদি একটি বস্তু প্রমার্থ সভা হইল, অপর সমস্ত বস্তু তাহাতে ক্রিত, ইহা আমাণিত হইলে, মিখ্যাভত বন্ধন জ্ঞানের হারা নিব্ত হইছে পারে ।

#### মায়াবাদ।

বারাবাদ অবৈতবাদ হইতে পৃথক নহে। যদি সর্বোপাদানত্বপে একটি বস্ত সিদ্ধ হর, তাহার শক্তিরপে আর একটি বস্ত সিদ্ধ হইতে পারে; দেই শক্তির নাম মারা। সেই মারা-শক্তি মিথা। হইলে অবৈত প্রসার লাভ করিতে পারে। অবৈতবাদ বলিলে দৃশ্রমান সংসারের মারিকত্ব ব্যার, এবং মারাবাদ বলিলে, তদ্ধিচাত্ত্বপে অবৈত সিদ্ধ হইতে পারে। মারা সত্ত্ররজ্ঞায় স্কলা, অবিভা, অজ্ঞান, তক্ষঃ প্রভৃতি ইহার পর্যার শক্ষ। ইহাকে সংস্করপা বলা যাইতে পারে না; কারণ তাহা জ্ঞাননিবর্ত্তা হইতে পারে না, অভাব প্রাধের অন্তর্গত্ও বলা

, যায়না; বেহেতৃভাবরূপে এইতীয়মান হয়। স্থতরাংসংও অনসং হইতে ভিয় क्षनिवाद्या ভাবরূপ পদার্থকে মায়া বলা যার। মায়াবাদের বৈদিকত সম্বদ্ধে-''মায়াত্ত প্রকৃতিং বিভান্মায়িনত্ত মহেশরম। তরতাবিভাং বিততাং জদি যদিছি-ৰেশিতে।" "ইলো মায়াভি পুরুত্বপ ঈরতে" ইত্যাদি শ্রুতিই তাহার প্রমাণ। এতভিন্ন সংহিতা ও উপনিষ্দের বহুস্তলে মারা শব্দের প্রারোগ বিভ্যমান আছে। কোন কোন আধনিক ধর্মপ্রচারক মায়াবাদ অবৈদিক বলিয়া খোষণা করিতেও কৃষ্ঠিত হ'ন না। বস্তুত: তাঁহারা যে স্বীয় স্বীয় ভাস্তমতের পোষকতার জ্বন্ত অন্ধ হইয়া. বেদের বহুস্থলে লব্ধ মায়া শব্দকে অপার্থ করিতে বিন্দুমাত্রও সন্ধচিত হ'ন না। গাহারা "মায়ান্ত প্রকৃতিং বিদ্বাৎ" এই শ্রুতিতে মায়াশব্দকে সাংখ্য-মতের প্রকৃতি বলিয়া ঘোষণা করিয়া পাকেন, তাঁহারা অন্বয়ের দিকে বিন্দুমাত্রও **শক্ষা রাথেন না।** কেন না, "মাশ্বান্ত প্রকৃতিং বিভাৎ"—মারাকে প্রকৃতি বলিয়া জানিবে, এই মায়া শব্দ যদি সাংখ্যমতের প্রকৃতি হইত তাহা হইলে 'প্রকৃতিক মায়াং বিভাৎ' অর্থাৎ প্রকৃতিকে মায়। জানিবে এইরূপ পাঠ থাকা উচিত ছিল। কাবণ এখানে মাগাং'-এই পদটি উদ্দেশ্য এবং 'প্রকৃতিং' এই পদটি বিধেয়: অর্থাৎ মান্নাকে উদ্দেশ্ত করিয়া তাহার প্রকৃতিত (উপাদান কারণত্ব) বিহিত হটয়াছে। আর যদি প্রতিবাদীর আগ্রহাতিশব্য প্রযক্ত মায়। শব্দকে সাংখ্যমতের প্রকৃতি বলা ধায়, তাহাতেই বা ক্ষতি কি ৪ সাংখ্য ও বেদাস্ত শাস্ত্রে প্রকৃতির স্বরূপ একরূপ নিরূপিত হইয়াছে: সাংখ্যবাদিগণ প্রকৃতির স্বত-ন্তুতা ও সত্যতা স্বীকার করেন, বেদাম্ভীরা তাহাই করেন না, এইমাত্র ভেদ। ট্রা ছারা মায়ার বৈদিকতা অতি সহজেই জনয়ক্ষম হয়। শ্রুতিবাক্য উত্তমরূপে বিচাব করিয়া দেখিলে, মায়াবাদের অন্তিম্ব অতি উত্তমন্ত্রপে অবগত হওয়া যায়। এক্ষণে মাধাবাদের বৈদিকতা স্থাপনের জন্ম ছান্দোগ্যবাকের কিঞ্চিৎ বিচার প্রদর্শিত হইতেছে। "সদেব সৌমা ইদমগ্র আসীং''—হে সৌমা। এই জগং পর্বের সংস্করণ ব্রহ্মই ছিল. এই বাকো 'ইদং' শব্দের অর্থ হৈত, হৈততাদাত্ম্যাপন্ন ব্ৰহ্ম অত্যকালসং এইরূপ শান্ধ-ৰোধ হইবে। অর্থাৎ বৈততাদাত্মাপন্ন ব্রহ্মকে উদ্দেশ্য করিয়া অগ্রকাণ সত্ত্ব বিধেয় হইতেছে। উদ্দেশ্যতাৰচ্ছেদক দেশ ও কাল व्ययप्रकृत्व विरक्षत्वत्र व्यवत्र इटेश शांत्क,—এटे छात्र नर्सवानिनम्ब । त्यमन धनौ স্থী এস্থলে উদ্দেশ্য ধনী, উদ্দেশ্য তাবচ্ছেদক ধন, তৎকালাবচ্ছেদে সুধিষ প্রতীয়-मान इत्र ; यरकारण धन विश्वमान आहि, जरकारण श्रुक्ष स्थी भारकन । त्रहे-রূপ ''সদেব সৌমা ইদমগ্র আদীৎ'' এইবাক্যে -'বৈততাদান্ত্যাপন্ন ব্রহ্ম' পাওয়া

াইতেছে, পৰবৰ্ত্তী 'একমেবাদ্বিতীয়ং' এইবাক্যে বৈতাভাববন্ধ বিহিত হইতেছে। মর্থাৎ ছুই বাক্য, মিলিত হইয়া বৈত্তাদাত্ম্যাপন্নং ব্রহ্ম বৈত্তবত্তকালাবচ্ছেদেন 'ৰুতাভাবৰৎ এইরূপ শাব্দবোধ হুইবে। যদি দ্বৈতবত্তকালেই ব্ৰহ্মে বৈতাভাৰ সিদ্ধ ্ইল। তাহা হইলে অর্থাৎ ব্রহ্ম ব্যতীত সমস্ত পদার্থের মিধ্যাত্ব আসিয়া পড়িল। । एकमा बरक्करम वश्काना बरक्करम यात्रांत्र भव उत्कमा बरक्करम उरकाना वरिक्टरम চাহার অসম্বকে মিধ্যাত্ব বলা হয়। অর্থাং 'একমেবাদ্বিতীয়ং' 'নেহ নানাহস্তি কঞ্চন'নোত্র কাচন ভিদাস্তি'—ইত্যাদি শ্রুতি যৎকালে ব্রঙ্গে ধ্রৈতের প্রতিভানের চৰা বলিতেছে, তৎকালে তাহাতেই তাহার মিণ্যাত্ব বলিতেছে। এই মিশ্যা নুবাই মায়া। শ্রুতিবাক্য এইরূপে বিচার করিলে প্রত্যেক বাক্য হইতে মায়ার মস্তিত পাওয়া যাইবে। কিন্তু যাহাদের বিচার শক্তি নাই, যাহারা গুকবৎ ২০১টি ণ্টতিবাক্য উচ্চারণ করিয়া থাকে, তংহাদের সহিত এইরূপ শ্রুতি-সমন্ত্র প্রদর্শন চরা বিজয়নামাত। এতদ্ভিন্ন "মায়ামাত্রন্ত কংলেনাভিব্যক্তস্বরূপভাং" এই ঢাসহতে, "দৈবী ছেবা গুণমন্ধী মন মান্তা ছরত্যন্না" এই গীতাবাক্যে এবং মহামান্না-প্রভাবেণ সংশারস্থিতিকারিণঃ" এবংবিধ পুরাণবাক্য দারাও মান্নার মক্তিত্ব অবগত হওয়া ধায়। ''অহমজ্ঞঃ''—ইত্যাদি অমুভবও মাধার অঞ্চিত্বে ধকৃষ্ট প্রমাণ।—এই মায়ার স্বরূপ বিদিত হইলে অবৈতবাদ পরিফুট হইয়া াড়ে।

### অদৈতবাদের শ্রেষ্ঠত্ব।

পৃথিবীতে যত প্রকার ধর্মমত প্রচারিত হংলাছে, তন্মধ্যে অবৈতবাদের হান সংকাচে। সকল মতই অবৈতবাদের স্থনীতল ছারার সমাপ্রিত; সকলই মবৈতবাদের সেবার নিরত। এমন শাস্ত, পবিত্র ও উদারভাব আর কোথারও ছারা ধর্ম থেলিং এক ওজানা, শাস্ত উপাসাত"—এইরেশ প্রতিবাক্যারা যথন একমাত্র প্রকাশতাই অবগত হওয়। যার, যথন এক্ষরাতীত অন্ত পদার্থের মধ্যাম্ব জানা যার, তথন কে কাহার উপর রাগদেষ করিবে; সকলেই শাস্তভাবে চগবহুপাদনা করিবে। বেখানে ভেদ, তথার পরস্পর বিরোধ এবং উচ্চ নীচ চাব পরিলক্ষিত হয়। যদি বৈতবাদিগণের বৈতই পদার্থ-তত্ত্ব হয় এবং রিমে নিক হইতে অত্যন্ত ভিন্ন পরমেধরের দাদ্য করাই মোক হয়, ভবে আর ক্ষন কাহাকে বলে । বতদিন পরাধীনতা থাকিবে, যতদিন দাদ্য থাকিবে, হতদিন হথ শান্তি কোথার গ্লাহের। সেই মুক্তি বন্ধনের নামান্তর মাত্র।

ঁভগৰান শঙ্করাচার্য্য অনাদিকাল হইতে আগত সনাতন বৈদিক অবৈভবাদকে মণ্ডন করিয়াছেন। উপক্রম ও উপসংহারের একত প্রভৃতি ষড় বিশ্ তাৎপর্যা নিক্ষারা শ্রুডার্থ নিরূপণ করিতে হয়, সেইরূপে শ্রুডির অর্থ করিলে সকল বাকোর অবৈতে তাৎপর্য্য অতি সহজেই জ্ঞাত হওয়া যার। চুই একটি বৈত-প্ৰতিভাসক শ্ৰুতিকে দেখিয়া সমস্ত শ্ৰুতির হৈছে তাৎপৰ্যা নিৰ্ণয় কৰা হঠকাৰিত ভিন্ন আর কিছুই নহে। বৈতবাদিগণ বেদের অধিক সাহায্য না পাইয়া অবশেষে পুরাণের ধারত্ব হইয়াছেন : কিন্তু কেহই তাঁহাদের অফুকুণতা আচন্ত্রণ করেন নাই। যোগবাশিষ্ঠ রামায়ণ, অধ্যাত্মরামায়ণ, মহাভারত এবং প্রয়ায় শাস্ত্রীয় প্রায়ে বছল-পরিমাণে অবৈতবাদ পাওয়া যায়। তবে বাঁহারা হৈতকে সত্য বিবেচনা করিয়া তদমুদারে অক্সকে উণদেশ দেন, তাঁহাদিগকে আমরা লোৰ প্রদান করি না : কারণ —অবৈত অতি গংন : অকস্থাৎ লোকের বৃদ্ধিগম্য হয় না; সেই সমস্ত প্রথম অধিকারীর পক্ষে হৈতমত শ্রেয়:। বেমন বালক নির্ম্মণ নভোমগুলে তলম্পিনতাদির কল্পনা করিয়া থাকে, তদ্রুপ ভেদবাদিগণ সেই ক্ষাৰৈত পরব্রন্ধ হইতে জীব ও প্রপঞ্চের সভ্য ভেদ কল্পনা করিয়া থাকে; কিছ সেই সমস্ত লোক যদি দৈতপক্ষ গ্রহণ করিয়া, কর্মের অফুষ্ঠান করে, তাহ। হইলে এক সময়ে অধৈতের মাহাত্ম্য বুবিতে সমর্থ হইবে; বাঁহারা অধৈতবাদকে অলীক বলিতে কুষ্টিত হন না, তাঁহারা বলি বৈশেষিক, নাংখ্য প্রভৃতি হত্ত প্র্যালোচনা করেন, তাহা হইলে জানিতে পারিবেন বে. বছকাল হইতে অবৈত-বাদ চলিয়া আদিতেছে। ৰখন দেই সমস্ত হত্তে পূৰ্বপক্ষরণে অবৈত্বাদ পণ্ডিত হইরাছে, তথন ইহা বছকাল হইতে আগত, তাহার সন্দেহ নাই। কিন্তু অভ্যান্ত কোন বাদী যথন অংৰৈতবাদী নছেন, তথন পরিশেষ-প্রাপ্ত এक মতে बाामानवाकर व्यविकवामी विमार्क स्टेटन । जगवान् श्रीकृशाम সেই মতের পরিপোষক, ভগবংপাদ শঙ্করাচার্য্য তাহার বছল প্রচার করিয়া-ছেন মাত্র। এই অবৈতজ্ঞানই তত্ত্তান, ইহা মোক্ষণাভের একৰাত্র সাধন।

## মুক্তির সাধন কি ?

পূর্ব্বে শান্ত ও শান্ত্রীয় সাধনের বিষয় উপক্রাস্ত করিয়। শান্তস্বরূপ নিরূপিত ' হইয়াছে; একণে অবসরক্রমে সাধনেরবিষয় বণিত হইতেছে। তব্বজানই অবিশ্রু-নিবৃত্তির—মৃক্তির একমাত্র সাধন; কারণ জ্ঞানই অজ্ঞানের নিবর্ত্তক। লোকেও ভক্তিতে মঞ্জত্রান্তি, রজ্জুতে সর্পন্রান্তি, শুক্তি ও রজ্জুর তক্ষাম বারা নিবৃত্ত

ছটমা থাকে। বাহার সহিত বাহার বিরোধ পরিষ্ট হয়, সেই তাহার নিবর্শ্বক দেখা যায়, বেমন আলোক ও অন্ধকার। যাঁহারা কর্মবারা কিংবা কর্মসহক্রত জ্ঞানের দারা মুক্তিলাভের আশা করিয়া থাকেন, তাঁহারা একটু বিচার করিয়া দেশিলে ববিতে পারেন, ইহা নিডান্ত অসম্ভব। কারণ কর্মজন্ম ফল অনিতা; ইছলোকে ক্লব্যাদিকপঞ্জন্ত শ্ভাদি ফল যেমন অনিত্য, সেইরূপ লোকান্তরে যাগাদি অভা স্বৰ্গাদি ফল ও অনিতা হটয়া থাকে । এ বিষয়ে শ্ৰুতি স্পষ্টই বলিয়াছেন -- "তদৰপেই কৰ্মচিতো লোকঃ কীয়তে এবমেবামুত্ৰ পুণাচিতো লোক: ক্ষীয়তে" ইত্যাদি। জ্ঞান ও কর্মের সমুচ্চয়ও সম্ভব হইতে পারে না; কারণ, কর্মে বিনি অধিকারী, তিনি জ্ঞানে অধিকারী হইতে পারেন না। আত্মার ব্রাহ্মণতাদি অভিমানস্থাপন না করিলে, ক্রথনও পুরুষ ব্রাহ্মণোচিত কার্য্য করিতে সমর্থ হ'ন মা: কিন্ত যিনি জ্ঞানে অধিকারী, তিনি সেই সমস্ত ধর্ম আরোপিত জানিয়া, আত্মার বিশুদ্ধতা সম্পাদন করিয়া থাকেন। অপিচ, অধিকারী ও ফল ভিন্ন হওরার এককালে একপুরুষে যগপৎ জ্ঞান ও কর্শের স্থিতির সম্ভব নহে। বিশেষতঃ কর্ম অজ্ঞানসম্ভত এবং অজ্ঞানের বারা তাহার বৃদ্ধি হইরা থাকে; যে যাহা হইতে জাত এবং বৃদ্ধিত, সে তাহার নিবর্ত্তক হইতে পারে না। তাই বলিরা কর্মাফুগ্রান বার্থ হয় না: কর্ম চিত্তভূদ্ধি সম্পাদন-পুরংসর জ্ঞান উৎপাদন করিয়া দেয় : সেই তত্মজ্ঞান একমাত মুক্তির সাধন : ভগৰান অক্ষপাদও তদীয় দৰ্শনে "তত্তজানান নিঃশ্রেষদাধিগমঃ" এই প্রথম-স্তুত্তেই ভক্তজানকে মোক্ষদাধন বলিয়া কীর্ত্তন করিয়াছেন। ভগবান শ্রীশঙ্করা-চার্য্য এই তত্ত্বজ্ঞানের উপদেশ দিয়া মক্তির পথ প্রশন্ত করিয়া দিয়াছেন।

#### শঙ্কর-প্রাত্মর্ভাব।

কাল ক্লমে ভারতে সনাতন আর্য্যবর্ণাশ্রমণর্শের উপর বোরতর কুঠারাবাত হইল; বৌদ্ধ-জৈন-প্রমুথ নান্তিকবৃন্দ সনাতন বেদের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিয়া নবীন মত প্রচার করিতে লাগিল। পৃথিবীর প্রায় এক চতুর্থভাগ লোক সেই ধর্মে দীক্ষিত হইল। এমন কি অনেক নৃপতি সেই ধর্মে দীক্ষিত হইয়া বলপূর্বক প্রজাদিগকে সেই ধর্মাদিগকৈ দেই ধর্মাদিগক প্রদান করিলেন; তদানীং বর্ণাশ্রমধর্ম্ম বিধ্বস্ত. বেলুবিহিত কর্মান্থভান বিলুপ্ত এবং সদাচার তিরোহিত হইতে লাগিল। কেবল ব্যাহ্মণগণ সনাতন বর্ণাশ্রমধর্মের ক্ষমার ক্ষন্ত লোকালর পরিত্যাগপূর্বক প্রদিনে, গহন বিশিনে, পর্বতক্ষরে অবস্থান করিতে লাগিলেন। কেইই তাহাদের

আনেলবেগের সম্মুথে দাঁড়াইতে সমর্থ হইলেন না। তথন আর ভগবান স্থির থাকিতে পারিলেন না : তাঁহার হৃদরে অধর্মের ঘোরতর প্রতিঘাত হইতে লাগিল। তিনি যে—"বদা যদাহি ধর্মস্ত গ্লানির্ভবতি ভারত। অত্যথানমধর্মস্ত তদাত্মানং স্কাম্যহম ॥ পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ হুদ্ধতাম । স্কুর্মানংস্থাপ-নার্থার সম্ভবামি যুগে যুগে ॥" এই প্রতিজ্ঞা করিয়াছিলেন, তথন তাহা স্মৃতি-পথে সমারত হইল। অবিলয়ে দাকিণাত্য কেরলদেশ নিজ জন্মহারা অলঙ্কত कविरागत। रचात्र व्यमानिभात मरशा रधन खेषात्र कोशास्त्राक राज्या मिल। १५०६-পক্ষীয় শশধরের ভায়ে বালক দিন দিন বন্ধিত হইতে লাগিল। বদনমগুলে যেন মুক্তিমতী প্রতিভা লীলা করিতে লাগিল; অন্নকাল মধ্যেই বালক বেদাদিবিস্থায় পারদর্শী হইলেন। কিন্তু তাঁহার সংসারের প্রতি সাতিশ্র বৈরাগ্য জন্মিল: তিনি সর্বাদার সংসারের অনিতাতা দর্শন করিতে লাগিলেন। অবশেষে সন্ন্যাসাশ্রম গ্রহণই তাঁহার জীবনের একমাত্র লক্ষ্য হইল। কিন্তু তিনি দেখিলেন,—তাঁহার বিধবা জননী সন্নাদের পরিপন্তিনী। তথন তিনি এক উপায় অবলম্বন করিয়া জননীর অনুমতি লইরা সর্বোত্তম সন্ন্যাসধর্ম গ্রহণ করিলেন। যগুপি "যদহরেব বিরজ্যেৎ তদহরেব প্রব্রেজ্বং" এই শ্রুতিঘারা তীব্রবৈরাগ্যশালী পুরুষ কাহারও অপেকা না করিয়া তৎক্ষণাৎ সল্লাসগ্রহণ করিবেন, যদি চ ভপবৎপাদ ইহা অবগত ছিলেন, তথাপি তিনি লোকশিক্ষার জন্ত মাতার আদেশ প্রতিপালন করিয়াই সন্নাদগ্রহণ করিলেন। জগতে পিতামাতার ভার গুরু আর কেহ नाहे, हेहा अनुन्तानी निगटक निका निवात अग्रहे जिन এই क्रथ तीजि अवनयन করিয়াছিলেন।

অনস্তর ভগবান্ শহরাচার্য্য গোবিন্দপাদের নিকট শিষ্যত্ব স্থাক।র করিয়া গুরুলন বিস্থার প্রকর্ম প্রদান করিলেন এবং গুরুর পূরা ও সেবা করিয়া সকলকে তাহা শিক্ষা দিলেন। তাহার পর তিনি ৮কাশীধানে অবস্থান করিয়া শিষ্যদিগকে বেদান্তের উপদেশ প্রদান করিয়াছেন। এইরপে তিনি উপনিষদ্ভাষ্য, ব্রহ্মস্বভাষ্য ও গীতাভাষ্য এবং নানাবিধ গ্রন্থ রচনা করিয়া বেদান্তের মুখ্য তাৎপর্য্য জনগণসমীপে প্রকটিত করিয়াছেন। যে সনাতন বর্ণাশ্রমধর্ম্ম একদা বৌদ্ধবিধ্ব মলিনভাব ধারণ করিয়াছিল, এমন কি সনাতন আর্যাধর্মের নাম সুপ্তপ্রায় হইয়াছিল, এ হেন ত্রংসময়ে ভগবান্ শহরাচার্য্য আবিভূতি হইয়া কুমারিকা হইতে হিমালি পর্যান্ত সমগ্র ভূখও বর্ণাশ্রমধর্ম্মের ভূম্প্ভিনাদে মুখ্রিত করিলেন। ভারতের চারিপ্রায়েও ত্রগ্রহ্মণ চারিটি মঠ সংগ্রাপন পুর্ব্ধক স্বয়ং

শৃক্ষেরীমঠে অবস্থানপূর্ব্বক প্রধান প্রধান শিষাগণকে অন্ত মঠে স্থাপন করিলেন। বেখানে বৌদ্ধগণ বৃদ্ধনলির নির্মাণ করিয়া বৌদ্ধধর্মের প্রভাব বিস্তার করিয়াছিলেন, ভগবৎপাদ সেইস্থানে বিষ্ণুমন্দির কিংবা শিবমন্দির প্রভিষ্ঠা করিয়া বর্ণাশ্রমধর্মের স্তম্ভরোপণ করিলেন এংং ঘোরতর তর্কমৃত্তি ও শাস্ত্রবলে নাস্তিকদিগের দর্পচূর্ণ করিলেন।

যে মহাত্মা এইরূপ ভীষ<sup>্</sup> সময়ে প্রাতৃত্তি হইয়া তুর্দ্দ**াগ্রন্ত সুবিম**ল . আর্যাধর্ম-শশাঙ্ককে বৌদ্ধবৈদ্যাল্য করালবদন হইতে মুক্ত করিয়াছেন, যিনি শ্রুতির যথার্থ তাৎপর্য্য প্রকাশিত করিয়া লোকের মক্তিমার্গ প্রাশস্ত করিয়া দিয়াছেন, যিনি গুরুশিযাভাব, পঞ্চদেবতার উপাসনা প্রভৃতির পুনরায় প্রচার করিয়াছেন, দেই মহাত্মা কোন ব্যক্তির না পুঞা ? কিন্তু কোন কোন আধুনিক গ্রন্থকার বা তদমুসারী ব্যক্তিগণ সেই ভগবংপাদের উপর নানাবিধ দোষ অর্পণ করিয়া থাকে: এমন কি ভগবৎপাদের উপর বিষম কটাক্ষপাত করিতেও কুঠিত হয় না। আমরা দেই সমস্ত লোকের সাহস দেখিয়া বিশ্বিত হই। অবশ্র মহাজনের সহিত বিরোধও বাঞ্জনীয়: কিন্তু যাহারা প্রকৃত তত্ত্বের অপলাপ করিয়া নিজের প্রতি,ার জন্ম কষ্টকল্পনা দারা শাল্পের অন্যন্ত্রপ ব্যাখ্যা দ্বারা সাধুপ্রকৃতি জনগণের জ্নুমে বিবিধ সন্দেহ উপস্থাপিত করে এবং লোককে প্রক্রতমার্গ হইতে অসংপথে চালিত করে, তাহারা যে সমালদ্রোহী ও ধর্ম-দ্রোহী, তাহাতে কিছুমাত্রও সন্দেহ নাই। কেবল তর্কযুক্তিকে আশ্রয় করিয়া বস্তু নিরূপণ করা যায় না; আজা যে তার্কিক তর্কবলে একটি পদার্থ স্থির করিলেন এবং তাহাই অভান্ত বলিয়া ঘোষণা করিলেন, আর কিছুদিন পরে তদপেক্ষা অপর বলবান তার্কিক তাহার খণ্ডন করিলেন। এইরূপে কেবল তর্কবলে কোন পদার্থ নির্ণীত হয় না, বরং অনবস্থা চলিয়া ধায়। তজ্জন্ত ভগবান শঙ্করাচার্য্য গভীর গবেষণা খারা স্থির করিলেন,—তর্কের যথন একত্ত অবস্থিতি নাই, তথন তাহাকেই একমাত্র প্রমাণ না বলিয়া, যাহা অপৌক্ষেয় অভ্ৰান্ত, যাহাতে ভ্ৰান্তি, প্ৰমাদ প্ৰভৃতি পুৰুষদোৰ লেশমাত্ৰও স্পৰ্শ করে নাই. এবংবিধ আগুবাক্যকে প্রকৃষ্ট প্রমাণ বলা ঘাইতে পারে। বিশেষতঃ অলোকিক বিষয়ে প্রত্যক্ষ ও অনুমানের প্রসার নাই, একমাত্র আপ্রবাক্য তথায় সফলতা লাভ করে। সেই আগুবাকা—বেদ। বেদামুসারী বলিয়া ঋষিগণের বাক্যকে আপ্তবাক্য বলা হইয়া থাকে। এই আলৌকিক তত্ত্ব একমাত্র বেদ দারা অধিগত হওয়া যায়, তর্ক তাহার সহায়তা করে মাত্র। প্রমাণ,--আগম

—বেদবেদান্ত; তর্ক তাহার ইতিকর্ত্তব্যতাস্থানীর। অবলম্বনীর প্রমাণের অভাব হইলে, তর্ক কোথার আশ্রম লাভ করিবে ? এইজ্য়ই তিনি অপৌক্ষরের বেদের আশ্রম গ্রহণ করিয়াছেন এবং সেই বেদের ষথার্থ তাৎপর্যা নির্ণয় করিয়া, মানবহৃদরের অজ্ঞান দূর করিয়া দিয়াছেন। ভগবান শঙ্করাচার্য্য বেমন বৃদ্ধিমান ব্যক্তিগণের জন্ম ভাষ্যাদি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন, সেইরূপ স্বয়্রধী ব্যক্তি থাহাতে অল্প্রথম্বাসে সম্প্র বেদাস্তের অভিপ্রায় বৃদ্ধিতে পারে, তজ্জ্ঞ্ম তিনি সরলভাবে অনেক গ্রন্থ রচনা করিয়াছেন, তন্মধ্যে এই প্রস্থধানি বিশেষ রূপে উল্লেখযোগ্য।

#### এই গ্রন্থখানি শঙ্কর-কৃত।

এই "সর্ববেদান্ত সিদ্ধান্ত সার্বার সংগ্রহ"-নামক গ্রছখানি প্রীশন্ধরাচার্য্যকৃত গ্রাছ্ব সম্হের মধ্যে অন্ততম উপাদের গ্রন্থ। এই গ্রন্থে ভগবংপাদ বেদান্তের প্রায় যাবতীয় সিদ্ধান্ত সংক্ষিপ্ত অথচ সরলভাবে বিবৃত করিয়াছেন। জিজ্ঞান্ত সরল-বিশ্বাসী মানব কেবল এই একখানি গ্রন্থের সাহায্যে বেদান্তের অনেক বিষয় অবগত হইতে সমর্থ হইবেন। ইহাতে বিষয়গুলি অতি পরিপাটীরূপে বথাক্রমে উপাক্তর হইরাছে। মঙ্গলাচরণের পর সাধন-চতুইন্নের বিষয় উল্লেখিত হইরাছে, কাম্বের স্বরূপ বর্ণন পূর্বক যমের সহিত তাহার তুলনা করিয়া, যমের অপেকা কাম্বের অর্কা প্রদিশিত হইরাছে। অনস্তর সম্বন্ধত্যাগই বে কামবিজ্ঞান্তর একমাত্র উপার, তাহা বিশেবরূপে নিরূপিত হইরাছে। লোকে ধনের উপার অত্যক্ত অন্তর্বক্ত হইরা তাহাকেই সারভূত বস্তু বিবেচনা করে; এই গ্রন্থে ভগবৎপাদ সেই ধনে বৈরাগ্যোৎপাদনের জন্ম তাহার দোষ উদ্বাটিত করিয়াছেন। তত্তত্য একটি স্বোক্ত এথানে উদ্ধৃত হইল—

রাজ্ঞো ভরং চৌরভরং প্রমাণাদ্ ভরং তথা জ্ঞাতি ভরঞ্চ বস্ততঃ। ধনং ভরগ্রস্তমনর্থমূলং যতঃ সতাং তর স্থথার করতে॥

তাহার পর বৈরাণ্যের ফল বর্ণন পূর্বক শম দম প্রভৃতির স্বরূপ বর্ণন করিয়াছেন, সাধন চতুষ্টরের অন্তর্গত উপরতি-শস্ববাচ্য সন্ত্যাস তাহার অক্সতম; ইহাতে সন্ত্যাসের স্বরূপ উত্তমরূপে প্রতিপাদিত হইয়াছে এই সমস্ত সাধন নির্ণয় করিয়া নস্ততঃ ব্রন্ধ ব্যতীত সমস্ত পদার্থ মিধ্যা,—রক্জুতে সর্পের স্থায় অধ্যস্ত,—

ৰাত্তৰিক পক্ষে তাহাদের আর পুথক সন্তা নাই. ইছা নিরূপিত হইরাচে। প্রত্যক্ষ প্রমাণের সহিত শ্রুতির বিরোধ ঘটিলে, শ্রুতিই বলবতী ইহা প্রদর্শিত হইয়াছে ৷ তাহার পর আ্আা ও অনাত্মার অবিবেক্ট ভ্রান্তির কারণ : অ্জানের মৃদকারণত্ব এবং অজ্ঞানের অক্টিত্বে শ্রুতি, যুক্তি ও অঞ্ভব প্রভৃতি কারণ, তাহা নিরূপিত হইয়াছে। জীব, ঈশ্বর ও ব্রন্ধের স্বরূপ নির্ণয় করিয়া প্রব্রন্ধে অধ্যস্ত ভতসমূহ, ইন্দ্রিয়বর্গ, লিঙ্গণরীর, অন্তঃকরণ ও পঞ্চকোশ প্রভৃতির স্থান্ত সম্যক্রপে বিবেচিত হইয়াছে। আত্মজ্ঞানই মুক্তির কারণ ইহা প্রদর্শন পূর্বক বাদিগণের অভিমত আত্মস্বরূপ দেথাইয়া যুক্তি ও শ্রুতি ছারা তাহা থণ্ডিত হইরাছে। অনস্তর আঝার আনন্দস্তরপতা, আয়ভিন্ন পদার্থের স্তথ্যস্তানিরাস এবং আত্মার অধিতীয়ত্ব নিরূপণ করিয়াছেন। তাহার প্র 'তত্তমনি'— বাক্যে তৎ ও হং পদার্থের নিরূপণ করিয়া লক্ষার্থ নিরুপণ করিয়াছেন এবং অথগুার্থে বেদান্তের তাৎপর্য্য প্রদর্শন করিয়া অথগুর্গু কি তাচা দেখাইয়াছেন। সনস্তর অধিকারি-নিরূপণ, শ্রবণ, মনন, নিদিখ্যাসন ও সমাধির স্বক্প নিরূপণ করিয়া অস্তাঙ্গধোগের স্বরূপ বর্ণনা করিয়াছেন এবং পরিশেষে ফ্রানের মুক্তি-হেতত প্রদর্শন করিয়া জ্ঞানের অবস্থা প্রদর্শন করিয়াছেন। এই-রূপে অতি সংক্ষেপে অতি সরল ভাষায় সমস্ত বিষয় গুরুশিয়া-সংবাদচ্ছলে অতি উত্তমরূপে প্রতিপাদিত হইয়াছে। ইহার রচনার পারিপাট্য এবং লেথার কৌশল দেখিলে চমৎক্রত হইতে হয়। শ্লোকগুলি সহজ্ব কাব্যের আয়ে আহতি মধুর। এই স্থল্পর গ্রন্থথানি আয়ত্ত করিয়া রাখিলে বেদাস্তের প্রায় সমস্ত বিষয়ের বর্ণনা করিবার সামর্থা জন্মে।

কিন্তু কেহ কেহ এই উপাদের গ্রন্থখনিকে শঙ্কর-প্রণীত বলিতে প্রস্তুত নহেন। তাঁহারা বলেন,—এই গ্রন্থে যেরপ শ্লোক দেখা বার, তাহা আধুনিক বলিয়া বোধ হর। অপিচ যে সমস্ত সিদ্ধান্ত তৎকালে ফুটভাবে প্রকাশিত হয় নাই, তাহা ইহাতে বিশদভাবে বর্ণিত আছে। যদি শঙ্করাচার্য্য স্বর্গুই এই সমস্ত সিদ্ধান্ত ব্যক্ত করিয়া দিয়া থাকিবেন, তবে তাহা লইয়া পরবর্ত্তী আচার্য্যগণের বিপ্রতিপত্তি উপস্থিত হইবেই বা কেন? এতন্তির এ প্রস্থধানির রচনা শঙ্করাচার্য্য ক্রত অক্তান্ত গ্রন্থের রচনা হইতে সম্পূর্ণ ভিন্ন। তাঁহারা এবংবিধ যুক্তিবলে এই গ্রন্থখনি শঙ্কর-প্রণীত বলিতে সক্ষত নহেন। ইহার উদ্ভরে আময়৯ বলি,— এ পুত্তকথানিতে বেরপ স্কল্পরভাবে বেদান্তের বিষয়গুলি সন্ধিব হইয়াছে এবং সরলভাবে স্কলর শ্লোকে লিখিত হইয়াছে, তাহাত্তে এই

গ্রন্থথানি একজন বিশিষ্ট অভিজ্ঞবাক্তির রচিত বলিয়া বোধ হয়। বিশেষরূপে প্রীক্ষা করিয়া দেখিলে জানিতে পারা যায় যে, শঙ্করের অক্সান্ত গ্রন্থের সহিত ইহার অনেকাংশে দাদৃশ্য আছে। শঙ্করের সমস্ত গ্রন্থের ভাষা অতি পরিপাঁটী এবং কাব্যের রচনা অপেক্ষা মধুর; তাই বলিয়া আধুনিক বলা চলে না। পর-বল্লী আচার্য্যণ শহরের এক একটি বাক্য উদ্ভ করিয়া ইহাই শহরের মত বলিয়া বোষণা করিয়াছেন, এই কারণে যে তৎকালে এই গ্রন্থ ছিল না, ইছা বলার কি যুক্তি আছে ? অপিচ শৃঙ্গেরী মঠ ভগবান শঙ্করাচার্য্যের প্রধান মঠ ; তথায় তিনি অবস্থান করত এই সমস্ত গ্রন্থ শিষ্যদিগকে পড়াইতেন, অবিচ্ছিন্ন-ভাবে সম্প্রদায় পরম্পরায় যে গ্রন্থ চলিয়া আসিতেছে, তাহা উপেক্ষা করিয়া ধাহা কিছু প্রতিপাদন করিবার কি কারণ বিগুমান আছে ? ভৃতপূর্ব্ব শৃঙ্গেরী মঠের শঙ্করক্ষামী একজন প্রমধোগী ও গভীর পণ্ডিত ছিলেন, বিষয়বাসনা তাঁহার ক্রদয়ে বিন্দমাত্রও ছিল না। যাঁহারা সেই মহাত্মাকে একবার দর্শন করিয়াছেন. জাঁচারা বুঝিয়াছেন যেন শঙ্কর পুনগায় ভূমিতলে অবতীর্ণ হইয়াছেন। সেই মহাত্মার তত্ত্বাবধানে শক্ষেরী মঠ হইতে যে শক্ষরগ্রন্থ সমূহ প্রকাশিত হইয়াছে তন্মধ্যে এই গ্রন্থগনিও সন্নিবেশিত হটয়াছে : যদি এইগ্রন্থ শঙ্করপ্রণীত না হইত. তাহা হইলে প্রমযোগী জ্ঞানিশ্রেষ্ঠ স্থপীপ্রবর শৃঙ্গেতীমঠ-স্বামী অপরের পুস্তক শঙ্করপ্রণীত গ্রন্থনিচয়ের মধ্যে সন্নিবেশিত কেন করিবেন ? এই গ্রন্থণীন শঙ্করের না হইলেও কি তাঁহার গৌরবের কিছুমাত্র হানি হইত ? অপিচ, অপের কোন ব্যক্তি এইরূপ একথানি উৎক্লষ্ট গ্রন্থ রচনা করিয়া স্বীয় নাম গোপন পূর্ব্বক অপুরের নামে প্রকাশ করিবেন বা কেন 🤊 তিনিই একমাত্র এই গ্রন্থণানি রচনা ক্রিয়া স্বধীসমাজে স্প্রবিচিত হইতে পারিতেন। এতদিন বঙ্গদেশে এ গ্রন্থথানির ্প্রচার ছিল না; কেহই এগ্রন্থবিষয়ে সংবাদ রাথেন না; ধাঁহারা কেবল প্রচার না দেখিয়াই-এই গ্রন্থ শঙ্করের নহে, ইহা বলিয়া থাকেন, বস্তুতঃ তাঁহাদের অমুক্লে যুক্তি নাই। ভগবংপাদক্কত গ্রন্থসমূহ পাঠ করিলৈ জানিতে পারা যায় যে.- ধাঁহারা বিচার-সমর্থ এবং স্থবৃদ্ধি তাঁহাদের পক্ষে উপনিষদ-ভাষ্য, ত্রহ্মস্ত্র-ভাষা ও গীতাভাষ্য বিশেষ উপযোগী, কিন্তু যাঁহারা সেই সমস্ত গ্রন্থ অধ্যয়ন করিতে অসমর্থ, তাঁহাদের পক্ষে "সর্কবেদান্তদিদ্ধান্তসার-সংগ্রহ" ক্রভৃতি গ্রন্থ বিশেষ কার্য্যকারী হইবে, এই অভিপ্রায়ে তিনি দ্বিবিধ গ্রন্থ রচনা করিয়াছেন। বাঁহারা শক্তিশালী পুরুষ, তাঁহারা লোকহিতের জন্ম নানাবিধ রচনাঁ করিতে পারেন তাই বলিয়া এএছ অপর-ও ণীত ইহা বলার অকীয় অসামর্থ্যেরই পরিচা দেওয়া হয়। এ সমস্ত দৃঢ় প্রমাণ থাকিতে কেছ যদি ইছা শঙ্করক্ত বলিতে আপত্তি করেন, তাহা ছইলে আমরা তাঁহাদের আগ্রহের জন্ত 'তথাস্ক' বলিতে প্রস্তুত আছি। এ গ্রন্থের রচয়িতা যিনি হউন না কেন, ইহাতে বেদান্তের বিষয় যেয়প স্থানর ও সরল ভাবে বিবৃত আছে, তাহাতে পাঠকগণ অবশু ''নমু বক্তৃ-বিশেষ-নিঃস্ট্রা গুণগৃহা বচনে বিপশ্চিতঃ'' এই নীতির অমুসরণ করিয়া ইহার সমাদর করিবেন; সন্দেহ নাই।

### পুস্তকের আদর্শ।

আমরা এই পুস্তকের অনুবাদে ছইখানি মুদ্রিত পুস্তকের সাহায্য লাভ করিয়াছি। তন্মধ্যে একখানি প্রীরক্ষম বাণীবিলাস প্রেস্ হইতে মুদ্রিত, অপর খানি মহীশুর ওরিএণ্টাল লাইব্রেরি হইতে প্রকাশিত। আমরা উল্লিখিত উভয় পুস্তকেরই সাহায্য পাইয়াছি; তথাপি প্রথমোক্ত পুস্তকথানির বিশেষক্রপ অনুসর্ব করিয়াছি। কারণ উক্ত পুস্তক থানি শৃল্পেরী মঠের আমীজী মহারাজ্যের তত্মাবধানে প্রকাশিত হইয়াছে। তথাপি অনেক শ্লোক মূল হস্তলিখিত পুস্তক হইতে ষ্থায়ধভাবে উদ্ভূত হইয়াছে। তথাপি অনেক শ্লোক মূল হস্তলিখিত পুস্তক হইতে ষ্থায়ধভাবে উদ্ভূত হইয়াছে বলিয়া বোধহয় না; কারব অনেক শ্লোকের অর্থে কন্ত কর্না করিতে হইয়াছে। উভয় পুস্তকের পাঠ দেখিয়া যতদুর সম্ভব, সমীচীন পাঠ সংযোজিত হইয়াছে।

### অনুবাদকের পরিচয়।

কলিকা ১। সংস্কৃত কলেজের প্রধান ধর্মশান্ত্রাধ্যাপক পরম শ্রন্ধের পণ্ডিত মহামহোপাধ্যার শ্রীষ্ট্রক প্রনথনাথ তর্কভূষণ মহাশয় প্রথমে এই প্রকের অহবাদের ভার গ্রহণ করেন; কিয়দংশের অহ্বাদ করিয়া তিনি পীড়িত হ'ন; পরে তাঁহারই ইচ্ছাহ্লসারে লোটাস্লাইত্রেরীর স্বত্ত্বাধিকারী ও অধ্যক্ষ শ্রীষ্ট্রক বারু অনিলচন্দ্র দত্ত মহাশয় আমারই উপর এই কার্য্যের ভার অর্পণ করেন। যদিও আংশিক ভাবেগ্রন্থায়ের আমার বিন্দুমাত্রও প্রবৃত্তি ছিল না, তথাপি অনিলবাবুর কার্য্য বলিয়া এ ভার গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলাম। তর্কভূষণ মহাশয় লব্ধ প্রতিষ্ঠ পণ্ডিত; যদিও তাঁহার অহ্বাদের সহিত আমার অহ্বাদের সামঞ্জন্ত থাকিতে পারে না, তথাপি মাদৃশ ক্ষুদ্র ব্যক্তির এই নবীন উৎসাহের প্রতি পাঠকগণের কিঞ্চিয়াত্র দৃষ্টিপাত্র হইলে, এই দীন লেখক পাঠকবর্গের হত্তে আরও অনেক গ্রন্থ করিতে সমর্থ হইবে। এই গ্রন্থে স্বর্গমমেত ১০০৬টী শ্লোক আছে;

ভন্মধ্য ২৭২টি শ্লোকের অমুবাদক তর্কভূষণ মহাশর; অবশিষ্ট শ্লোকের অমুবাদ আমাকেই করিতে হইরাছে। আক্ষরিক অমুবাদ করিতে গিলা অনেক গলে ভাষার পারিপাট্য রক্ষিত হয় নাই। অনেক পারিভাষিক শব্দের প্রতিশক্ষ্
দিবার চেষ্টা করা হইয়াছে; কিন্তু সকলন্তলে অর্থ পরিক্ষৃতি না হইতেও পারে।
আমার এই প্রথম অমুবাদে ক্রটি থাকিবারই বিশেষ সম্ভাবনা; পাঠকবর্গ
নিরপেক্ষ ভাবে বিচার করিয়া, ইহার দোষগুণ আমাকে জানাইলে ক্কভার্থ
হইব।

#### প্রকাশকের পরিচয়।

লোটাদ্ লাইবেরীর স্বত্বাধিকারী ও অধ্যক্ষ শ্রীষ্ক্র বাবু অনিলচন্দ্র দন্ত
মহালয় বিশেষ পরিশ্রমের সহিত এই সমস্ত শাস্ত্রীয় গ্রন্থের প্রচারে বন্ধপরিকর
হইয়াছেন। তাঁহার এইরূপ উদ্ধান বে সাতিশয় প্রশংসার বিষয়, তদ্বিরে সন্দেহ
নাই। যে সমস্ত গ্রন্থ বঙ্গভাষায় এইরূপ ভাবে প্রকাশিত হয় নাই, অনিল বাবু
সেই সমস্ত গ্রন্থ সাধারণের স্থপাঠ্য করিয়া দিতেছেন। ভগবানের নিকট
প্রার্থনা করি, এবং কায়মনোবাক্যে আশীর্কাদ করি, শ্রীযুক্ত অনিলবাবু
দীর্ঘনীবন লাভ করিয়া দেশের ও সমাজের অশেষবিধ কল্যাণ সাধ্য
কর্পন ইতি।

কলিকাতা ৰীঅক্ষরুমার শর্মা,

# বিষয়-সূচী i

वेषत्र ।		पृष्ठी ।	विषय ।		र्शि।
দ্ <b>হ</b> বন্ধ-চ <b>তু</b> ষ্টয় <b>ষ্</b>	•••	8	<b>मृम्कु</b> ञम्	•••	66
<b>াধন-চভূষ্টয়</b> শ্	•••	· 9	न्यः	•••	**
ন্ত্যানিত্যবস্তবিবেক:	•••	۲	তিতি <b>ক</b> ।	•••	44
ারক্তি:	•••	>>	मन्त्रामः	•••	16
গম-দোষঃ		₹ @	শ্ৰদা	•••	>.>
ামবিজয়োপায়:		೨೨	চিত্তসমাধানম্	•••	>•8
न्दांगः		৩৬	<b>बूम्</b> क्षम्	•••	7.4
ারক্তি-ফলোপদংহার:	•••	8.9	আন্মানান্মবিবেক:	•••	787
মাদিসাধন-নিক্লপণম্	•••	8>	অধ্যারোপঃ	***	>84
ম:		82	অজ্ঞানম্	•••	>80
নঃ প্ৰসাদ-সাধনম্	•••	63	ञेचतः	•••	584,
<b>क</b> ठर्याम्	***	¢8	প্রত্যগাস্থা	***	>6.
<b>হিংসা</b>	•••	ee	<b>अ</b> ोवः	•••	>6>
<b>ক্ষ্যম্</b>	•••	64	জগৎসর্গ:	•••	>68
গাচম্	•••	49	ভূতানি	•••	>69
B:	•••	•	<b>लिक्रभंद्रीद्रम्</b>	•••	ser
তাষ্	•••	¢ъ	थे। <b>टि</b> शाणि	***	696
শ্ৰহতা		14	অন্ত:করণম্	•••	>69
।र्शम्	•••	۵)	বিজ্ঞানময়-কোশ:	•••	340
ভিমান-বিস্জ্রন্ম্	•••	45	মনোময় কোশ:	•••	>46
<b>।</b> ब-धानम्	•••	4.	চিক্তপ্রসাদঃ	•••	>9.
দ্বিৎসহ্বাসঃ	•••	••	সম্বর্দ্ধি-হেডুঃ	*** ,	>90
नि-निक्र	•••	+>	প্ৰাণমৰ-কোশ:	•••	>9€
<b>। च</b> म्	•••	45	সূলপ্ৰপঞ্চ:	•••	>>0
নানাসক্তি:	•••	95	পঞ্চীকরণম্	•••	240
rin Same			COUNTY ON AND A		

विषद् ।	পৃষ্ঠা।	विषय ।		र्श्वी ।
ইব্রিয়-সামর্থাম · · ·	742	দৃশ্রাহবিদ-সবিকর:	•••	ot t
हेक्सिमाधिरेषवणानि	181	জ্ঞাননিষ্ঠায়াং কর্মান্থপং	াগঃ	<b>36</b> C
ব্ৰহ্মণ্ড-সৃষ্টিঃ	229	নিৰ্বিত্ৰ কল্প-সমাধিঃ	•••	৩৭৩
চতুর্বিবধন্দস্তবঃ	666	বাহ্যসমাধি-প্রকার:	•••	996
আ্বা-নিরপণম্ ···	₹•9	প্রমাদত্যাপঃ	•••	<b>%</b>
শজ্ঞান-নিবর্ত্তকম্ ···	২৩•	ৰোগ:	•••	৩৮৮
পুত্ৰাস্থবাদ:	२७8 .	অষ্টাবঙ্গানি	•••	<b>SP2</b>
দেহাত্মবাদ:	२७५	শিষ্যশ্ৰ স্বামূভবঃ	•••	०८०
रेक्टिश्रायानः	₹8•	<b>জানভূমিকালকণ</b> ম্	•••	9>>
প্রাণাম্বাদ:	₹8₹	<b>ও</b> ভেচ্চা	•••	8••
भन-व्याद्यवीमः ···	₹88	বিচারণা	•••	8.0
वृक्षां अवीषः	₹89	জন্মানদী -	•••	8+>
ञ्चानाञ्चतामः	485	সন্বাপত্তিঃ	•••	8 • >
	₹€₹	সং <b>শ</b> ক্তিনামিকা	•••	8•\$
জানাজানাঝ্ৰাদ:	₹€0	পদাৰ্থাভাৰনা	•••	8∙₹
শ্ভাত্মবাদ:	240	ভূৰ্যাগা	•••	8•0
শ্স্তবাদ-নিরাসঃ	299	ৰা গ্ৰন্থা গ্ৰ <b>ু</b>		8 • •
আত্মন আনন্দছ-নিরূপণম্…	राग श्रुष्टर	ক্রাগৎস্থপ্রঃ	***	8 • 8
আত্মান্তস্ত কুথরপদ-নিরাসঃ	25¢	জাগ্ৰৎস্থ থিঃ		8 • 8
আপুনোহাৰতাসম্ব	v. 4	স্থপ্ত কাগ্ৰং	•••	8•¢
তত্ত্বংপদার্থঃ · · ·	903	<b>खश्चश्रः</b>	•••	8 • <b>¢</b>
ज् <b>र</b> शमार्थः	ر دون	শুগুন্থী:	•••	8 • 6
वांठार्थ-विद्यांधः	959	সুবিজাগ্ৰ		8•5
লক্ষ্যার্থ-নিরূপণম্ · · ·		মুপ্তিশান		8•1
অধ্তার্থ:	৩২৭ ৩৪৩	মুধিমুখিঃ	•••	8•9
অধিকারিনিরপণম্ …		ভূৰ্যাখ্যা		8.4
अवनामि-निक्रभनम् '''	985	বিদেহমূকি:	•••	87+
সবিকর-সমাধিঃ •••	965	। स्थार ह्या ७ ०	•	
निर्सिक ब्र-नमाधिः	<b>०६</b> २			

# শর্ব্ববেদান্ত-সিদ্ধান্ত-সার-সংগ্রহঃ।

- SAKE:

## মঙ্গলাচরণম্–

অথণ্ডানন্দ-সন্দোহো # বন্দনাদ্ যস্ত জায়তে। গোবিন্দং তমহং বন্দে চিদানন্দতমুং গুরুম্॥ ১

অথ্য়। যশু ( যাহার ) বন্দনাং (উপাসনা দ্বারা ) অথণ্ডানন্দসম্বোধঃ ( অপরিচ্ছিন্ন স্থথের সাক্ষাংকার ) জায়তে ( ইইরা থাকে ) চিদানন্দতমুং ( চৈতন্তু ও আনন্দের মৃত্তিস্বরূপ ) তং ( সেই ) গোবিন্দং ( গোবিন্দনামক ) শুরুং ( শুরুকে ) অহং ( আমি ) বন্দে ( বন্দনা করিতেছি ) ॥ ১

অনুবাদ। বাঁহার উপাসনা করিলে অবিনশ্বর স্থথের অনুভব হয়, চৈতন্য ও আনন্দের বিগ্রহস্বরূপ সেই গোবিন্দ-নামক গুরুকে আমি বন্দনা করিতেছি॥ ১

> অথওং সচ্চিদানন্দমবাঙ্মনসগোচরম্। আত্মানমখিলাধারমাশ্রয়ে হভীষ্টসিদ্ধয়ে॥ ২

অন্থয়। অথগুং (অবিনাশী) সচিচদানন্দং (সং চিৎ ও আনন্দস্বরূপ) অবাত্মনসগোচরং (বাক্য ও মনের অতীত) অথিলাধারং (বিশ্বের আশ্রয়) মাত্মানং (আত্মাকে) অভীষ্টসিদ্ধয়ে (অভীষ্টসিদ্ধির জন্ম) আশ্রয়ে (আমি মাশ্রম করিতেছি)॥ ২

অনুবাদ। যাঁহার বিনাশ নাই, যিনি পরমার্থসৎ, যিনি জ্ঞান-ধরূপ ও আনন্দ এবং যিনি চরাচর প্রপঞ্চের আশ্রয়, সেই ব্রহ্মকে মামি সাশ্রয় করিতেছি, সেই ব্রহ্ম বাক্য এবং মনের অগোচর ॥ ২

অথগ্রানন্দ-সংবোধ: ইতি বা পাঠঃ।

## যদালম্বো দরং হস্তি সতাং প্রভ্যুহসম্ভবম্। তদালম্বে দয়ালম্বং: লম্বোদর-পদামুজম্॥ ৩

শ্বরা। যদালম্বঃ (যাহার অবলম্বন) সতাং (সজ্জনগণের) প্রভাহসম্ভবং (বিন্ন হইতে সমুৎপন্ন) দরং (ভয়কে) হস্তি (হনন করিয়া থাকে) তৎ (সেই) দ্যালম্বং (করুণার আধার) লম্বোদর-পদায়ুজং (গণেশের চরণ-পদ্মকে) আলম্বে (আমি অবলম্বন করিতেছি)॥ ৩

অনুবাদ। যাঁহাকে অবলম্বন করিলে, সজ্জনগণের বিদ্ন হইতে সমুৎপন্ন ভয়ের নিবৃত্তি হয়, করুণার আধার সেই গণেশ-পাদপদ্মকে আমি অবলম্বন করিতেছি॥ ৩

> অর্থতোহপ্যদ্বয়ানন্দমতীত-দ্বৈত-লক্ষণম্। আত্মারামমহং বন্দে ঐাগুরুং শিব-বিগ্রহম্॥ ৪

অব্বয়। অর্থতঃ (বাস্তব পক্ষে) অপি (ও) অন্বয়ানদং (বৈতবর্জ্জিত আনদ-শ্বরূপ) অতীত-দ্বৈত-লক্ষণম্ (অবিচ্ছাবিনিক্ষুক্তি) আস্থারামং (একমাত্র আন্থাতেই অন্বয়ক্ত) শিববিগ্রহং (সাক্ষাৎ শিবস্বরূপ) শ্রীপ্তরুং (গ্রীপ্তরুদেবকে) অহং (আমি) বন্দে (বন্দনা করিতেছি)॥ ৪

অনুবাদ। নামেও যিনি অন্বয়ানন্দ অথচ অর্থতঃও যিনি দ্বৈতভাব-বৰ্জ্জিত, আনন্দময় অবিচ্ছা হইতে বিনির্ম্মুক্ত সাক্ষাৎ শিবমূর্ত্তিধারী আত্মমাত্রানুরক্ত দেই শ্রীগুরুদেবকে আমি বন্দনা করিতেছি॥ ৪

মস্তব্য। এই শ্লোকে 'অতীত-বৈত-লক্ষণ' এই পদটি বহুত্রীহিসমাস-নিপান, থাহার বৈত-লক্ষণ অতীত হইরাছে—ডাহাকেই অতীতবৈতলক্ষণ কহা যায়। বৈতলক্ষণ এই শক্টির অর্থ, অজ্ঞান বা অবিষ্ণা, বৈত অর্থাৎ এই পরিদৃশুমান প্রপঞ্চ খাঁহার লক্ষণ অর্থাৎ অনুমাপক হেতু, এই প্রকার ব্যুৎপত্তি বারা বৈতলক্ষণ এই পদটি সিদ্ধ হইরাছে বলিয়াই বৈতলক্ষণ শক্ষটির অর্থ এই স্থলে অবিষ্ণা বা অজ্ঞান হইতেছে। কার্য্য দেখিয়াই লোকে কারণের অনুমান করিয়া থাকে। ইহা লোক-প্রসিদ্ধ; অবৈতবাদীর মতে এই বিশ্বপ্রপঞ্চ অবিষ্ণারই কার্য্য; এই কারণে বৈতরূপ কার্য্যের বারা তাহার কারণ যে অজ্ঞান, তাহার অন্থমান করা যাইতে পারে। এই শ্লোকটি পাঠ করিলে এরূপ শক্ষা হইতে পারে যে. আচার্য্য

শঙ্করের অন্বয়ানন্দ-নামক আর একজন গুরু ছিলেন ; কারণ, প্রণম শ্লোকে তিনি গোবিন্দ-নামক গুরুকে নমস্কার করিয়া আবার যথন 'অন্বয়ানন্দ শ্রীগুরুকে বন্দুনা করিতেছি' বলিয়া এই চতুর্থ শ্লোকের দ্বারা গুরু বন্দনা করিতেছেন, ইহা দ্বারা ইহাই সম্ভবপর হয় যে, আচার্য্য শঙ্করের গোবিন্দ এবং অন্বয়ান্ন নামে হুইজন অবৈতবিভার উপদেষ্টা গুরু ছিলেন—নহিলে ভিন্ন ভিন্ন নাম দিয়া—তুইটি শ্লোকে তিনি ছইবার গুরুবন্দনা করিবেন কেন ?—আমার বিবেচনায় কিন্তু এই প্রকার সিদ্ধান্ত করা সমীচীন বলিয়া বোধ হয় না—কারণ, অত্যন্ত ভক্তিবশতঃ মঙ্গলাচরণের উপক্রমে এবং উপসংহারে ছুইবার একই গুরুকে বন্দনা করিয়া, শঙ্কর কোন প্রকার শাস্ত্রবিক্তন কার্য্য করিয়াছেন, ইহা বলিতে পারা যায় না। তাহার পর অন্বয়ানন্দ এই পদটি আচার্য্যের গুরু গোবিন্দের উপাধি এই প্রকার ধরিয়া লইলেও গোল চুকিয়া যায়। নিরুপাধিক নাম দারা গুরুকে স্মরণ করিয়া,পূর্ব্ব শ্লোকে গুরু বন্দনা করা হইয়াছে; ইহাতে গুরুর প্রতি ঈষং অসশ্মান স্থৃচিত হইতে পারে—ইহা ভাবিয়া তাহারই প্রতিবিধান করিবার জন্ম গুরুর প্রসিদ্ধ উপাধির উল্লেখপূর্ব্বক এই চতুর্থ শ্লোকে বন্দনা করিয়া আচার্য্য শঙ্কর উপযুক্ত কার্য্যাই করিয়াছেন, এই প্রকার ভাব বর্ণন করিলে কোন ক্ষতিই দেখিতে পাওয়া যায় না। কেহ কেহ বলেন,—শ্রীগুরু এই শব্দটির দারা গুরুর গুরুই অভিহিত হইয়া থাকেন, তাঁহাদের মতে আচার্য্য শঙ্কর প্রথম শ্লোকে নিজ গুরুর বন্দনা করিয়া, এই চতুর্থ শ্লোকের দারা গুরুর গুরুর অর্থাৎ পরমগুরুর বন্দনা করিতেছেন। শ্রীগুরু বলিলে পরম গুরুকে বুঝা যায় এই প্রকার কোন দৃঢ়তব প্রমাণ না থাকায়, আমরা এই মতের দমর্থন করিতে পারি না।

> বেদান্ত-শাস্ত্র-সিদ্ধান্ত-সারসংগ্রহ উচ্যতে। প্রেক্ষাবতাং মুমুক্ষূণাং স্থখবোধোপপত্তয়ে॥ ৫

অন্বয়। প্রেক্ষাবতাং মুমুক্ণাং (বিবেকসম্পন্ন মোক্ষার্থিগণের) স্থখ-বোধোপ-পত্তয়ে (অনান্নাদে জ্ঞানলাভের জন্ম) বেদাস্তশাস্ত্র-সিদ্ধাস্ত-সারসংগ্রহং (বেদাস্ত-শাস্ত্রের সারভূত সিদ্ধাস্তসমূহ) উচ্যতে (বলা হইতেছে)॥ ৫

অনুবাদ। সদসদ্বিবেকশালী মোক্ষার্থী যতিগণের—অনায়াসে বোধলাভের জন্ম আমি বেদান্তশাস্ত্রের সারস্বরূপ সিদ্ধান্তসমূহ বলিতেছি॥ ৫

# অনুবন্ধ-চতুষ্টয়ম্।

অদ্য শাস্ত্রানুসারিত্বাৎ অনুবন্ধ-চতুষ্টয়ম্। যদেব মূলং শাস্ত্রস্থা নির্দ্দিষ্টং তদিহোচ্যতে॥ ৬

অশ্বর। যদেব ( যাহাই ) শাস্ত্রস্থা ( শাস্ত্রের ) মৃলং ( প্রধান) অনুবন্ধচতুষ্ট্রবং ( চারিটি আরম্ভহেতু ) নির্দিষ্টম্ (উক্ত হইরাছে) অশু (এইগ্রন্থের) শাস্ত্রান্থসারিত্বাৎ ( শাস্ত্রের অনুসারেই রচিত হওয়া প্রযুক্ত ) তৎ ( সেই চারিটি অনুবন্ধই ) ইহ (এই গ্রন্থে) উচাতে ( কথিত হইতেছে ) ॥ ৬

অনুবাদ। বেদান্তশান্তের আরম্ভহেতু বলিয়া যে চারিটি বস্ত নির্দ্দিষ্ট হইয়াছে, এই গ্রন্থও বেদান্তশান্তের অনুসারে বিরচিত হইয়াছে বলিয়া এই গ্রন্থেও সেই চারিটি আরম্ভহেতুই বলা যাইতেছে॥ ৬

মস্তব্য। কোন একটি শান্তের আরম্ভ করিবার পূর্ব্বে ঐ শান্তের দ্বারা কি প্রয়োজন দিল্প হয়? কাহার জন্য ঐ শান্ত রচিত হইয়াছে? শান্তের প্রতিপাগ্য বিষয় কি? এবং ঐ বিষয় প্রয়োজন এবং শান্তের মধ্যে পরম্পর দম্বন্ধ কি প্র প্রার কি প্রার্জন এবং শান্তের মধ্যে পরম্পর দম্বন্ধ কি প্রকার ?—এই চারিটি বিষয়ের উল্লেখ কার একান্ত আবশুক ; এই কারণে দকল শান্তারন্তের পূর্বের্ধ এই চারিটি বিষয়ের উল্লেখ করা একান্ত আবশুক ; এই চারিটি বিষয়কেই—অন্তবন্ধ বলা বায়। এই শ্লোকটির দ্বারা—সেই অন্তবন্ধ চারিটি কি,তাহারই নির্ণয় করিবার জন্ম স্ট্রনা করা হইতেছে। শ্লোকটির তাৎপর্য্য এই বে—এই গ্রন্থের অন্তবন্ধ-চতুষ্ট্র ইতে ভিন্ন নহে; কারণ বেদান্তশান্তের অন্তবন্ধ-চতুষ্ট্রয় হইতে ভিন্ন নহে; কারণ বেদান্তশান্তের অন্তবন্ধ-চতুষ্ট্রয়, তাহাই এই গ্রন্থে প্রদর্শিত হইতেছে —তাহা প্রদর্শিত হইলে, আর এই গ্রন্থের জন্ম উপ্রোণী স্বতন্ত্র অন্তবন্ধ-চতুষ্ট্র দেখাইবার কোন আবশ্যকতা নাই॥

অধিকারী চ বিষয়ঃ দম্বন্ধশ্চ প্রয়োজনম্। শাস্ত্রারম্ভফলং প্রাহৃঃ অনুবন্ধ-চতুষ্ট্রম্॥ ৭

আশ্বয়। অধিকারী—( শাস্ত্রোক্ত ফলের কামনা যাহার আছে সেই ব্যক্তি) বিষয়ং (প্রতিপাল বস্তু) সম্বন্ধ (শাস্ত্র, প্রয়োজন এবং বিষয়ের পরম্পার সম্বন্ধ) প্রয়োজনং চ ( এবং ফল ) ( ইতি ) শাস্ত্রারম্ভফলং ( শাস্ত্রারম্ভের হেতৃ ) অমুবন্ধ-চতুষ্টয়ং ( চারিটি অমুবন্ধ ) প্রাহঃ ( শাস্ত্রকারগণ নির্দ্ধেশ করিয়া থাকেন )॥ ৭

অমুবাদ। অধিকারী অর্থাৎ শাস্ত্রোক্ত ফলকামী, শাস্ত্রের প্রতিপাগ্য বস্তু, অধিকারী, প্রতিপাগ্য বস্তু এবং প্রয়োজন—এই কয়টির মধ্যে পরস্পর সম্বন্ধ এবং প্রয়োজন, এই চারিটি অমুবন্ধ—যাহার জ্ঞান শাস্ত্রারম্ভের হেতু, তাহাকেই অমুবন্ধ কহা যায়॥ ৭

চতুর্ভিঃ সাধনৈঃ সম্যক্ সম্পন্নো যুক্তিদক্ষিণঃ। মেধাবী পুরুষো বিদ্বান অধিকার্য্যত্র সম্মতঃ॥ ৮

অশ্বয়। চতুর্ভিঃ সাধনৈঃ সম্যক্ সম্পন্ধ: (বক্ষ্যমাণ চারিপ্রকার সাধনের দ্বারা সম্পন্ধ) যুক্তিদক্ষিণঃ ( যুক্তি-পরতন্ত্র )মেধাবী ( ধারণাসমর্থ ) বিদ্বান্ ( অধীত-বেদাদিশান্ত্র ) পুরুষঃ ( মানব ) অত্র ( এই বেদান্তশান্ত্রে ) অধিকারী ( অধিকারযুক্ত) সম্মতঃ ( বলিয়া বিবেচিত হইয়া থাকেন ) ॥ ৮

অনুবাদ। কথিত চারি প্রকার সাধনসম্পত্তি যাঁহার হইয়াছে, যিনি যুক্তির অনুকূল, যিনি ধারণাসমর্থ এবং যাঁহার বেদাদিশাস্ত্রে বুংপেত্তি হইয়াছে, এই প্রকার মনুষ্যই এই বেদান্তশাস্ত্রে অধিকারী বলিয়া বিবেচিত হইয়া থাকেন॥৮

> বিষয়ঃ শুদ্ধচৈতন্যং জীবত্রক্মৈক্যলক্ষণম্। যত্ত্বৈৰ দৃশ্যতে সর্ব্ববেদাস্তানাং সমন্বয়ঃ॥ ৯

অশ্বর। যত্র ( যাহাতে ) সর্বাবেদাস্তানাং ( উপনিষৎসম্ছের ) সমন্বরঃ ( তাৎপর্য্য ) দৃশুতে ( পরিদৃষ্ট হইয়া থাকে ) [ তৎ ] জীবএক্ষৈক্যলক্ষণং ( জীব ও ব্রন্ধের ঐক্যম্বরূপ সেই ) শুদ্ধটৈতন্তং ( পরব্রহ্ম ) বিষয়ঃ ( এই বেদাস্তশাস্ত্রের প্রতিপান্ত ) ॥ ৯

অনুবাদ। সকল উপনিষদেরই যাহা তাৎপর্য্যার্থ বলিয়া পরিদৃষ্ট হইয়া থাকে, সেই জীব ও ত্রন্ধের ঐক্যরূপ শুদ্ধ চৈতগ্যই এই শাস্ত্রের বিষয় অর্থাৎ প্রতিপাত্ত॥ ১ এতদৈক্যপ্রমেয়স্ত প্রমাণস্তাহপি চ শ্রুতেঃ। সম্বন্ধঃ কথ্যতে সন্তিঃ বোধ্যবোধকলক্ষণঃ॥ ১০

অশ্বর। এতদৈক্যপ্রমেয়ন্ত—(এই জীব ও ব্রহ্মের ঐক্যরূপ প্রমেরের) শ্রুতেঃ চ (এবং শ্রুতিরূপ) প্রমাণন্ত (প্রমাণের) বোধ্যবোধকলক্ষণঃ (বোধ্যবোধকশরূপ) সম্বন্ধঃ (পরস্পর সম্বন্ধই) সদ্ধিঃ (সজ্জনগণ-কর্ভূক) সম্বন্ধঃ (সম্বন্ধ বলিয়া) কথ্যতে (কথিত ইইয়া থাকে)॥১০

অমুবাদ। এই জীব ও ব্রহ্মে ঐক্যরূপ যে প্রমেয়, তাহার এবং শ্রুতিস্বরূপ প্রমাণের মধ্যে বোধ্য-বোধকরূপ সম্বন্ধই—পণ্ডিতগণ-কর্ত্তক সম্বন্ধ বলিয়া কথিত হইয়া থাকে॥১০

> ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানং সন্তঃ প্রাহ্যং প্রয়োজনম্। যেন নিঃশেষসংসারবন্ধাৎ সদ্যঃ প্রমূচ্যতে॥ ১১

অশ্বয়। সন্তঃ (সজ্জনগণ) ব্রহ্মায়েক ছবিজ্ঞানং (জীব ও ব্রহ্মের অভেদ বিজ্ঞানকে) প্রয়োজনং (বেদান্তশান্তের ফল) প্রাচঃ (বলিয়া গাকেন); যেন (যে ব্রহ্ম ও জীবের অভেদ-জ্ঞানের দ্বারা) নিঃশেষ-সংসারবন্ধাৎ (সমগ্র সংসাব বন্ধন হইতে) সন্তঃ (তৎক্ষণাৎ) প্রমূচ্যতে [জীব] (মৃক্তি লাভ করিয়া গাকে)॥ ১১

অনুবাদ। যাহার দারা (জীব) সকল প্রকার সংসার-বন্ধন হইতে সন্তঃ মুক্তিলাভ করিয়া থাকে, সেই জীব ওব্রন্ধের অভেদ-জ্ঞানকেই সজ্জনগণ বেদাস্তশাস্ত্রের প্রয়োজন বলিয়া নির্দ্দেশ করেন ॥১১

> প্রয়োজনং সম্প্রব্রত্তেঃ কারণং ফললক্ষণম্। প্রয়োজনমন্তুদ্দিশ্য ন মন্দোহপি প্রবর্ত্ততে ॥ ১২

আনুর। ফললক্ষণং (ফলস্বরূপ) প্রয়োজনং (প্রয়োজন) সম্প্রবৃত্তঃ (সমাক্ প্রবৃত্তির) কারণং (হেতু) [হইয়া থাকে]; মলঃ অপি (অন্নবৃদ্ধি ব্যক্তিও) প্রয়োজনং (ফলকে) অনুদ্দিশু (লক্ষা না করিয়া) ন প্রবর্ত্ততে (প্রবৃত্ত হয় না)॥ ১২

অনুবাদ। ফলস্বরূপ প্রয়োজনই (লোকের) প্রবৃত্তির প্রতি কারণ (হুইয়া থাকে); কারণ সচরাচর লোকে দেখিতে পাওয়া যায় যে] অল্পবৃদ্ধি ব্যক্তিও প্রয়োজন না দেখিতে পাইলে [কোন কার্য্যে] প্রবৃত্ত হয় না॥১২

# শাধন-চতৃষ্টয়ম্।

সাধন-চতুষ্টয়-সম্পত্তিঃ যস্তাহস্তি ধীমতঃ পুংসঃ। তম্তি বৈতৎফলসিদ্ধিঃ নাহন্যস্য কিঞ্চিদন্স্য॥ ১৩

অষয়। যশু (যে) ধীমতঃ (ধীমান্) পুংসঃ (পুরুষের) সাধনচতুইয়-সম্পতিঃ
চারিটি সাধনের সম্পাদন) অস্তি (আছে), তশু (তাহার) এব (ই) এতৎচলসিদ্ধিঃ (এই ফলের সিদ্ধি) [ হইয়া থাকে ]; কিঞ্চিদ্নশু অন্তশু (এই সাধনদম্পত্তির কোন অংশে ন্যনতা যাহার আছে এইরূপ অন্ত কোন ব্যক্তির) ন
(নহে) [ এই ফল লাভ হয় না ] ॥ ১৩

অনুবাদ। যিনি বুদ্ধিমান্ এবং এই সাধন-চতুষ্টয়-সম্পন্ন, সেই পুরুষেরই এই ফল ( অর্থাৎ জীব-ব্রক্ষোর অভেদ-জ্ঞান ) লাভ হয়; যাহার কিন্তু সাধন-চতুষ্টয়ের মধ্যে কোন একটিও অসম্পূর্ণ থাকে, হাহার এই ফললাভ হয় না॥১৩

চত্বারি সাধনান্ত বদন্তি পর্মর্যয়ঃ।

মুক্তির্যেষাং তু সদ্ভাবে নাভাবে সিধ্যতি ধ্রুবম্॥ ১৪

আয়ুর। প্রমধ্যঃ (ঋষিশ্রেষ্ঠগণ) অত্র (এই ফললাভের প্রতি) চন্ধারি চারিটি) সাধনানি (সাধন অর্থাৎ উপায়) বদস্তি (নির্দেশ করিয়া থাকেন); যযাং (যে চারিটি সাধনের) সন্থাবে (সন্থাব হইলে) মুক্তিঃ (মোক্ষ) সিধাতি সিদ্ধ হয়), অভাবে (সন্থাব না হইলে) ন (হয় না)॥১৪

অনুবাদ। মহর্ষিগণ এই ( তত্ত্বজ্ঞানরূপ ফললাভের) চারিটি াধন নির্দ্দেশ করিয়া থাকেন—এই চারিটি সাধনের সম্ভাব হইলে মুক্তি শাভ হয়, এই চারিটি সাধনের সম্ভাব না হইলে মুক্তি সিন্ধ হয় না ॥১৪

> আদ্যং নিত্যানিত্যবস্তু-বিবেকঃ সাধনং মতম্। ইহামুত্রার্থ-ফলভোগবিরাগো দ্বিতীয়কম্॥ ১৫

আহুর। নিত্যানিত্যবস্তুবিবেকঃ (নিত্য এবং অনিত্য বস্তুর পরস্পর বেলক্ষণ্য জ্ঞান) আছেং (প্রথম) সাধনং (উপায়)[বলিয়া] মতং (অভিমত); ইং (এই সংসারে) অমুত্র (পরলোকে) ফলভোগবিরাগঃ (ফল ভোগের প্রতি বিরক্তি) দ্বিতীয়কং (দ্বিতীয়) [সাধনং মতমিতি শেষঃ—সাধন বলিয়া বিবেচিত হয়]॥১৫

অনুবাদ। নিতা এবং অনিতা বস্তুর মধ্যে যে পরস্পর বৈলক্ষণ্য আছে, তাহার জ্ঞানই প্রথম সাধন বলিয়া বিবেচিত হইয়া থাকে। এই জগতে এবং স্বর্গাদি লোকে যত প্রকার ভোগ্য বস্তু আছে, সেই সকলেরই উপর বিরক্তিই দ্বিতীয় সাধন বলিয়া বিবেচিত হইয়া থাকে॥১৫

> শমাদিষট্কসম্পতিঃ তৃতীয়ং সাধনং মতম্। তুরীয়ং তু মুমুক্ষুত্বং সাধনং শাস্ত্রসম্মতম্॥ ১৬

আশ্বা । শমাদিষ্ট্কসম্পত্তিঃ (শম প্রানৃতি ছয়টির সদ্ভাব) তৃতীয়ং (তৃতীয়) সাধনং উপায়) মতং (বিবেচিত হয়); মুমুকুত্বং তু (মোক্ষলাভের জন্ম ইচ্ছাই) শাস্ত্রসম্মতং (শাস্ত্রস্বীকৃত ) তুরীয়ং ( চতুর্থ ) সাধনং (উপায়) শাস্ত্রসম্মতং (শাস্তে কথিত হয়)॥ ১৬

অনুবাদ। শম প্রভৃতি (বক্ষ্যমাণ) ছয়টির সন্তাবই তৃতীয় সাধন বলিয়া বিবেচিত হয়। মুক্তিলাভের জন্ম ইচ্ছাই চতুর্থ উপায় বলিয়া শাস্ত্রে অভিহিত হইয়া থাকে॥ ১৬

## নিত্যানিত্য-বস্তুবিবেকঃ।

ব্ৰহ্মৈব নিত্যমন্তৎ তু ছনিত্যমিতি বেদনম্। সোহয়ং নিত্যানিত্যবস্তুবিবেক ইতি কথ্যতে॥ ১৭

অন্থয়। ব্রহ্ম (পরমান্মা) এব (ই) নিতাং (অবিনাশী) অতথং (ব্রহ্ম-বাতিরিক্ত) তুহি (প্রসিদ্ধ বস্তু মাত্রই) অনিতাং (বিনাশী) ইতি (এইপ্রকার) বেদনং (যে জ্ঞান) অরং (ইহা) সং (সেই) নিত্যানিতাবস্তুবিবেকঃ (নিতা ও অনিতা বস্তুর বৈদক্ষণা-জ্ঞান) ইতি (এইরূপ) কথ্যতে (কথিত হইরা থাকে)॥ ১৭ অন্মুবাদ। পরমাত্মাই একমাত্র অবিনাশী—পরমাত্ম-ব্যতিরিক্ত বলিয়া প্রসিদ্ধ আর সকল বস্তুই বিনাশী—এই প্রকার যে জ্ঞান, তাহাই শাস্ত্রে নিজ্যানিত্য-বস্তুবিবেক বলিয়া নির্দ্দিষ্ট হইয়া থাকে॥ ১৭

> মূদাদি-কারণং নিত্যং ত্রিষু লোকেষু দর্শনাৎ। ঘটাগুনিত্যং তৎকার্যং যতস্তরাশমীক্ষতে॥ ১৮ \*

ত্রস্থা । ত্রিষু (তিন) লোকেষু (লোকে) দশনাং (দেখিতে পাওয়া যায় যে,) মৃদাদি (মৃত্তিকা প্রভৃতি) কারণং (উপাদান) নিতাং (কার্য্যবাহ ইইতে অধিককালস্থায়ি হইয়া থাকে) তৎকার্যাং (সেই মৃত্তিকা প্রভৃতির কার্য্য) ঘটাদি (কল্মপ্রভৃতি দ্রব্য) অনিতাং (অপেকার্ক্ত অল্লকান্থায়ী) যতঃ (যেহেতু) তন্নাশং (ঐ সকল্ ঘট প্রভৃতি কার্যাদ্রব্যের নাশ) ঈক্তে (লোকে দেখিয়া থাকে)॥১৮

অনুবাদ। ত্রিলোকের মধ্যে সর্বব্রেই দেখিতে পাওয়া যায় যে, মৃত্তিকা প্রভৃতি কার্য্যের উপাদানদ্রব্যগুলি—সেই সেই কার্য্য অপেক্ষা নিত্য অর্থাৎ অধিককালস্থায়ি। কিন্তু, ঘটাদি কার্য্যদ্রব্যগুলি মৃত্তিকাদি কারণ অপেক্ষা অনিত্য; যেহেতু লোকে ( মৃত্তিকাপ্রভৃতির বর্ত্তমানতা-দশাতেই ) ঘটাদি কার্য্যদ্রব্যের ধ্বংস দেখিতে পায় ॥ ১৮

> তথৈবৈতজ্জগৎ সর্ব্বমনিত্যং ব্রহ্মকার্য্যতঃ। তৎকারণং পরং ব্রহ্ম ভবেন্নিত্যং মুদাদিবৎ॥ ১৯

অন্ধর। তথৈব (সেই প্রকার) এতৎ সর্বাং জগৎ (এই সমগ্র জগৎ) ব্রন্ধ-কার্য্যতঃ (ব্রন্ধ ইইতে উৎপন্ন বলিরা) অনিত্য (বিনাশি); তৎকারণং (সেই জগতের কারণ) পরং ব্রন্ধ (নিরুপাধিক ব্রন্ধ) নিত্যং (অবিনাশি) ভবেৎ (ইইরা থাকে) মুদাদিবৎ (যেমন মৃত্তিকা প্রভৃতি) ॥১৯

অনুবাদ। ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া এই সমগ্র বিশ্ব অনিত্য, আর এই জগতের কারণ সেই পরব্রহ্ম ( ঘটাদি কার্য্য অপেক্ষা তদীর কারণ মৃদাদি যেরূপ নিত্য সেইরূপ ) পর্মার্থতঃ নিত্য ॥ ১৯

যতস্তন্ত্ৰাশ ঈক্ষাক্ত—ইতি বা পাঠঃ।

তাৎপর্য্য। এই শ্লোকে ব্রহ্ম যে নিত্য এই বিষয়ে মুদাদি বস্তুকে দৃষ্টান্ত করা হইয়াছে, ইহা দ্বারা কেহ কেহ এইপ্রকার শঙ্কা করিতে পারেন যে, বেদাস্ত-সিদ্ধান্তে একমাত্র ব্রহ্মই নিত্য। তাহাই যদি স্থির হয়, তবে মুৎপ্রভৃতিকে নিত্য বলিয়া দুঠান্তরূপে যে নির্দেশ করা হইতেছে, তাহা কিপ্রকারে সঙ্গত হইতে পারে হ বাস্কবিক আচার্য্য শঙ্কবের এইপ্রকার অভিপ্রায় নছে। কার্য্য হইতে কারণ অপেক্ষাকত অধিককাল স্থায়ি: স্কৃতরাং কার্য্যাপেক্ষা কারণ নিতা বলিয়া নিদিষ্ট হয়। আচার্য্য শঙ্কর ইহাই প্রতিপাদন করিতে চাহেন যে, যেমন ঘট মাটীর কার্য্য, এইজন্ম মাটী ঘট অপেক্ষা নিতা: এইরূপ যিনি সর্ব্বজগতের কারণ, তিনি সর্ব্বজগৎ অপেক্ষা নিতা। ফলতঃ দাডাইল এই যে, মদাদি বস্তু যেরূপ আপেক্ষিক নিতা, বক্ষের পক্ষে সেরূপ আপেক্ষিক নিতাতা স্বীকার কবিবার কোন কারণ নাই। কারণ রক্ষ উৎপত্তিশন্য ও নিরবয়ব : সেই কারণে তাঁহার কোনকালেই বিনাশ হইবে এইপ্রকার সম্ভাবনা করিতে পারা যায় না। কিন্তু মুদাদি কারণ ঘটাদি কার্য্য দ্রব্য অপেক্ষা অধিককাল স্থায়ি হইলেও, তাহা যে হেত উৎপত্তিমৎ এবং সাবয়ব, এই কারণে তাহার বিনাশও অবশুস্তাবী। এইজন্ম তাহা নিজ কার্য্য হুইতে অধিক কাল স্থায়ি হুইলেও তাহাকে কথনই অবিনাশি বলা যায় না। কিন্ত এইরূপে ব্রন্ধকে সকল কার্য্যাপেক্ষা অধিক কাল স্থায়ি স্বীকার করিলেও, মুদাদি বস্তুর আয় তাঁহার কোনকালে বিনাশ হইবার সন্তাবনা করা যায় না। কারণ, বিনাশি দ্রব্যের যাহা ধর্ম অর্থাৎ সাবয়বত্ব এবং উৎপত্তিমত্ব, তাহা ব্রন্ধে বিগ্রমান নাই : এই কারণে ত্রন্ধ প্রমার্থতঃ নিত্য ॥ ১৯

দর্গং বক্তঃস্থ তম্মাদ্বা এতম্মাদিত্যপি শ্রুতিঃ। দকাশাদব্রহ্মণস্তমাৎ অনিত্যকে ন সংশয়ঃ॥ ২০

আশ্বয়। তথাৎ (সেই) এতথাৎ বা (এই ব্রন্ধ হইতেই) ইতি (এই প্রকার) শ্রুতিঃ (বেদ) অপি (ও) অস্ত (এই জগতের) ব্রন্ধণঃ (ব্রন্ধের) সকাশাৎ (সকাশ হইতে) সর্গং (স্থষ্টি) বক্তি (নির্দেশ করিতেছে) তথাৎ (সেই কারণে) অনিত্যত্বে (এই জগতের অনিত্যত্ব বিষয়ে) সংশয়ঃ (সন্দেহ) ন (হইতে পারে না)॥২০ : ::

অমুবাদ। এই সেই ব্রহ্ম হইতে (আকাশ প্রভৃতি উৎপন্ন হুইয়াছে ) ইত্যাদি শ্রুতিবাক্য স্পর্ফাই নির্দেশ করিতেছে যে,এই প্রপঞ্চ ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে। সেই কারণে জগতের অনিভাত্ব বিষয়ে সন্দেহ হইতে পারে না॥২০

> সর্ববিষ্ণানিত্যত্বে সাবয়বত্বেন সর্ববিতঃ সিদ্ধে। বৈকুণ্ঠাদিয়ু নিত্যত্বমতিভ্রমিএব মূচুবুদ্ধীনাম ॥ ২১

শ্বর্থ। সাবয়বজেন (অবয়বের সহিত বিগুমান বলিয়) সর্বাস্থ (সকল বস্তরই) অনিতাজে (বিনাশিজ) সর্বাতঃ (সর্বাপ্রকারে) সিদ্ধে (প্রতিপন্ন হইলে) বৈকুণ্ঠাদিয়্ব (বৈকুণ্ঠাদি লোকসমূহে) নিতাজমতিঃ (ইহারা অবিনাশী এই প্রকার জ্ঞান) মৃঢ়বুজীনাং (মৃঢ়মতি মানবগণের) লম এব (ল্রাস্থি মাত্র)॥ ২১

অনুবাদ। সাবয়বন্ধ-নিবন্ধন ( অর্থাৎ অবয়ব আছে বলিয়া ) সকল প্রপঞ্জেরই ( এইরূপে ) অনিত্যন্ধ প্রতিপন্ন হইলে, বৈকুণ্ঠাদি লোকসমূহে যে নিত্যন্ধ বোধ, তাহা মূঢ়বুদ্ধি জনগণের ভ্রান্তি মাত্র ॥ ২১

> অনিত্যত্বং চ নিত্যত্বমেবং শং প্রাণ্ডিযুক্তিভিঃ। বিবেচনং নিত্যানিত্যবিবেক ইতি কথ্যতে॥ ২২

অস্থায়। এবং (সেই প্রকার) অনিতাত্বং (বিনাশিত্ব) চ (এবং)
নিতাত্বং (অবিনাশিত্ব) ভিবতি ইতি শেষঃ হইয়া থাকে ]; শ্রুতিমৃক্তিভিঃ
(বেদ ও তদমুসারী তর্কের সাহাযো) ইতি যং (এই প্রকার যে) বিবেচনং
(বিচার) [তাহাই] নিত্যানিতাবিবেকঃ (নিত্য ও অনিত্যের স্বরূপ-জ্ঞান)
কথাতে (কথিত হইয়া থাকে)॥ ২২

অনুবাদ। এইরূপে নিতাত্ব ও অনিতাত্ব [সম্বন্ধে ] বেদ ও তদনুযায়ী তর্কের সাহায্যে যে বিচার, তাহাই নিত্যানিত্য বিবেক বলিয়া কপিত হইয়া থাকে॥ ২২

## বির্বাক্তঃ।

ঐহিকামুখ্মিকার্থেষ্ স্থনিত্যত্ত্বেন নিশ্চয়াৎ।
নৈম্পৃহং তুচ্ছবুদ্ধির্যৎ 
ক্ষত্তিব্রাগ্যমিতীর্য্যতে॥ ২০
অস্থ্য। ঐহিকামুদ্মিকার্থেষ্ (এই লোকের এবং পরলোকের ভোগাবস্তুসমূহে)

তুচছবুদ্ধাা বং ইতি বা পাঠ:।

অনিত্যত্ত্বন ( মনিত্য এই ভাবে ) নিশ্চয়াৎ ( নিশ্চয় হওয়া প্রযুক্ত ) যৎ নৈস্পৃহং ( যে নিস্পৃহতা অর্থাৎ ) ভূচ্চবৃদ্ধি: ( অকিঞ্চিৎকরন্ববোধ ) তৎ ( তাহাই ) বৈরাগাং ( বিরক্তি ) ইতি ( এই বলিয়া ) ঈর্যাতে ( কথিত হইয়া থাকে )॥ ২৩

অনুবাদ। ঐহিক এবং পারলোকিক সকল ভোগ্য বস্তুতেই অনিত্য হরূপে নিশ্চয় হওয়া প্রযুক্ত যে নিস্পৃহতা বা তুচ্ছবুদ্ধি ( উদিত হয় ) তাহাই বৈরাগ্য বলিয়া অভিহিত হইয়া থাকে॥ ২৩

নিত্যানিত্যপদার্থবিবেকাৎ পুরুষস্ত জায়তে সন্তঃ। স্রাকৃচন্দনবনিতাদো সর্ব্বতাহনিত্যবস্তুনি বিরক্তিঃ॥ ২৪

অশ্বয়। নিত্যানিত্যপদার্থবিবেকাৎ (নিত্য ও অনিত্য বস্তুর যথার্থক্রপে জ্ঞান হওয়া নিবন্ধন,) প্রকৃচন্দনবনিতাদৌ (পুশ্মাল্য, চন্দন ও বনিতা প্রভৃতি) সর্ব্বত্ত (সকল) অনিত্যবস্ত্রনি (বিনশ্বর পদার্থের উপর) পুরুষস্থ (পুরুষের) বিরক্তিঃ (বৈরাগ্য) জায়তে (উৎপন্ন হইয়া থাকে)॥২৪

অনুবাদ। নিত্য ও অনিত্য বস্তুর স্বরূপ কি তদ্বিষয়ে যথার্থ জ্ঞানের উদয় হওয়া নিবন্ধন পুরুষের পুষ্পমাল্য, চন্দন ও বনিত। প্রভৃতি যাবতীয় অনিত্য বস্তুতেই বৈরাগ্য উদিত হইয়া থাকে॥ ২৪

> কাকস্থ বিষ্ঠাবদসহ্ববৃদ্ধি-র্ভোগ্যেষু সা তীব্রবিরক্তিরিষ্যতে। বিরক্তিতীব্রত্বনিদানমাহ্ন-

> > র্ভোগ্যেষু দোষেক্ষণমেব সন্তঃ॥ ২৫

শুর। ভোগ্যেষ্ (ভোগ্যবস্তুনিবহে) কাকস্ত (কাকের) বিঠাবৎ (বিঠার স্থায়) সমহবৃদ্ধি: (যে অসহনীয়ত্ব-বোধ) সা (তাহাই) তীব্রবিরজিঃ (উৎকট বৈরাগ্য) ইয়াতে (বলিয়া স্বীকৃত হয়); সস্তঃ (সজ্জনগণ) ভোগ্যেষ্ (ভোগ্যবস্তু-সমূহে) দোষেকণমেব (দোগদর্শনকেই) বিরক্তিতীব্রস্থনিদানং (তীব্র বৈরাগ্যের মূল কারণ) আছে: (বিলিয়া থাকেন)॥ ২৫

অনুবাদ। ভোগ্যবস্তুনিবহে কাকের বিষ্ঠার ভায় বে অসহ-নীয়তা বোধ, তাহাকেই সাধুগণ তীত্র বৈরাগ্যের মূল কারণ বলিয়া নির্দ্ধেশ করিয়া থাকেন॥ ২৫

#### প্রদৃশ্যতে বস্তুনি যত্র দোষঃ

ন তত্র পুংসোহস্তি পুনঃ প্রবৃত্তিঃ। অন্তর্মহারোগবতীং বিজ্ঞানন্

কো নাম বেশ্যামিপি রূপিণীং ব্রজেৎ ॥ ২৬

অশ্বয়। যত্র (যে) বস্তুনি (বস্তুতে) দোষ: (ছঃথকরত্ব প্রভৃতি দোষ) পূল্ঞতে (দৃষ্ট হয়), তত্র (তাহাতে) পুংসঃ (পুরুষের) পুনঃ (পুনুর্ষার) প্রত্তিঃ (অনুরাগ) ন অস্তি (হয় না)। অস্তর্মহারোগবতীং (দেহমধ্যে ইহার মহারোগ আছে এই প্রকার) বিজানন্ (জানিয়া)কো নাম (কোন্ ব্যক্তি) কিপিণীম্ (রূপবতী) অপি (হইলেও) বেঞাং ব্রজেৎ (ঐ বেঞার সহিত সমাগত হয় ?)॥২৬

অনুবাদ। যে বস্তুতে দোষ আছে বলিয়া বুঝিতে পারা যায়, তাহাতে লোকের আর প্রাবৃত্তি হয় না। ইহার অভ্যন্তরে মহারোগ আছে ইহা জানিতে পারিলে, কোন্ ব্যক্তি রূপবতী বেশ্যার সহিত স সমাগত হয় ?॥ ২৬

> অত্রাপি চান্সত্র চ বিগ্নমান-পদার্থসংমর্শনমেব কার্য্যম্। যথাপ্রকারার্থগুণাভিমর্শনং

সন্দর্শগ্ত্যেব তদীয়-দোষম্॥ ২৭

অব্য়। অত্র (এই পৃথিবীতে) অপি (এবং) অন্তর্ত্ত চ (পরলোকেও) বিচ্চমান-পদার্থসংমর্শনং (বিচ্চমান বস্তুনিবহের কি স্বভাব তাহার বিচার) কার্য্যং (করা উচিত)। যথাপ্রকারার্যগুণাভিমর্শনং (যথাযথভাবে বস্তুর ধর্মসমূহের বিচার) তদীয় দোষং (সেই বস্তুর দোষকে) সন্দর্শয়তি এব (নিশ্চয়ই দেথাইয়া দেয়)॥২৭

অনুবাদ। এই লোকেই হউক আর পরলোকেই হউক, যত প্রকার ভোগ্য বস্তু আছে, তাহাদের কি স্বভাব ( অর্থাৎ তাহারা অনিত্য° এবং পরিণামে হুঃখের হেতু হয় কি না ) তাহারই বিবেচনা করা উচিত। এইভাবে ভোগ্যবস্তুনিবহের স্বরূপ বিচার শেষে তদীয় দোষ ( অর্থাৎ অনিত্যত্ব এবং পরিণামে ছঃখহেতুত্ব ) প্রদর্শন করিয়া দিয়া থাকে॥ ২৭

ক্কৌ স্বমাতুর্মলমূত্রমধ্যে
স্থিতিং তদা বিট্ক্রিমিদংশনঞ।
তদীয়-কোক্ষেয়কবহ্নিদাহং
বিচাহ্য কোবা বিবৃত্তিং ন যাতি॥ ২৮

অন্বয়। স্বমাতৃ: (নিজ জননীর) কুন্দৌ (উদরে) মলমূত্রমধ্যে (মল ও মূত্রের মধ্যে) স্থিতিং (অবস্থান) তদা (দেই অবস্থানকালে) বিট্রিকিমি দংশনং (বিঠাজাত ক্রিমিগণের দংশন) তদীয়-কৌক্ষেয়ক-বহিদাহং (এবং জননীর উদরমধ্যস্থিত অগ্নির তাপ ধারা দাহ) বিচার্য্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগাকে) ন যাতি ? (প্রাপ্ত হয় না ?)॥ ২৮

অনুবাদ। নিজ জননীর উদরে বিষ্ঠা ও মৃত্রের মধ্যে অবস্থান ও সেই অবস্থানকালে বিষ্ঠাজাত ক্রিমি দ্বারা দংশন এবং জননীর জঠরমধ্যস্থিত বহ্নির তাপ দ্বারা দাহ প্রভৃতির বিচার করিয়া কোন্ ব্যক্তি (এই সংসারের উপর) বিরক্তিকে না প্রাপ্ত হয় ?॥২৮

স্বকীয়-বিশ্বৃত্ত-নিমজ্জনং যৎ #
চোত্তানগত্যা শয়নং তদা যৎ।
বালগ্ৰহাভাহতিভাক্চ শৈশবং

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ২৯

আহার। তদা (সেই সময়ে) বং (ষে) স্বকীয়বিগুত্রনিমজ্জনং (নিজের বিষ্ঠা এবং মৃত্রের মধ্যে নিমগ্ন হইরা থাকা) বং (ষে) উত্তানগত্যা (উদ্ধানিকে পাদ করিয়া) (নিমমুখে) শয়নং (অবস্থান) চ (এবং) বালগ্রহাছাহতিভাক্ (বালকগণের পীড়াদায়ক গ্রহগণের আক্রমণযুক্ত) শৈশবং (বাল্যকালকে) বিচার্য্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন মাতি (প্রাপ্তাহর না ?) ॥২৯

অনুবাদ। সেইকালে ( অর্থাৎ জননীর জঠরমধ্যে বাসকালে)

<sup>\*</sup> বিসর্জনং তং ইতি বাপাঠ:।

নিজেরই বিষ্ঠা এবং মৃত্রের মধ্যে নিমগ্ন হইয়া যে অবস্থান, জননীর জঠরমধ্যে উদ্ধৃভাগে পাদফাসপূর্বক নিম্নে মুখ করিয়া যে অবস্থিতি, এবং (জন্মের পর) বালকগণের পীড়াপ্রদ বিবিধ গ্রহগণের উপদ্রব-সঙ্কুল যে শৈশব, তাহা চিন্তা করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ? ॥ ২৯

স্বীয়ৈঃ পরেস্তাড়নমজ্ঞভাবম্
অত্যন্তচাপল্যমসৎক্রিয়াঞ্চ।
কুমারভাবে প্রতিষিদ্ধর্তিং
বিচার্য্য কো বা বির্বৃতিং ন যাতি ॥ ৩০

আশ্বা। কুমারভাবে (কোমারাবস্থাতে) স্বীরৈঃ (স্বজনকর্তৃক) পরেঃ (এবং অমাগ্রীয় জনকর্তৃক) তাড়নম্ (প্রহার প্রভৃতি) অজ্ঞভাবম্ (মূর্থতা) অত্যস্তচাপলাম্ (অতিশয় চপলতা) অসংক্রিয়াং (অনুচিত কার্য্য) প্রতিষিদ্ধবিত্তিং চ (এবং নানাপ্রকার প্রতিষিদ্ধদেবা) বিচার্য্য (চিস্তা করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগাকে) ন যাতি (প্রাপ্ত হয় না)॥ ৩০

অনুবাদ। (তাহার পর) কৌমারাবস্থাতে আত্মীয় এবং অনাত্মীয় জনকর্ত্তক তাড়না, মূর্খ তা, অতিশয় চাঞ্চলা, অনুচিত কার্য্য ও নানাপ্রকার প্রতিষিদ্ধ সেবা (প্রভৃতির বিষয়) চিন্তা করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ?॥৩০

মদোদ্ধতিং মান্যতিরস্কৃতিং চ
কামাতুরত্বং সময়াতিলজ্ঞনম্।
তাং তাং যুবত্যোদিতত্বউচেক্টাং
বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ৩১

অশ্বর। মদোদ্ধতিং (যৌবনমদে ঔদ্ধত্য) মান্ততিরস্কৃতিং (মাননীয় জনকে তিরস্কার) কামাত্রস্কং (কামবাাকুলতা) সময়াতিলজ্মনং (মর্য্যাদার অতিক্রম) তাং তাং (সেই সেই) যুবত্যা (যুবতির সহিত্ত) উদিত-ছ্ঠচেষ্টাং (নব নব ভাবে আবিভূতি ছুঠ চেষ্টা) বিচার্য্য (চিস্তা করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হর না ?)॥৩১

অনুবাদ। যৌবন-মদে ঔদ্ধতা, মাম্মজনকে তিরস্বার করা, কামাতুরতা, মর্য্যাদা লজ্জ্বন,এবং যুবতীর সহিত সমাগমকালে সেই সেই নূতন নূত্রন আবিভূতি কুৎসিত চেফা চিন্তা করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত না হয় ? ॥ ৩১

বিরূপতাং সর্বজনাদবজ্ঞাং
সর্বত্ত দৈন্যং নিজবুদ্ধিহৈন্যম্।
বৃদ্ধত্ব-সম্ভাবিত-তুর্দ্দশাং তাং
বিচার্য কো বা বির্বতিং ন যাতি॥ ৩২

অব্য় । বিরূপতাং (জরাজনিত কদাকারতা) সর্বজনাং (সকল লোকের কাছে) অবজ্ঞাং (অবমান) সর্বত্ত (সকল স্থলে) দৈন্তং (অবসমতা) নিজবৃদ্ধিহৈন্তং (নিজবৃদ্ধির হীনতা) তাং (সেই) বৃদ্ধহ-সম্ভাবিতহর্দশাং (বৃদ্ধহনিবন্ধন সম্ভাবিত ছরবস্থাকে) বিচার্য্য (চিন্তা করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ?)॥ ৩২

অনুবাদ। বিকৃত আকার, সকল লোকের নিকটে অবজ্ঞা, সকল স্থানেই দীনতা, নিজবুদ্ধির হ্রাস এবং সর্ববজনপ্রসিদ্ধ বার্দ্ধক্যবশে সম্ভাবিত তুরবস্থার বিষয় চিন্তা করিয়া কোন্ ব্যক্তি না বৈরাগ্য প্রাপ্ত হয় ?॥ ৩২

> পিতৃত্বরার্শঃক্ষয়গুল্মশূল-শ্লেম্মাদি-রোগোদিত-তীব্রহুঃখম্। তুর্গন্ধমস্বাস্থ্যমন্নচিন্তাং বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ৩৩

অষয়। পিতজ্জরাশাক্ষরগুল্মশৃল-শ্লেমাদি-রোগোদিত-তীব্রহংথং ( পিতজ্ঞর, জ্বর্লা, ক্ষর, গুলা, পূল ও শ্লেমা প্রভৃতি রোগ হইতে উৎপন্ন ভীষণ হংখ ) হুর্গন্ধন্ ( শরীরের হুর্গন্ধ ), অস্বাস্থাং ( সর্বাদা স্বাস্থ্যের অভাব ) অনুনচিস্তাং ( এবং নিরস্তর চিস্তা) বিচার্যা ( বিচার করিরা ) কো বা ( কেই বা ) বিরতিং ( বৈরাগাকে ) ন বাতি ( প্রাপ্ত হয় না ? ) ॥ ৩৩

অনুবাদ। ( বৃদ্ধাবস্থায় ) পিত্তত্বর, ক্ষয়, গুলা, শূল ও শ্লেষ-প্রভৃতি রোগ হইতে সমুৎপন্ধ উৎকট তুঃখ [শরীরে] তুর্গদ্ধ, [ সর্ববদা ] স্বাস্থ্যের অভাব, এবং অপার চিন্তা [ এই সকল বিষয় ] বিচার করিয়া কোনু ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ৮॥ ৩৩

যমাবলোকোদিত-ভীতি-কম্পমর্ম্মব্যথোচ্ছ্যাসগতীশ্চ বেদনাম্।
প্রাণপ্রয়াণে পরিদৃশ্যমানাং
বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ৩৪

তাশ্বর। যমাবলোকোদিত-ভীতি-কম্প-মর্ম্ব্যথোচ্ছ্বাসগতীঃ (যম দর্শনে যে ভয় হয়, সেই ভয় হইতে উৎপয় কম্প মর্ম্ব্যথা এবং উৎকট শ্বাসের ক্রিয়া) প্রাণপ্রয়াণে (প্রাণবিয়োগকালে) পরিদৃশুমানাং (সর্বস্থানেই দৃশুমান) বেদনাং (য়য়্রণা) বিচার্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না?)॥ ৩৪

অনুবাদ। মৃত্যুসময়ে যমকে দেখিতে পাইয়া যে ভয় হয়, সেই ভয় হইতে উৎপন্ন কম্প, মর্ম্মপীড়া, ক্লেশজনক উদ্ধ্যাসের গতি, এবং পরিদৃশ্যমান যন্ত্রণার বিষয় বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ?॥ ৩৪

অঙ্গারনভাং তপনে চ কুন্তীপাকেহপি বীচ্যামদিপত্রকাননে।
দূতৈর্যমস্থ ক্রিয়মাণবাধাং
বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ৩৫

অশ্বর। অঙ্গারনন্তাং (তপ্ত অঙ্গারময় নদীতে) তপনে (তপন নামক নবকে) কুন্তীপাকে (কুন্তীপাক নরকে) বীচ্যাং (বীচীনামক নরকে) অসিপত্রকাননে (এবং অসিপত্রকানন নরকে) ধমশু (ধমের) দূতৈঃ (দ্তপণকর্ত্বক) ক্রিন্তমাণবাধাং (উংপাদিত হইয়া থাকে বাহা, সেই ক্রেপ) বিচার্য্য (বিচার করিয়া )কো বা (কোন্ ব্যক্তিই বা ) বিরতিং ( বৈরাগ্যকে ) ন যাতি (প্রাপ্ত হয় না १)॥ ৩৫

অনুবাদ। অঙ্গার-নদী, তপন, কুম্ভীপাক, বীচী এবং অসি-পত্রকানন নামে প্রসিদ্ধ নরকসমূহে যমদূতগণ [দেহপাতের পর পাপিগণকে] যে ব্লেশ প্রদান করিয়া থাকে, তাহা বিচার করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত না হয় ?॥ ৩৫

পুণ্যক্ষয়ে পুণ্যক্ষতো নভঃকৈছ
নিপাত্যমানান্ শিথিলীকৃতাঙ্গান্।
নক্ষত্ররূপেণ দিবশ্চু ্যতাংস্তান্
বিচাধ্য কো বা বির্তিং ন যাতি॥ ৩৬

অশ্বয়। পুণ্যক্ষরে (স্বর্গভোগের হেতৃ পুণ্যের ক্ষয় হইলে) নভংক্ষঃ (আকাশস্থিত [অধিকারী] পুরুষগণ কর্তৃক) নিপাত্যমানান্ (অধোদেশে নিংক্ষিপ্ত) শিথিলীকৃতাঙ্গান্ (বিবশ-দেহ) নক্ষত্ররূপেণ (নক্ষত্রের রূপে) দিবঃ (আকাশ হইতে) চ্যুতান্ (নিপতিত) পুণ্যকৃতঃ (পুণ্যকারী ব্যক্তিগণকে) বিচাধ্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বির্তিং (বৈরাগ্যকে) ন বাতি (প্রাপ্ত হয় না ?)॥৩৬

অনুবাদ। [স্বর্গভোগের অনুকূল] পুণ্যের [ভোগাবসানে] ক্ষয় হইলে, আকাশস্থিত পুরুষগণকর্ত্তক [অধোদেশে বলপূর্বকক] প্রক্ষিপ্ত, বিকলাঙ্গ এবং নক্ষত্ররূপে আকাশ হইতে চ্যুত পুণ্যকার্য্যকারী জীবগণেরও [অবস্থা] বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্যকে প্রাপ্ত না হয় १॥৩৬

বায়্বর্কবহ্নীন্দ্রমুখান্ স্থরেন্দ্রান্
ঈশোগ্রভীত্যা গ্রথিতান্তরঙ্গান্।
বিপক্ষলোকৈঃ পরিদূয়মানান্
বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ৭.৭
অষ্য়। ঈশোগ্রভীত্যা গ্রথিতান্তরঙ্গান্ (পরমেশ্বর হইতে উগ্রভন্ন দারা

ধাহাদের অন্ত:করণ পরিপৃরিত) বিপক্ষলোকৈ: (শত্রুগণকর্ত্ক) পরিদ্যন্দানান্ (পরিভূত) বায়ু ক্বহীক্রমুখান্ (বায়ু স্থা বহি ও ইক্রপ্রেম্খ) স্থরেক্রান্ (দেবশ্রেষ্ঠগণকে) বিচার্যা (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ৪)॥৩৭

অনুবাদ। পরমেশর হইতে উগ্রভয়ে [ সর্ববদা] পরিপ্রিতচিত্ত [ এবং অত্মর প্রভৃতি ] শত্রুগণের দারা [ প্রায়ই ] পরিভৃত বায়ু, সূর্যা, অগ্নি ও ইন্দ্র প্রভৃতি দেবশ্রেষ্ঠগণের ( ও ) [ অবস্থা ] বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্যকে প্রাপ্ত হয় না १॥ ৩৭

> শ্রুত্যা নিরুক্তং স্থখতারতম্যং
> কীটান্তমারভ্য মহামহেশম্।
> প্র প্রপাধিকং তত্ত্বু ন বাস্তবং চেৎ স্থালোচ্য কো বা বিরতিং ন যাতি॥ ৩৮

অব্য়। মহামহেশং (পরমেশ্বর হইতে) আরভ্য (আরম্ভ করিয়া) কীটাপ্ত (কীট পর্যাস্ত) প্রথতারতম্যং (স্থবের তারতম্য) শ্রুত্যা (বেদের দ্বারা) নিকক্তং (নির্দ্ধারিত) তৎ তু (সেই স্থথও) ঔপাধিকং (অজ্ঞানরূপ উপাধি নিবন্ধন) বাস্তবং (পারমার্থিক) ন তু (কিন্তু নহে) আলোচ্য (বিচার করিয়া) কোবা (কোন্ব্যক্তিই বা)বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না १) ॥৩৮

অনুবাদ। পরমেশর হইতে আরম্ভ করিয়া কীট পর্য্যন্ত স্থাধর তারতম্য শ্রুতিতে উক্ত হইরাছে; সেই স্থুখও (অজ্ঞানকল্পিত দেহাদি) উপাধিরই ধর্মা, উহা (আত্মার) পারমার্থিক ধর্ম্ম নহে, ইহা বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্যকে প্রাপ্ত না হয় ?॥ ৩৮

> সালোক্য-সামীপ্য-সরূপ্তাদি-ভেদস্ত সৎকর্মবিশেষসিদ্ধঃ। ন কর্মসিদ্ধস্থ তু নিত্যতেতি বিচার্য্য কো বা বিরতিং ন যাতি॥ ৩৯

বদান্তমারভা মহীমহেলম—ইতি বা পাঠঃ।

অমুয়। সালোক্য-সামীপ্য-সক্ষপতাদি-ভেদঃ (সালোক্য অর্থাৎ ইষ্টদেবতার সহিত এক লোকে অবস্থান, সামীপ্য অর্থাৎ অভীষ্ট দেবতার নিকটে অবস্থিতি, এবং সাক্ষপ্য অর্থাৎ ইষ্টদেবতার স্তাম মূর্ত্তি ধারণ করা প্রভৃতি মুক্তির যত্ত প্রকার ভেদ তাহা) সংকর্মবিশেষসিদ্ধঃ (উৎক্লষ্ট কর্মবিশেষ হইতেই উৎপন্ন হয়) কর্মসিদ্ধস্ত (যাহা কর্মধারা সিদ্ধ তাহার) নিত্যতা (অবিনাশিষ) ন (হইতে পারে না) বিচার্য্য (ইহা বিচার করিমা) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হম্ম না ৪)॥ ৩৯

অনুবাদ। ইফাদেবতার সহিত একলোকে অবস্থান, ইফাদেবতার নিকটে থাকা এবং ইফাদেবতার সদৃশ মূর্ত্তিলাভ করা প্রভৃতি যে কয়প্রকার গৌণমুক্তি আছে, তাহা সকলই সংকর্ম্ম-বিশেষেরই ফল। বাহা কর্ম্মের ফল, তাহা কখনই নিত্য হইতে পারে না; ইহা বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা (গৌণমুক্তির প্রতিও) বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ?॥৩৯

যত্রাস্তি লোকে গতি-তারতম্যং
উচ্চাবচত্বাহ্বিতমত্র তৎকৃতম্।

যথেহ তদ্বৎ থলু ছঃখমস্তীত্যালোচ্য কো বা বিরতিং ন যাতি ॥ ৪০

অয়য়। লোকে (সংসারে) যত্র (যে বস্তুতে) উচ্চাবচত্বান্থিতং (উৎকর্ষ ও অপকর্ষযুক্ত) গতিতারতমাং (ফলের ন্নাধিকভাব) অস্তি (বিভ্যমান আছে) তৎ (সেই বস্তু) কুতং (কার্য্য অর্থাৎ বিনাশ-স্বভাব) অস্তি (হইয়া থাকে); ইহ (এই লোকে) যথা (যেমন) (তৎ) ত্বংখং (সেই বস্তু পরিণামে ত্বংখকরও) [হইয়া থাকে]; তদ্বৎ (সেইক্রপই) অন্ত্রাপি লোকে (অন্ত লোকেও) অস্তি (হইয়া থাকে); ইতি (ইহা) আলোচ্য (বিচার করিয়া) কোবা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না?)॥ ৪০

অনুবাদ। সংসারে যে স্থানে উৎকর্ম ও অপকর্মযুক্ত গাঠি-তার-তম্য অর্থাৎ ফলের নানাধিক ভাব বিগুমান আছে,সেই স্থানই কৃত অর্থাৎ কর্ম দ্বারা নিষ্পাদিত এবং পরিণামে দুঃখের হেডু হয়—এই নিয়ম যেমন এই পৃথিবীতে পরিদৃষ্ট হয় সেইরূপ লোকান্তরেও পরিদৃষ্ট হইয়া থাকে, এই প্রকার চিন্তা করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্যকে প্রাপ্ত না হয় ? ॥ ৪০

কো নাম লোকে পুরুষো বিবেকী
বিনশ্বরে ভূচ্ছস্তথে গৃহাদো ।
কুর্য্যাদ্রতিং নিত্যমবেক্ষমাণো
রথৈব মোহান্ ম্রিয়মাণজস্তু ন্ ॥ ৪১

অশ্বয়। লোকে (এই পৃথিবীতে) কো নাম (কোন্) বিবেকী (বিবেক-সম্পন্ন) পুরুষঃ (মহুষা) বিনশ্বরে (বিনাশস্বভাব) ভূচ্ছস্ত্রেথ (অন্নমাত্র স্থাবর হেড়ু) গৃহাদে (গৃহ প্রভৃতিতে) মিয়মাণান্ (মরণশীল) জন্ত্ন্ (প্রাণিগণকে) নিত্যং (সর্বাদা) অবেক্ষমাণঃ (বিলোকন করিয়াও) রতিং (অন্ত্রাগ) মোহাৎ (মোহবশতঃ) কুর্যাৎ (করিয়া থাকে ?) ॥ ৪১

অমুবাদ। এই সংসারে প্রতিদিন প্রাণিগণ মরিতেছে, ইহা দেখিয়াও, কোন্ বিবেকশালী পুরুষ যৎসামান্ত স্থথের হেতু অথচ বিন-শুর গৃহ প্রভৃতি ভোগ্য বস্তুতে মোহবশতঃ আসক্ত হইয়া থাকে ? ॥ ৪১

স্থং কিমস্ত্যত্ৰ বিচাৰ্য্যমাণে
গৃহেহপি বা যোষিতি বা পদাৰ্থে।
মায়াতমোহন্ধীকৃতচক্ষুষো যে
তএব মুছস্তি বিবেকশূলাঃ॥ ৪২

অশ্বয়। বিচার্যামাণে (বিচার করিয়া দেখিলে) অত্র (এই সংসারে) গৃহে (বর বাড়ী প্রভৃতিতে) অপি বা (অথবা) যোষিতি (স্ত্রীস্বরূপ) পদার্থে (বস্তুতে) কিং (কি) স্থথং (স্থথ) অস্তি (আছে ?) যে (যাহারা) মায়াতমোহন্দ্রীক্তচকুষঃ (মায়া অর্থাৎ অবিস্থারূপ অন্ধকারে লুপ্তুদৃষ্টি) তে (তাহারা) এব (ই) বিবেকশ্রাঃ (সদসদ্বোধহীন হইুয়া) মুহস্তি (মোহ প্রাপ্ত হইুয়া থাকে)॥ ৪২

অনুবাদ। বিচার করিয়া দেখিলে, এই সংসারে, গৃহ কিংবা ত্রী প্রভৃতি ভোগ্য বস্তুতে কি স্থখ লাভ হয় ? মায়াময় অন্ধকারে যাহা-দের চক্ষু অন্ধ হইয়াছে, সেই সকল বিবেকশৃন্য ব্যক্তিই ( এই সকল বিষয়ে) মোহ প্রাপ্ত হইয়া থাকে॥ ৪২

অবিচারিতরমণীয়ং সর্ব্বযুদ্ধর-ফলোপমং ভোগ্যম্। অজ্ঞানামুপভোগ্যং ন তু তজ্ঞানামুপভোগ্যং ॥ ৪৩ \*

**অব্য**য়। অবিচারিতরমণীয়ং (যে পর্যান্ত বিচার করিয়া দেখা না যায়, সেই পর্যান্ত রমণীয়) উত্তমকলোপমং (ডুম্বের ফলের স্থায়) ভোগাং (উপভোগের বিষয় বস্তু) অজ্ঞানাং (বিবেকশৃত্য ব্যক্তিগণেরই) উপভোগাং (উপভোগের যোগ্য হইয়া থাকে) জ্ঞানাং (বিবেকশালী ব্যক্তিগণের) তৎ (তাহা) ন তু (উপভোগের যোগ্য নহে)॥ ৪৩

অনুবাদ। [জগতের] সকল প্রকার ভোগ্য বস্তুই যে পর্য্যন্ত বিচারিত না হয়, সে পর্যান্তই রমণীয় [বলিয়া প্রতীত হইয়া থাকে]; শেষে উদ্নর ফলের ন্যায় [আস্বাদে বিরস হইয়া থাকে]; যাহারা অজ্ঞ, তাহাদের নিকটেই ঐসকল বস্তু উপভোগ্য হইয়া থাকে; কিন্তু যাহারা জ্ঞানী, তাহাদের নিকট ঐ সকল বস্তু উপভোগ্য হইতে পারে না॥ ৪৩

> গতেহপি তোয়ে স্থায়রং কুলীরো হাতুং হৃশক্তো ড্রিয়তে বিমোহাৎ। যথা তথা গেহস্থাসুষক্তঃ

> > বিনাশমায়াতি নরো ভ্রমেণ ॥ ৪৪

শ্বস্থা। তোয়ে (জল) গতে (চলিয়া গেলে) অপি (ও) স্থারিরং (গর্ত্তকে) হাতুং (পরিত্যাগ করিতে) অশক্তঃ (অসমর্থ হইয়া) কুলীর (কর্কট) বিমোহাৎ (মোহবশতঃ) দ্রিয়তে (মরিয়া যায়) ষণা (যেমন) তথা (সেইরূপেই) গেহস্থামুষক্তঃ (গৃহস্থে আসক্ত) নরঃ (মমুষ্য) দ্রমেণ (মোহবশতঃ)বিনাশং (মৃত্যুকে) আয়াতি (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৪৪

যোষিতি বা পদার্থে—ইতি কচিদধিক: ।

অনুবাদ। [বাহিরের]জল চলিয়া যাইলেও, কর্কট মোহ-বশতঃ গর্ত্ত ছাড়িতে অসমর্থ হয় বলিয়া,পরিণামে যেমন মৃত্যু প্রাপ্ত হয়; সেইরূপ গৃহ প্রভৃতির স্থাথ আসক্তচিত্ত মানব মোহবশতঃ মৃত্যুই প্রাপ্ত হইয়া থাকে॥ ৪৪

> কোশক্রিমিস্তস্তুভিরাত্মদেহম্ আবেষ্ট্য চাবেষ্ট্য চ গুপ্তিমিচ্ছন্। স্বয়ং বিনির্গন্তমশক্ত এব সন্ ততস্তদন্তে ব্রিয়তে চ লগ্নঃ॥ ৪৫

অশ্বয়। গুপ্তিম্ (রক্ষাকে) ইচ্ছন্ (ইচ্ছা করিয়া) কোশক্রিমি: (গুটি-পোকা) তম্ক্তিঃ (নিজদেহনির্মিত স্ত্রসমূহের দ্বারা) আবেষ্ট্য আবেষ্ট্য চ (আপনাকে বার বার আবেষ্ট্রিত করিয়া) স্বয়ং (নিজে) বিনির্গন্ধং (বাহিরে ঘাইতে) অশক্তঃ (অসমর্থ) এব (ই) সন্ (হইয়া) ততঃ (তাহার পর) তদস্তে (তাহার মধ্যে) লগ্নঃ (সংলগ্ন থাকিয়াই) প্রিয়তে (মরিয়া যায়)॥ ৪৫

অনুবাদ। আত্মরক্ষার্থ উত্তত গুটিপোকা [ নিজদেহপ্রসূত ] সূত্রসমূহের ঘারা বার বার [ আপনাকে ] বেষ্টন করিয়া, সেই সূত্র-নির্মিত আত্মকারাগারের মধ্যে সংলগ্ন হইয়া পড়ে এবং পরিশেষে তাহার মধ্য হইতে বাহিরে যাইতে অসমর্থ হইয়া স্বয়ং মৃত্যুমুখে পতিত হয়॥ ৪৫

যথা তথা পুত্রকলত্রমিত্রস্লেহানুবন্ধৈর্গ্র থিতো গৃহস্থঃ।
কদাপি বা তান্ পরিমুচ্য গেহাৎ
গস্তং ন শক্তো ত্রিয়তে মুধৈব॥ ৪৬

অম্বা । যথা ( যেমন গুটিপোকা ) তথা ( সেইদ্ধপই ) গৃহস্থ: (গৃহস্বামী ) পুত্রকলত্রমিত্রস্লেহাস্থ্বদ্ধৈ: ( পুত্র পত্নী ও মিত্র প্রভৃতির প্রতি স্লেহদ্ধপ বন্ধনের বারা ) প্রথিতঃ ( বন্ধ হইন্না ) কদাপি (কোন সমন্নেও) তান্ (তাহাদিগকে) পরিমৃচ্য ( পরিত্যাপপুশ্বক ) গেহাৎ ( গৃহ হইতে ) গন্তং ( বাহিরে যাইতে ) ন শক্তঃ (সমর্থ না হইরা) মুধৈব (অক্কতকার্য হইরাই) গ্রিরতে (মৃত্যুকে প্রাপ্ত হয়)॥৪৬

অনুবাদ। যেমন গুটিপোকা করিয়া থাকে, সেইরূপই গৃহস্থ ব্যক্তিও পুত্র পত্নী এবং মিত্র প্রভৃতির প্রতি যে স্নেহরূপ বন্ধন, তাহা দারা বন্ধ হইয়া, কোনকালেই সেই পুত্র পত্নী প্রভৃতিকে পরিত্যাগ-পূর্ববিক গৃহ হইতে বাহিরে যাইতে ( অর্থাৎ বিরক্তিসহকারে সন্নাস অবলন্ধন করিতে ) সমর্থ হয় না এবং ( শেষে ) র্থাই মৃত্যুবশ প্রাপ্ত হয় ॥ ৪৬

কারাগৃহস্তাহস্ত চ কো বিশেষঃ প্রদৃশ্যতে সাধু বিচার্য্যমাণে। মুক্তেঃ প্রতীপত্বমিহাপি পুংসঃ কান্তাস্থথাভ্যুথিত-মোহপাশৈঃ॥ ৪৭

আনুর। সাধু (ভাল করিরা) বিচার্থামাণে (বিচাব করিয়া দেখিলে)
আন্ত (এই গৃহের) কারাগৃহস্ত চ (এই কারাগৃহের) ক: (কি) বিশেষঃ
(পার্থক্য) প্রদৃশুতে (পরিদৃষ্ট হইয়া থাকে) 
? ইহ (এইথানে) অপি (ও)
কাস্তাম্থাভূাথিত-মোহপাশৈঃ (কাস্তার সমাগম-জনিত যে স্থুও তাহাতে
মোহরূপ রজ্জুসমূহের দ্বারা) মুক্তেঃ (মোক্ষের) প্রতীপত্বং (প্রতিকূলতা) পুংসঃ
(পুরুষের) [সর্বাদাই হইয়া থাকে]॥ ৪৭

অনুবাদ। ভাল করিয়া বিচার করিয়া দেখিলে, এই গৃহের সহিত কারাগৃহের কি পার্থক্য পরিদৃষ্ট হইয়া থাকে ? [ কিছুই নহে।] কারণ, এই গৃহেও কান্তার সমাগম হইতে সমূৎপন্ন স্থাথের মোহরূপ বন্ধনরজ্জুসমূহের দ্বারা পুরুষের মুক্তির প্রতিবন্ধ হইয়াই থাকে॥ ৪৭

> গৃহস্পৃহা পাদনিবদ্ধ-শৃঙ্খলা কান্তাস্থতাশা পটুকণ্ঠপাশঃ। শীৰ্ষে পতদ্ভূৰ্য্যশনিষ্ঠি দাক্ষাৎ প্ৰাণান্তহেতুঃ প্ৰবলা ধনাশা॥ ৪৮

আৰু য । গৃহস্পৃহা (গৃহটিকে ভোগ করিবার ইচ্ছাই) পাদনিবদ্দু খলা (পাদদেশে সংলগ্ধ শিকল) কান্তাস্থতাশা (পত্নী ও পুত্রের আশাই) পটুকণ্ঠপাশঃ (স্থান্ট্ কঠের রজ্জু) প্রবলা (অতিশয়) ধনাশা (ধনার্জনের আশাই) শীর্ষে (মাথার উপর) পতদভূর্যাশনিঃ (পতনশীল বছ বজ্লের ন্যায়) প্রাণান্তহেতুঃ (প্রাণ-বিনাশের কারণ) [হইয়া থাকে]॥ ৪৮

অনুবাদ। গৃহভোগ করিবার আশাই [এখানে] চরণদেশে সংলগ্ন শিকলের সদৃশ, কান্তা ও পুত্র-বিষয়ে যে আশা, তাহাই
[এখানে] স্থদ্ট কণ্ঠপাশের সদৃশ, এবং অতিশয় ধনার্জ্জনের আশাই
[এখানে] মস্তকের উপর পতনোল্পথ বহু বজের ক্যায় প্রাণবিনাশের
কারণস্বরূপ বিভ্যমান রহিয়াছে। [স্ভরাং কারাগৃহ হইতে এই গৃহের
পার্থক্য কিছুই নাই, ইহাই তাৎপর্যা]॥ ৪৮

#### কাম-দোষঃ।

আশাপাশশতেন পাশিতপদো নোথাতুমেব ক্ষমঃ কামক্রোধমদাদিভিঃ প্রতিভটৈঃ সংরক্ষ্যমাণোহনিশম্। সংমোহাবরণেন গোপনবতঃ সংসার-কারাগৃহাৎ

নির্গস্তং ত্রিবিধৈষণাপরবশঃ কঃ শক্ষুয়াদ্রাগিষ্॥ ৪৯

অন্থর। রাগিষু (আসক্ত বাক্তিগণের মধ্যে) আশাপাশশতেন (আশারূপ শত রজ্জুবারা) পাশিতপদঃ (বদ্ধচরণ) উথাতৃং এব (উঠিতেই) ন ক্ষমঃ (অসমর্থ) কামক্রোধমদাদিভিঃ (কাম ক্রোধ এবং মদ প্রভৃতি) প্রতিভটিঃ (দৈনিক-পুক্রগণ কর্তৃক) অনিশং (সর্কান) সংরক্ষামাণঃ (সমাক্ প্রকারে রক্ষিত) ত্রিবিধৈষণাপরবশঃ (পুত্রেষণা বিত্তৈষণা এবং লোকৈষণা এই ত্রিবিধ কামনার পরবশ) কঃ (কোন্ ব্যক্তি) সংমোহাবরণেন (সমাক্ প্রকার মোহরূপ আবরণবারা) গোপনবতঃ (স্করক্ষিত) সংসারকারাগৃহাৎ (সংসার-স্করূপ কারাগৃহ হইতে) নির্গন্তঃ (বাহির হইতে) শকুরাৎ (সমর্থ ইইতে পারে ?)॥৪১

্রসুবাদ। [সংসারে] আসক্ত ব্যক্তিগণের মধ্যে কোন্ ব্যক্তি এই সংসাররপ কারাগৃহ হইতে নির্গত হইতে সমর্থ পারে ? [ অধাৎ কেইই নির্গত ইইতে পারে না। বারণ, এই সংসাররূপ কারাগৃহ সংমোহরূপ আবরণ [ভিত্তি] দারা শুরক্ষিত, আর সেই রাগী ব্যক্তিও আশারূপ শত রক্ষু দারা বন্ধচরণ; শুতরাং তাহার উত্থান করিবারও শক্তি নাই। তাহার উপর কাম ক্রোধ মদ প্রভৃতি শক্রসেনাগণ তাহাকে সর্বদা আবন্ধ করিয়া রাখিয়াছে এবং পুত্রেষণা বিত্তিষণা এবং লোকৈষণা-রূপ ত্রিবিধ এষণা তাহাকে সকল প্রকারে অধীন করিয়া রাখিয়াছে॥ ৪৯

কামান্ধকারেণ নিরুদ্ধদৃষ্টিমুহ্যত্যসত্যপ্যবলাস্বরূপে।
ন হৃদ্ধদৃষ্টে রসতঃ সতো বা
স্থখড্য-তুঃখড্য-বিচারণাস্তি॥ ৫০

অথা । কামান্ধকারেণ (কামন্ধপ অন্ধকারের দ্বারা) নিরুদ্ধদৃষ্টিঃ ( যাহার দৃষ্টি নিরুদ্ধ হইরাছে এইন্ধপ ব্যক্তি) অসতি অপি ( বস্তুতঃ সং না হইলেও) অবলাস্বরূপে ( স্ত্রীন্ধপ বিষয়ে ) মুহুতি (মোহ প্রাপ্ত হয় ) অন্ধদৃষ্টেঃ ( যাহার দৃষ্টিশক্তি লুপ্ত হইরাছে এইন্ধপ ব্যক্তির) অসতঃ ( অবিভ্যমান বস্তুর ) সতো বা ( অথবা বিশ্বমান বস্তুর মধ্যে ) স্থপত-ভূঃখন্ত-বিচারণা ( এইটি স্থুখের কারণ বা এইটি ছুংখের কারণ এইপ্রকার যথার্থ বিবেক ) ন অস্তি ( হয় না ) ॥৫০

অমুবাদ। কামরূপ অন্ধকার যাহার দৃষ্টিকে নিরুদ্ধ করিয়াছে, সেই ব্যক্তিই অসৎকল্প অবলা-বিষয়ে মোহপ্রাপ্ত হইয়া থাকে। যাহার দেখিবার শক্তি নাই, সেই ব্যক্তির স্থুখ এবং ছুঃখের হেতুতা সদ্বস্তুতে আছে বা অসদ্বস্তুতে আছে এই প্রকার বিচার করিবার শক্তি নাই॥ ৫০

শ্রেমোদ্গারি মুখং স্রবন্মলবতী নাসাঞ্চমলোচনং স্বেদস্রাবি মলাভিপূর্ণমভিতোত্নগ্নিত্নইং বপুঃ। অন্তদ্বক্তবুমশক্যমেব মনসা মস্তঃ কচিন্নার্ছ তি স্ত্রীরূপং কথমীদৃশং স্থমনসাং পাত্রীভবেন্নেত্রয়োঃ॥ ৫১

শব্র। মুখং (মুখ) শ্রেমোদ্গারি (শ্রেমা উদ্গিরণ করে) নাসা নাসিকা) প্রবন্ধনবতী (কফরপ-মল-আবিণী) লোচনং (নয়ন) অশ্রমৎ (অশ্রবারিযুক্ত) বপুঃ (শরীর) স্বেদআবি (অনবরত স্বেদক্ষরণরুক্ত) মলাভিপূর্ণং
(ভিতরে বিষ্ঠা ও মূত্র প্রভৃতি মলে পরিপূরিত) অভিতঃ (সর্বাংশেই) হুর্গন্ধচুষ্টং
(হুর্গন্ধরূপ দোষম্বারা হুষ্ট) অন্তৎ (আর যাহা কিছু [অর্থাৎ স্ত্রীলোক সম্বন্ধ ]
তাহা) বক্তুং (বলিতে) অশক্যং (পারা য়ায় না) কচিৎ (আবার কোন কোন
দোষবিষয়ে) মন্তং (মনে করিতে ও) ন অর্থতি (পারা যায় না) ঈদৃশং (এই প্রকার)
স্ত্রীরূপং (রমণীর স্বন্ধপ) স্থমনসাং (স্থবৃদ্ধি ব্যক্তিগণের) কথং (কি প্রকারে)
নেত্রয়োঃ (নরন্বয়ে) পাত্রীভবেৎ (দেখিবার যোগ্য বলিয়া বিবেচিত হইয়া
থাকে প)॥৫১

অনুবাদ। মুখ শ্লেমা উদ্গিরণ করিয়া থাকে, নাসিকা মলমুক্ত, নয়ন অশ্রুক্ত; শরীর সর্ববাংশেই মেদস্রাবি, অভ্যন্তরে মল পরিপূর্ণ এবং তুর্গন্ধযুক্ত; ইহা ছাড়া অন্তান্ত যাহা কিছু দোষ আছে, তাহা মুখে বলাও যায় না এবং মনে করাও উচিত নহে; এইত হইল স্ত্রীলোকের স্বন্ধপ। এই স্ত্রীন্ধপ কি প্রকারে স্তবুদ্ধি ব্যক্তিগণের নয়নদ্বয়ে দেখিবার যোগ্য বলিয়া প্রতীত হয় १॥৫১

> দূরাদবেক্ষ্যাগ্নিশিখাং পতক্ষো রম্যস্থ-বুদ্ধ্যা বিনিপত্য নশ্যতি। যথা তথা নফ্টদূগেব সূক্ষ্যং কথং নিরীক্ষেত বিয়ক্তিমার্গম্॥ ৫২

অন্ধ: । যথা ( যেমন ) পতঙ্গং ( পোকামাকড়্ প্রভৃতি ) দ্রাৎ (দ্র হইতে)
মন্নিশিথাং ( আগুনের শিথাকে ) রমাত্বক্ধা ( ইহা অতি স্থলর এই প্রকার
বৃদ্ধিতে ) অবেক্ষা ( বিলোকন করিয়া ) বিনিপতা ( তাহার উপর পড়িয়া )
নখতি ( নাশ প্রাপ্ত হয় ) তথা ( সেইক্সপ ) নইদুগ্ ( মৃত্বৃদ্ধি ) এব ( ই ) স্ক্রং
( হুজ্জের ) বিমৃক্তিমার্গং ( মৃক্তির উপায় ) কথং ( কি প্রকারে ) নিরীক্ষেত্ত
( বিলোকন করিবে ? ) ॥৫২

অনুবাদ। যেমন পতঙ্গ দূর হইতে অগ্নিশিখাকে পরম স্থন্দর বৃদ্ধিতে বিলোকন পূর্বক [তাহার উপর] নিপতিত হইয়া মৃত্যুমুখে পতিত হয় [এবং সে নিজের সেই অগ্নিশিখা হইতে বিমুক্তির পথ দেখিতে পায় না ] সেইরূপ মূঢ়-চেতা ব্যক্তি অতি ছুৰ্জ্জের মুক্তির পং কি প্রকারে বিলোকন করিতে পাইবে ?॥ ৫২

কামেন কান্তাং পরিগৃহ্য তদ্বৎ
জনো২প্যায়ং নশুতি নক্টবৃদ্ধিঃ। \*
মাংসান্থিমজ্জামলমূত্রপাত্রং
দ্বিয়ং তথা ও বমতে যৈব পশুতি ॥ ৫৩

ক্রম্ব। তদ্বৎ (দেই প্রকার) অয়ং (এই) জনঃ (প্রাক্কত ব্যক্তি) অদি (ও) নঈবৃদ্ধিঃ (মৃদ্দেডভা হইয়) কামেন (কামের বশে) কাস্তাং (স্ত্রীবে রমণীয়) পরিগৃহ্ম (বিবেচনা করিয়া) নশুতি (বিনাশ প্রাপ্ত হইয়া থাকে তথা (আরও) মাংসান্থিমজ্জামলমূত্রপাত্রং (মাংস, অস্থি, মজ্জা, মল ও মৃত্রেঃ আধারস্বস্কপ) শ্বিয়ং স্বীলোককে) রম্যতয়া (রমণীয় বলিয়া) এব (ই প্রশুতি (দেখিয়া থাকে)॥ ৫৩

অনুবাদ। এই প্রাক্ত ( অর্থাৎ বিষয়াসক্ত ) ব্যক্তিও সেইরূপ কামের বশেই ( ক্রীকে ) কান্তা ( অর্থাৎ পরম রমণীয়া ) বলিয়া বোধ করে এবং সেই জন্মই বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। [ আরও দ্রম্ভব্য এই যে, ঈদৃশ ব্যক্তিই ] মাংস, অস্থি, মজ্জা, মল ও মৃত্রের আধার স্বরূপ ক্রীলোককে মনোহারিণী বলিয়া বিলোকন করিয়া থাকে। ৫৩

> কাম এব যমঃ দাক্ষাৎ কান্তা বৈতরণী নদী। বিবেকিনাং মুমুক্ষূণাং নিলয়স্ত যমালয়ঃ॥ ৫৪

অস্থা। বিবেকিনাং (বিবেকসম্পন্ন) মুমুক্ষূণাং (মোক্ষার্থিব্যক্তিগণে পক্ষে)কামঃ (কাম) এব (ই) দাক্ষাৎ (প্রত্যক্ষ)যমঃ (মৃত্যুর অধিষ্ঠাঞী দেবতার স্থায়) কাস্তা (স্ত্রীই) বৈতরণী (যমালয়ের দ্বারে বহনশীল বৈতরণী নামে প্রসিদ্ধ)নদী (নদীর স্থায়)নিলয়ঃ (গৃহ)তু (ই) যমালয়ঃ (যমগৃহের স্থায়) প্রতীত হইয়া থাকে ইহাই তাৎপর্যা]॥ ৫৪

অনুবাদ। বিবেকসম্পন্ন মোক্ষার্থি-ব্যক্তিগণের সমক্ষে কামই

<sup>\*</sup> নষ্টদেষ্ট: ইতি বা পাঠ:।

<sup>†</sup> খ্রিমং স্বয়ম্ ইতি বা পাঠ:।

সাক্ষাৎ যম, স্ত্রীই বৈতরণী নদী এবং নিজ গৃহই সাক্ষাৎ যমের গৃহ বলিয়া প্রতীত হইয়া থাকে॥ ৫৪

> যমালয়ে বাহপি গৃহেহপি নো নৃণাং তাপত্রয়ক্ষেশনির্ভিরস্তি। কিঞ্চিৎ সমালোক্য তু তদ্বিরামং স্থাত্মনা পশ্যতি মুচলোকঃ ॥ ৫৫

অন্থয়। যমালয়ে (যমের ভবনে) অপিবা (অথবা) গৃহে (নিজ্ঞভবনে) নৃণাং (মন্থ্যগণের) তাপত্রয়ক্রেশনিবৃত্তিঃ (তাপত্রয়জনিত ক্রেশ হইতে বিরাম) ন অন্তি (হয় না) মৃঢ়গোকঃ তু (মৃঢ়বুদ্ধিলোক কিন্তু) কিঞ্ছিৎ (কোন একটা বস্তুকে) স্থাত্মনা (স্থাহেভুস্বরূপে) সমালোক্য (বিবেচনা করিয়া) তদ্বিরামং (সেই তাপত্রয়ের নিবৃত্তি) পশ্যতি (ভাবিয়া থাকে)॥ ৫৫

অনুবাদ। মনুষ্যগণের কি যদালয়ে অথবা নিজগৃহে কোন স্থলেই তাপত্রয়-জনিত ক্লেশের নির্ত্তি হইতে পারে না। কিন্তু, মূঢ্বুদ্ধি ব্যক্তি কোন একটি বস্তুকেই [সংস্কারবশে] স্থথের কারণ বলিয়া বিবেচনা করে, এবং তাহা দ্বারাই উক্ত তাপত্রয়জনিত ক্লেশের নির্ত্তি হইবে, এই প্রকার বিবেচনা করিয়া থাকে॥ ৫৫

> যমস্য কামস্য চ তারতম্যং বিচার্য্যমাণে মহদস্তি লোকে। হিতং করোত্যস্য যমোহপ্রিয়ঃ সন্ কামস্ত্রনর্থং কুরুতে প্রিয়ঃ সন্॥ ৫৬

অশ্বয়। বিচার্যানাণে (বিচার করিয়া দেখিলে) যমন্ত ( যমের ) কাম্প্র চ ( এবং কামের মধ্যে ) মহৎ ( অতিশর ) তারতমাং ( বৈষমা ) লোকে (লোক-মধ্যে ) অস্তি ( আছে ); অস্ত ( এই পুরুষের ) অপ্রিয়ঃ সন্ ( অপ্রিয় হইয়াও ) যমঃ ( যম ) হিতং ( শুভ ) করোতি ( করিয়া থাকে ) তু ( কিন্তু ) কামঃ ( কাম ) প্রিয়ঃ সন্ ( প্রিয় হইয়াও ) অনর্থং ( অহিত ) করোতি ( করিয়া থাকে ) ॥৫৬

ু অন্মুবাদ। বিচার করিয়া দেখিলে [বুনিতে পারা যায় যে ]

যম এবং কাম এই উভয়ের মধ্যে জভিশয় বৈষম্য বিভ্যমান রহিয়াছে।

[ কারণ ] যম অপ্রিয় হইয়াও হিতই করিয়া থাকে, কিস্তু কাম প্রিয় হইয়াও অহিতই করিয়া থাকে ॥ ৫৬ ২৫,72 ≥

যমোহসতামেব করোত্যনর্থং
সতাং তু সোখ্যং কুরুতে হিতঃ সন্।
কামং সতামেব গতিং নিরুদ্ধন্
করোত্যনর্থং হুসতাং তু কথা কা॥ ৫৭

আন্ধর। যম: (যম) অসতাং (অসাধু জনগণের) এব (ই) অনর্থং
(অনিষ্ঠ) করোতি (করিরা থাকে); তু (কিন্তু) সতাং (সাধুগণের) হিতঃ সন্
(অন্ধক্লকারী হইরা) সৌথাং (স্থ) করোতি (সম্পাদন করিরা থাকে);
তু (কিন্তু) কাম: (কাম) সতাং (সাধুগণের) এব (ই) গতিং (সদ্গতিকে)
নিক্ষন্ (ক্ষম করিরা) অনর্থং (অহিত) করোতি (সম্পাদন করিরা থাকে);
অসতাং (অসাধুগণের) কা (কি) কথা [বক্তবা ?]॥৫৭

অনুবাদ। যম অসাধুগণেরই অনিষ্ট বিধান করিয়া থাকে, কিন্তু (যম) সাধুগণের অনুকূল হইয়া স্থথেরই বিধান করিয়া থাকে। কাম কিন্তু সাধুগণেরও সদ্গতি রুদ্ধ করিয়া অহিতই সাধন করে। অসাধুগণের [ যে অহিতাচরণ করে, সে বিষয়ে আর অধিক ] কি কথা বলা যাইতে পারে ? ॥ ৫৭

বিশ্বস্য রৃদ্ধিং স্বয়মেব কাজ্ফন্ প্রবর্ত্তকং কামিজনং সসর্জ্ঞ। তেনৈব লোকঃ পরিমুছ্মানঃ প্রবর্দ্ধতে চন্দ্রমসেব চার্দ্ধিঃ॥ ৫৮

আহা । [বিধাতা] স্বয়নেব (নিজেই) বিশ্বস্থা (বিশ্বের) বৃদ্ধিং (বৃদ্ধিকে) কাজকন্ (কামনা করিয়া) প্রবর্ত্তকং (প্রবৃত্তির হেতু) কামিজনং (কামনাগুক্ত জীবসমূহকে) সসর্জ্জ (স্থাষ্টি করিয়াছেন); তেন (তাহার দ্বারা) এব (ই) পরিমূহ্যমানঃ (মোহপ্রাপ্ত হইয়া)লোকঃ (এই জীব-নিবহ) চন্দ্রমানা (চন্দ্রের দ্বারা) আদিঃ (সমুদ্রের) ইব (স্থায়) প্রবৃদ্ধিতে (প্রকৃষ্টরূপে বৃদ্ধি, প্রাপ্ত হইতেছে)॥ ৫৮

অনুবাদ। [বিধাতা] নিজেই সংসারের বৃদ্ধি কামনা করিয়া প্রবৃত্তির হেতুস্বরূপ কামিজনকে স্থান্ত করিয়াছেন। সেই কামের দ্বারাই মোহপ্রাপ্ত হইয়া চন্দ্রের দ্বারা সমুদ্রের ন্যায় এই জীবলোক বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে॥ ৫৮

কামো নাম মহান্ জগদ্ভ্রময়িতা স্থিৱাহস্তরঙ্গে স্বয়ং স্ত্রীপুংসাবিতরেতরাঙ্গকগুণৈহাসৈশ্চ ভাবৈঃ স্ফুট্ম্। অন্যোন্যং পরিমোহ্ম নৈজতমসা প্রেমানুবন্ধেন তৌ বদ্ধা ভ্রাময়তি প্রপঞ্জ্রচনাং সংবর্ধ্যন্ ব্রহ্মহা॥ ৫৯

অন্থর। কাম: (কলপ) নাম (প্রসিদ্ধ। মহান্ (বড়) জগল্ত্রমন্থিতা (সংসারের ভ্রান্তিজনক) অন্তরঙ্গে (হৃদ্ধে) পরং (প্রকৃষ্টভাবে) স্থিত্ব। (অবস্থিতি করিয়া) ইতরেতরাঙ্গকগুণৈ: (পরম্পরের অঙ্গে স্থিত লাবণ্য প্রভৃতি গুণের সাহায্যে) হাসৈ: (হাস্তের দ্বারা) ভাবৈ: (নানাপ্রকার মনোবিকারের দ্বারা) তৌ (সেই) স্ত্রীপুংসৌ (স্ত্রী এবং পুরুষকে) অস্ত্রোভং (পরম্পর) পরিমোহ্ (অতিশয়রূপে মোহের বশীভূত করিয়া) নৈজ্তম্যা (স্বকীয় তমো-গুণের দ্বারা) প্রেমাহ্বরেন (জনিত প্রেমরূপ বন্ধনরজ্জু দ্বারা) বদ্ধা (বন্ধন করিয়া) প্রপঞ্জরচনাং (বিশ্বস্তিকে) সংবর্দ্ধয়ন (বাড়াইয়া) ব্রহ্মহা (পর-বন্ধের তিরোধানকারী হইয়া) ভ্রামন্থতি (ভ্রান্তি করাইতেছে)॥ ৫৯

অনুবাদ। কামই মহান, এই কামই জগতের ভ্রান্তিহেতু, এই কাম হৃদয়ে অবস্থিত হইয়া স্ত্রী এবং পুরুষকে পরস্পর অনুরাগরূপ রজ্জু দ্বারা বন্ধ করিয়া থাকে; কামজনিত মোহই সেই অনুরাগরূপ রজ্জুর উপাদান হইয়া থাকে; এই কামের প্রভাবে স্ত্রী ও পুরুষ পরস্পরের অঙ্গের সোনদর্য্য প্রভৃতি গুণ দেখিতে পায়, ইহারই প্রভাবে তাহাদের পরস্পরের হাস্থ এবং ভাব তাহাদের মোহের কারণ হইয়া থাকে; এইরূপে কামই তাহাদিগকে পরিমোহিত করিয়া এবং মোহকল্লিত প্রেম-রজ্জু দ্বারা বন্ধন করিয়া প্রপঞ্চ-রচনাকে বাড়াইবার জন্ম ভ্রান্তিজ্ঞালের মধ্যে নিক্ষেপ করিতেছে। [এই কারণে] কামই ব্রহ্মহা ( স্বর্থাৎ পরব্রক্ষের স্বরূপকে আবৃত করিয়া রাখিয়াছে )॥ ৫৯

অতোহস্তরঙ্গস্থিত-কামবেগাৎ ভোগ্যে প্ররন্তিং স্বতএব সিদ্ধা। দর্ববস্থ জস্তো প্র্রেবমন্যথা চেৎ অবোধিতার্থের কথং প্ররন্তিং॥ ৬০

আন্থা। অতঃ (এই কারণে) দর্মন্ত (সকল) জন্তোঃ (জীবের)
আন্তরঙ্গত্বিকামবেগাং (জনমৃত্তিক কামের বেগবশতঃ) ভোগো (ভোগা বস্তুতে)
প্রবৃত্তিঃ (অভিফ্রিচি) অতএব (অভাবতই) দিদ্ধা (প্রদিদ্ধ আছে); চেৎ (যদি)
আন্তর্থা (ইহা না হইবে) [তবে ] অবোধি তার্থের্ (যাহার স্বরূপ জ্ঞাত নহে,
তাদুল বস্তুসমূহে) প্রবৃত্তিঃ (অভিফ্রিচ) কথং (কি প্রকারে হইরা থাকে)॥ ৬০

অনুবাদ। এই কারণেই সকল জীবেরই হৃদয়স্থিত কামের বেগবশতঃই ভোগ্যবস্তুতে প্রবৃত্তি স্বতঃই উৎপন্ন হইয়া থাকে। তাহা যদি না হইবে তবে অজ্ঞাত বস্তুব প্রতি ভোগ করিবার এই প্রকার প্রবৃত্তি (লোকের) কি প্রকারে হইতে পারে ?॥৬০

তেনৈব দৰ্বজন্তুনাং কামনা বলব ভ্রা।

জীৰ্য্যত্যপি চ দেহেংশ্মিন্ কামনা নৈব জীৰ্য্যতি॥\* ৬১

ত্রস্থা। তেন (সেই কামের দারা) এব (ই) সর্বজন্ত নাং সেকল প্রাণীর) কামনা (ভোগাভিলাষ) বলবত্তরা (অতিশয় প্রবল [ভবতীতি শেষঃ (হইয়া ধাকে )]; অস্মিন্ (এই) দেহে (শরীরে) জীর্যাতি [জীর্ণ ইইলে] অপি (ও) ফ্রামনা (ভোগাভিলাষ নৈব জীর্যাতি (জীর্ণ হয় না ।॥৬•

অনুবাদ। সেই কামের প্রভাবেই সকল প্রাণীর কামনা অতিশয় প্রবল হইয়া থাকে। [ এমন কি ] এই দেহ জীর্ণ হইলেও, কামনা কিছতেই জীর্ণ হয় না॥ ৬১

অবেক্ষ্য বিষয়ে দোষং বুদ্ধিংকো বিচক্ষণঃ। কামপাশেন যো মুক্তং স মুক্তেং পথগোচরঃ॥ ণ ৬২ অন্বয়, যঃ(যে) বুদ্ধিযুক্তং (বুদ্ধিমান্) বিচক্ষণঃ (বিবেচক বাকি)

<sup>\*</sup> জীখাতে ইতি বা পাঠঃ ॥

<sup>†</sup> পথগোচবঃ ইঙি বা পাঠঃ॥

বিষয়ে (ভোগ্য বস্তুতে) দোষং (দোষকে) অবেক্ষ্য (বিচার করিয়া) কাম-পাশেন (কামপাশ হইতে) মুক্তঃ (মুক্তিলাভ করিয়াছে) সঃ (সেই ব্যক্তিই) মুক্তেঃ (মুক্তির) পথগোচরঃ (পথে আরুচ হইয়া থাকেণ্)॥ ৬২

অন্মুবাদ। যে বুদ্ধিমান্ এবং বিবেচক ব্যক্তি এইরূপে ভোগ্য বস্তুতে দোষ দর্শন করিয়া কাম-পাশ হইতে মুক্তিলাভ করিয়াছে, সেই ব্যক্তিই মুক্তির পথে আরুঢ় হইতে পারিয়াছে॥ ৬২

## কামবিজয়োপায়ঃ।

কামস্থ বিজয়োপায়ং সূক্ষাং বক্ষ্যাম্যহং সতাম্। সংকল্পস্থ পরিত্যাগ উপায়ং হুলভো মতঃ॥ ৬৩

অশ্বর। অহং (আমি) সতাং (সজনগণের) স্ক্রং (ছবিজ্ঞের) কামস্ত (কামের) বিজ্ঞাপারং (জয় করিবার উপায়) বক্ষ্যামি (বলিব)। সংক্ষন্ত (সংক্রের) পরিত্যাগঃ (পরিবর্জন) স্থলভঃ (অনারাসসাধ্য) উপায়ঃ (কাম বিজ্ঞাের উপায়) মতঃ (বিবেচিত হইরা থাকে)॥৬৩

অনুবাদ। আমি সজ্জনগণের (পক্ষে) কামবিজয়ের ছুজ্জের উপায় (কি তাহা) বলিতেছি। সংকল্পের পরিত্যাগই কামবিজয়ের অনায়াসসাধ্য উপায় বলিয়া বিবেচিত হইয়া থাকে॥ ৬৩

শ্রুতে দৃষ্টেহপি বা ভোগ্যে যশ্মিন্ কণ্মিংশ্চ বস্তুনি।
দুমীচীনত্বধীত্যাগাৎ কামো নোদেতি কহিচিৎ॥ ৬৪

শ্বয়: একতে (একতিগোচরই হউক) দৃষ্টেংপি বা (দৃষ্টিগোচরই বা হউক) যশ্মিন্ (যে) কন্মিন্ (কোন) ভোগ্য (ভোগের সাধন) বস্তুনি (বস্তুতে) সমীচীনস্থাত্যাগাৎ (ইহা সমীচীন এই প্রকার বৃদ্ধি পরিহার করিলে) কর্হিচিৎ (কোন কালেই) কামঃ (কাম) ন উদ্বৃত্তি (উদিত হইতে পারে না)॥ ৬৪

অনুবাদ। শ্রুতিগোচরই হউক বা দৃষ্টিগোচরই হউক, যে কোন ভোগ্য বস্তু আছে, তাহাতে ইহা সমীচীন ( অর্থাৎ আমার স্থ্য-নাধন ) এইপ্রকার বুদ্ধিকে পরিত্যাগ করিতে পারিলে, কোন সময়েই দাম উদিত হইতে পারে না॥ ৬৪ কামস্য বীজং দঙ্কল্পঃ দঙ্কলাদেব জায়তে। বীজে নফ্টেংঙ্কুর ইব তন্মিন্ নষ্টে বিনশ্যতি॥ ৬৫

অনুয়। সঙ্কলঃ (অভিলাষ) কামস্ত (কামের) বীজং (বীজ = উৎপত্তির কারণ); [অতএব] সঙ্কলাৎ (সঙ্কল হইতে) এব (ই) [কামঃ] জায়তে (জন্মে)। বীজে নষ্টে (বীজ নষ্ট হইলে) অন্ধুরঃ ইব (অন্ধ্রবৎ) তশ্মিন্ নষ্টে (তাহা = সঙ্কলা, নষ্ট হইলে) [কামঃ] বিনশুতি (বিনষ্ট হইয়া যায়)॥ ৩৫

অনুবাদ। অভিলাষ কামের বীজ [-স্বরূপ]; [অতএব.] সঙ্কল্প হইতেই কাম উৎপন্ন হইয়া থাকে; বীজ নফ্ট হইলে অঙ্কুরের ন্যায়, অভিলাষ বিনফ্ট হইলে কামও বিনফ্ট হইয়া থাকে। ৬৫

> ন কোহপি সম্যক্তবিধ্যা বিনৈব ভোগ্যং নরঃ কাময়িতুং সমর্থঃ। যতস্ততঃ কামজয়েচ্ছুরেতাং

সম্যক্তবুদ্ধিং বিষয়ে নিহন্তাৎ ॥ ৬৬

আন্থয়। কোহপি (কোনও) নরঃ (মন্থ্য) সম্যক্ত্রিয়া (ইহা সম্যক্
এই প্রকার বৃদ্ধির) বিনা (বিরহে) ভোগাং (ভোগসাধন বস্তুকে) কামরিতুং
(কামনা করিতে) সমর্থঃ (বোগ্য) ন এব (হইতেই পারে না)। যতঃ (যেহেতু
এই প্রকার) ততঃ (সেই কারণে) কামজ্যেচছুঃ (কাম বিজয় করিতে অভিলাষী)
বিষয়ে (ভোগ্য বস্তুতে) এতাং (এই) সম্যক্ত্রুদ্ধিং (চাক্ষতাজ্ঞান) নিহস্তাং
(বিনষ্ট করিবে)॥ ৬৬

অনুবাদ। যে কারণে কোন মনুষাই এই সমাক্ত্ব-বোধ অর্থাৎ চারুতা জ্ঞান ব্যতিরেকে ভোগ্য বিষয়কে কামনা করিতে সমর্থ নহে; সেই কারণে, যে ব্যক্তি কামকে জয় করিতে ইচ্ছা করে, সে ভোগ্য বিষয়ে এই চারুতা-বৃদ্ধিকে বিনষ্ট করিবে॥ ৬৬

> ভোগ্যে নরঃ কামজয়েচ্ছুরেতাং স্থপত্ববুদ্ধিং বিষয়ে নিহন্তাৎ। যাবৎ স্থপত্বভ্রমধীঃ পদার্থে তাবন্ধ জেতুং প্রভবেদ্ধি কামম্॥ ৬৭

অব্যা। কামজন্তেছে: (কামকে জন্ম করিতে অভিলাষী) নরঃ (মহুষা)
বিবন্ধে (ভোগা বস্তুতে) এতাং (এই) স্থেম্বর্দ্ধিং (ইহা স্থের হেতু এইপ্রকার
বৃদ্ধিকে) নিহন্তাং (অবশুই বিনষ্ট করিবে), হি (বেহেতু) যাবং (বেকাল
পর্যান্ত) পদার্থে (ভোগা বস্তুতে) স্থেম্বভ্রমধীঃ (ইহা স্থের হেতু এইরূপ ভ্রান্তিজ্ঞান) তাবং (দেই কাল পর্যান্ত) কাম্ম্ (কামকে) জ্বেতুং (জন্ম করিতে)
ন প্রভবেং (কেহই সমর্থ হন্ধ না)॥ ৬৭

অনুবাদ। কামকে জয় করিতে যাহার অভিলাষ আছে, সেই ব্যক্তি ভোগ্য বস্তুতে এই স্থকরত্ব-জ্ঞানকে পরিহার করিবে। কারণ, যে পর্য্যস্ত ভোগ্য বস্তুতে এইরূপ স্থাহেতুত্ব-জ্ঞানরূপ ভ্রাস্তি বিশ্বমান থাকিবে, সেই পর্যান্ত কেইই কামকে জয় করিতে সমর্থ হয় না॥ ৬৭

> দংকল্লান্ত্ৰদেয়ে হেতুৰ্যপাভূতাৰ্থদৰ্শনম্। অনৰ্থচিন্তনং চাভ্যাং নাহৰকাশোহস্য বিহাতে॥ ৬৮

অন্ধ। যথাভূতার্থ-দশনং (যে বস্তুর যাহা প্রকৃত স্বরূপ, তাহারই বোধ)
মনর্থচিন্তনং চ (এবং তাহা দারা যে অনর্থ চইতে পারে তাহার চিস্তা, এই
ছুটটিই) সংকলামূদ্রে (সংকলের অমুদ্রের প্রতি) হেতুঃ (কারণ); আবাতাং
(এই ছুইটির দ্বারাই) অস্ত্র (এই কামের) অবকাশঃ (অবসর) ন বিস্ততে
(গাকে না)॥ ৬৮

অনুবাদ। বস্তুর যাহা প্রকৃত স্বভাব, তাহার বোধ এবং ঐ বস্তু হইতে যে প্রকার অনিষ্ট হইবার সম্ভাবনা, তাহারও বোধ—এই দ্বিধি ' জ্ঞানই সংকল্পের অনুদয়ের প্রতি কারণ [হইয়া থাকে]; এই তুইপ্রকার বোধ দ্বাবা কামের অবসর বিলুপ্ত হইয়া থাকে ( অর্থাৎ এই তুইপ্রকার বোধ হৃদয়ে জাগরুক থাকিলে, কামের উদয় হইবার কোন সম্ভাবনা থাকে না )॥৬৮

> রত্নে যদি শিলাবৃদ্ধি জায়তে বা ভয়ং ততঃ। সমীচীনত্বধীনৈ তি নোপাদেয়ত্বধীরপি॥ ৬৯

অশ্বয়। রক্তে (কোন রক্তে) যদি ( যদি ) শিলাবৃদ্ধিঃ ( ইহা প্রস্তুর মাত্র এই প্রকার বৃদ্ধি ) জারতে ( উৎপন্ন হয় ), ততঃ ( তাহা হইতে ) ভয়ং বা ( ভয়ও) জায়তে যদি ( যদি উৎপন্ন হয় ), স্মীচীনস্বয়ীঃ ( তাহা হইলে ইহা সমীচীন এই প্রকার বৃদ্ধি ) উপাদেয়ত্বধীঃ অপি ( অথবা ইহাকে উপাদান করিতে হইবে এই প্রকার বৃদ্ধিঃ ) ন এতি ( কথনও মনে উদিত হয় না )॥ ৬৯

অমুবাদ। কোন রত্নে যদি ইহা প্রস্তর মাত্র এইপ্রকার জ্ঞান হয়, অথবা ঐ রত্ন হইতে যদি কোন [ অনিষ্ট-সম্ভাবনা প্রযুক্ত ] ভয় হয়, তাহা হইলে, তাহাতে কাহারও ইহা সমীচীন এবং ইহা উপাদেয় এইপ্রকার বৃদ্ধি উৎপন্ধ হয় না॥ ৬৯

> যথার্থদর্শনং বস্তুক্তনর্থস্থাপি চিন্তনম্। সংকল্পস্থার্ত্তপি কামস্য তদবধোপায় ইষ্যতে॥ ৭০

অশ্বয়। তৎ (সেই কারণে) বস্তুনি (ভোগা বস্তুতে) যথার্থ দর্শনং (তাহার যাহা প্রাকৃত স্বরূপ তাহার জ্ঞান) অনর্থস্থা চিস্তুনং চ (এবং তাহা ইইতে যে অনর্থ ঘটিতে পারে তাহার চিস্তা) সংক্রম্ম (সংক্রের) কামস্থ অপি চ (এবং কামেরও) বধোপায়ঃ (বিধ্বংস করিবার হেতু বলিয়া) ই্যাতে (অভিনত হট্যা থাকে)॥ ৭০

অনুবাদ। সেই কারণে ভোগা বস্তুবিষয়ে যথার্থ দৃষ্টি ( অর্থাৎ ঐ ভোগা বস্তুর যাহা প্রকৃত স্বভাব তাহার অবধারণ) এবং ঐ ভোগা বস্তু হইতে যে অনর্থপাত হইতে পারে,তাহার চিন্তা এই চুইটিই সংকল্প এবং কামকে বিপ্রস্তু করিবার হেতু বলিয়া অভিমত হইয়া থাকে॥ ৭০

### धनदम्भिः।

ধনং ভয়নিবন্ধনং সততত্বঃখদংবর্দ্ধনং প্রচণ্ডতর-কর্দ্দনং ফ্লুটিত-বন্ধুসংবর্দ্ধনম্। বিশিষ্টগুণবাধনং কুপণধীসমারাধনং

ন মুক্তিগতিসাধনং ভবতি নাহপি হুচ্ছোধনম্ ॥৭১

অথ্যা। ধনং (অর্থ) ভয়নিবন্ধনং (ভীতির হেডু) [ স্বতরাং ] সততত্ব:ধ-সংবর্দ্ধনং (সর্বাদা হ্বংকে বাড়াইয়া থাকে) ক্টিত-বন্ধুসংবর্দ্ধনং (বন্ধবিচ্ছেদকে বাড়াইয়া থাকে) প্রচণ্ডতরকর্দ্ধনং (ইহা অতি ভয়স্কর বিড়ম্বনার হেডু) বিশিষ্ট- গুণবাধনং (উৎকৃষ্ট গুণসমূহের বাধাকর) রূপণধীসমারাধনং (একমাত্র রূপণেরই অভিকৃচিজনক) মুক্তিগতিসাধনং (মুক্তিপ্রাপ্তির উপায়) ন ভবতি (হইতে পারে না), হচ্ছোধনং ( চিত্তশুদ্ধিরও হেতু) ন অপি [ভবতি ইতি শেষঃ = হইতে পারে না]॥ १১

অনুবাদ। ধন ভয়ের হেতু এবং সতত তুঃখর্দ্ধির কারণ হয়। ইহা অতি ভয়ঙ্কর বিজ্পনারই হেতু হয়। ইহা বন্ধুবিচ্ছেদের বৃদ্ধিকর, ইহা উৎকৃষ্ট গুণ সকলকে বিলুপ্ত করে, কেবল কুপণগণের মতিই ইহাতে আকৃষ্ট হইয়া থাকে। এই ধন মুক্তিলাভের কারণ হয় না এবং ইহা চিত্তশুদ্ধিরও কারণ হইতে পারে না ॥ ৭১

> রাজ্যোভয়ং চৌরভয়ং প্রমাদাৎ ভয়ং তথা জ্ঞাতিভয়ং চ বস্তুতঃ। ধনং ভয়গ্রস্তমনর্থমূলং

যতঃ সতাং তন্ন স্থায় কল্পতে॥ \* ৭২

অন্বয়। রাজ্ঞঃ (নুপতি চইতে) ভরং (ভর) চৌরভরং (চোর হইতে ভর) প্রমাদাৎ (অসাবধানতা হইতে) ভরং (ভর) তথা (সেই প্রকার) জ্ঞাতি-ভরং (জ্ঞাতি হইতে ভর) বস্তুতঃ (যথার্থ কথা এই যে) যতঃ (যেহেডু) ধনং (অর্থ) ভরগ্রস্ত (ভরসমূহ দারা গ্রস্ত) অনর্থমূলং (এবং ছঃথের কারণ); তৎ (এজন্তু) সুথার (সুথের হেতু বলিরা) ন করাতে (করিত হইতে পারে না)॥ ৭২

অনুবাদ। (ধন থাকিলে) নৃপতি হইতে ভয়, চোর হইতে ভয়, অসাবধানতা হইতে ভয় এবং জ্ঞাতিজন হইতেও ভয় হইয়া থাকে। বাস্তবপক্ষে যেহেতু ধন এইরূপে (নানাপ্রকার) ভয়েরই হেতু এবং অনর্থের হেতু হইয়া থাকে, এইজন্ম (বিবেকসম্পন্ন ব্যক্তির পক্ষে) ইহা (কথনই) সুখের হেতু বলিয়া বিবেচিত হয় না॥ ৭২

অর্জ্জনে রক্ষণে দানে ব্যয়ে বাহপিচ বস্তুতঃ। ফুঃখনেব সদা নূণাং ন ধনং স্থুখসাধনম্॥ ৭৩ অস্ক্সয়। নূণাং (মন্তুব্যগণের) অর্জ্জনে (ধনের অর্জ্জনে) রক্ষণে (রক্ষায়)

শ্বৈ স্থায় কয়তে ইতি বা পাঠঃ।

দানে (দানে ), ব্যয়েহপিব। ( কিংবা ব্যয়েও ) সদা ( সকল সময়েই ) ছঃখং (ছঃখের কারণ ) এব ( ই ) ; ধনং ( এইরূপ ধন ) স্থপসাধনং (স্থংথর সাধন ) ন ভবতীতি-শেষঃ ( হইতে পারে না ) ॥ ৭৩

অনুবাদ। (ধনের অর্জ্জনে) রক্ষণে দানে এবং ব্যয়ে ধন মনুষ্য-গণের সর্ববদাই ত্বঃখেরই কারণ হইয়া থাকে; এই কারণে, ইহা স্থথের সাধন হয় না॥ ৭৩

সতামপি পদার্থস্থ লাভাল্লোভঃ প্রবর্ততে।

বিবেকো লুপ্যতে লোভাৎ তশ্মিন্ লুপ্তে বিনশ্যতি ॥৭৪ অস্থ্য। সতাং (সাধুগণের) অপি (ও) পদার্থশ্য (ধনের) লাভাৎ (লাভ ইইতে) লোভ: (লোভ) প্রবর্ত্ত (উদিত হয়)। লোভাৎ (লোভ হইতে) বিবেক: (সদসদ্বিচারবৃদ্ধি) লুপ্যতে (লুপ্ত হইয়া থাকে), তশ্মিন্ (সেই বিবেক) লুপ্তে (বিনষ্ট হইলে) বিনশ্যতি (লোক বিনাশ প্রাপ্ত হয়)॥ ৭৪

অনুবাদ। ধনলাভ হইলে (ক্রমে) সাধুগণেরও লোভের উদয় হইয়া থাকে। লোভ হইলে, ইহা সৎ উহা অসৎ এইপ্রকার বুঝিবার শক্তিরূপ যে বিবেক, তাহাও লুপ্ত হয়; বিবেক লুপ্ত হইলে মনুষা বিনাশকে প্রাপ্ত হয়॥ ৭৪

> দহত্যলাভে নিঃস্বত্ত্বং লাভে লোভো দহত্যমূম্। তস্মাৎ সন্তাপকং বিত্তং কস্ম সৌখ্যং প্রযাহ্ছতি॥ ৭৫

আস্থা । অলাভে (ধনলাভ না হইলে ) নিঃস্বত্বং (দরিদ্রথাক্তিকে ) দহতি (তাপিত করিয়া থাকে ), লাভে ( লাভ হইলে ) অমুং (সেই ব্যক্তিকেই ) লোভঃ (লোভ) দহতি (তাপিত করে ); তত্মাৎ (সেই কারণে ) সম্ভাপকং । (সম্ভাপজনক ) বিত্তং (ধন ) কস্ত (কোন্ব্যক্তির ) সৌখাং (স্থেকে ) প্রযাহ্ছতি (দান করিয়া থাকে ? )॥ ৭৫

অনুবাদ। যদি লব্ধ না হয়, তাহা হইলে ধন দরিন্দ্র বাক্তিকে তাপযুক্ত করিয়া থাকে। আবার ধনলাভ হইলে, লোভ (উদিত হইয়া) হৃদয়ের সন্তাপকর হইয়া থাকে। এই কারণে (সর্ববপ্রকারেই) (হৃদয়ের) তাপজনক ধন (এই সংসারে) কাহার স্থুখ প্রদান-করে? (অর্থাৎ কাহারও স্থুখের হেডু হয় না)॥ ৭৫

### ভোগেন মত্ততা জন্তো দ'ানেন পুনরুদ্ভবঃ। রুথৈবোভয়থা বিত্তং নাস্ত্যেব গতিরম্যথা॥ ৭৬

আস্বয়। ভোগেন (ধনভোগের দ্বারা) জন্তো: (জীবের) মন্ত্রতা (প্রমাদ) ভবিতি ইতি শেষঃ = হইয়া থাকে], দানেন (দানের দ্বারা) পুনরুদ্ধর: (দানজনিত পুণাের প্রভাবে স্থুখভাগে করিবার জন্ম — আবার জন্মলাভ) [ভবতীতিশেষঃ = হইয়া থাকে]; উভয়থা (উভয় প্রকারেই) বিত্তং (ধন) বৃথা (নির্থুক) এব (ই); অন্থুখা (ধনের এই ছই প্রকার ছাড়া অন্থু কোন) গতিঃ (গতি) ন অস্তি এব (বিশ্বমান নাই)॥ ৭৬

অনুবাদ। ধনের ভোগে জীবের মন্ততা উপস্থিত হয়, (সৎ বা সসৎ কার্যো) দান করিলে (তক্জনিত পুণ্য বা পাপের প্রভাবে স্থখ বা দুঃখ ভোগ করিবার জন্ম ) পুনর্বার জন্মলাভ করিতে হয়। উভয় প্রকারেই ধন র্থাই হয়; এই তুইটি প্রকার ছাড়া ধনের সন্ম কোন গতিও নাই॥ ৭৬

ধনেন মদর্দ্ধিঃ স্থান্মদেন স্মৃতিনাশনম্। স্মৃতিনাশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥ ৭৭

অশ্ব। ধনেন (ধনের দারা) মদর্কিঃ (অভিমানের বৃদ্ধি) স্থাৎ (হইরা থাকে), মদেন (অভিমানের দারা) স্মৃতিনাশনং (স্মৃতির বিলোপ হয়), স্মৃতিনাশাৎ (স্মৃতির বিলোপ হইলে) বৃদ্ধিনাশঃ (বৃদ্ধির নাশ হয়), বৃদ্ধিনাশাং (বৃদ্ধির নাশ হইলে) প্রণশ্রতি (লোকে বিনাশপ্রাপ্ত হইরা থাকে)॥ ৭৭

অনুবাদ। ধন হইলে (লোকের) অভিমান বাড়িয়া থাকে; অভিমান অতিশয় বাড়িলে, উহা স্মৃতিকে বিলুপ্ত করিয়া দেয়। স্মৃতির বিলোপ হইলে বুদ্ধিনাশ হয় এবং বুদ্ধিনাশ হইলে লোক বিনাশ প্রাপ্ত হইয়া থাকে॥ ৭৭

স্থথয়তি ধনমেবেত্যন্তরাশা-পিশাচ্যা

দৃঢ়তরমুপগৃঢ়ো মূঢ়লোকো জড়াত্মা।

• নিবসতি তহুপান্তে সন্ততং প্রেক্ষমাণো

ব্রজতি তদপি পশ্চাৎ প্রাণমেতস্থ হৃত্মা॥ ৭৮

অশ্বয়। ধনং (ধন) স্থেগনি ( স্থে প্রদান করে ) এব ( ই ) ইতি ( এই প্রকার ) অন্তরাশা-পিশাচাা ( মনের মধ্যে স্থিত আশারূপধারিণী পিশাচী কর্তৃক) দৃঢ়তরং ( অতি দৃঢ়ভাবে ) উপগৃঢ়ঃ ( আলিন্ধিত হইয়া ) জড়াআ ( জড়ভাবাপন্ন ) মৃঢ়লোকঃ (মোহগ্রস্ত ব্যক্তি ) তছপান্তে (ধনের কাছে ) সস্ততং ( সর্বাদা ) প্রেক্ষনাণঃ (দেখিতে দেখিতে ) নিবসতি ( বাস করে ) ; পশ্চাং ( শেষে কিন্তু ) তং ( সেই ধনই ) এতন্ত ( এই মৃঢ়বাক্তির ) প্রাণং ( প্রাণকে ) হত্বা ( হরণ করিয়া ) ব্রক্তি ( চলিয়া বায় ) ॥ ৭৮

অনুবাদ। ধন আমাকে স্থখপ্রদান করিবেই—এইপ্রকার হৃদর-স্থিত যে আশা তাহা পিশাচী স্বরূপে মূঢ় ব্যক্তিকে গাঢ়রূপে আলিঙ্গন করিয়া থাকে; তাহারই বশে জড়াত্মা হইয়া মনুষ্য ধনের দিকে চাহিয়া সর্ববদাই ধনের নিকট বাস করিয়া থাকে। শেষে কিন্তু, সেই ধনই তাহার প্রাণবিনাশের হেতু হয় এবং তাহাকে পরিত্যাগ করিয়া চলিয়া যায়॥ ৭৮

সম্পন্মোহস্কবদেব কিঞ্চিদপরং নো বীক্ষতে চক্ষুষা
সদ্ভিবজ্জিতমার্গ এব চরতি প্রোৎসাহিতো বালিশৈঃ।
তক্ষিক্ষেব মুহুঃ স্থালন্ প্রতিপদং গত্বান্ধকৃপে পতত্যস্তান্ধত্ব-নিবর্ত্তকৌষধমিদং দারিদ্র্যমেবাঞ্জনম্॥৭৯

অনুষ্য । সম্পন্ন: (ধনী) অন্ধবং (অন্ধের স্থান্ন) অপরং (অন্থ) কিঞ্ছিৎ (কোন বস্তুই) চক্ষুষা (নন্নন দ্বারা) নো বীক্ষতে এব (দেখিতেই পান্ন না), সঙ্জিং (সাধুগণ কর্তৃক) বজ্জিতমার্গে (পরিত্যক্ত পথে) এব (ই) বালিশেঃ (মূর্থগণ কর্তৃক) প্রোৎসাহিতঃ (প্রকৃষ্টরূপে উৎসাহিত হইন্না) চরতি (বিচরণ করিন্না থাকে)। তন্মিন্ (সেই পথে) এব (ই) প্রতিপদং (প্রত্যেক পদেতেই) মূহঃ (বারবার) ঋণন্ (ঋণিত হইন্না) গন্ধা (মাইন্না) অন্ধক্পে (অন্ধক্প-সদৃশ মহাবিপদে) পততি (পতিত হইন্না থাকে), তম্ত্র (সেই ব্যক্তির) অন্ধন্মনিবর্ত্তকং (এইপ্রকার অন্ধন্মকে নিবারণ করিতে সমর্থ) ইদং (এই) দারিন্ত্রাং (দরিন্ত্রতা) অঞ্জনং (অঞ্জন) এব (ই) ঔষধং (ঔষধন্মরূপ) [ভবতি ইতি শেষঃ = হইন্না থাকে] ॥ ৭৯

অমুবাদ। সম্পতিশালী মমুষ্য অন্ধের ত্যায় ( ধন ছাড়া ) অপর

কোন বস্তুই নেত্র দ্বারা দেখিতে পায় না। সে মূর্যজনের বাক্যের দ্বারা উৎসাহিত হইয়া, সাধুজন-বিগার্হিত পথে বিচরণ করিয়া থাকে। সেই পথে প্রতিপদক্ষেপেই বারংবার শ্বলিত হইয়া যাইতে যাইতে সে অবশেষে অন্ধকৃপসদৃশ মহাবিপদে পতিত হইয়া থাকে। দারিদ্র্যা-রূপ অঞ্জনই তাহার এই ধনমদান্ধতা-রূপ রোগ-নিবৃত্তির একমাত্র ঔষধ॥ ৭৯

> লোভঃ ক্রোধ\*চ দম্ভ\*চ মদো মৎসর এব চ। বৰ্দ্ধতে বিত্ত-সম্প্রাপ্ত্যা কথং তচ্চিত্তশোধনম্॥ ৮০

অন্ধা। বিত্তদশ্রাপ্তা। প্রেচুর ধন হইলে) লোভঃ ক্রোধ\*চ দস্ত\*চ মদঃ (লোভ, ক্রোধ, দস্ত, মদ) মৎসরঃ এব চ (এবং পবের গুণ দেখিয়া তাহার উপর বিদ্বেষ) বর্দ্ধতে (বৃদ্ধিপ্রাপ্ত হয়), তৎ (সেই ধন) কথং (কি প্রকারে) চিত্তশোধনং (চিত্তশুদ্ধির কারণ)। ভিবতীতি শেষঃ — হয় ? ]॥৮০

অনুবাদ। ধনের সম্যক প্রকারে লাভের ছারা লোভ, ক্রোধ, দম্ভ, মদ এবং মৎসর বাড়িয়া থাকে। সেই ধন কি প্রকারে অন্তঃকর-ণের বিশুদ্ধতা সম্পাদন করিবে १॥৮০

> অলাভাদ্দিগুণং ছুঃখং বিত্তস্ত ব্যয়সম্ভবে। ততোহপি দ্বিগুণং ※ ছুঃখং ছুৰ্ব্যয়ে বিদ্বুষামপি ॥৮১

মশ্বয়। বিত্ত (ধনের) ব্যবসন্তবে (ব্যবের সন্তাবনা হইলে) অলাভাৎ (অপ্রাপ্তি হইতে) দ্বিগুণং (বে ছঃখ হইতে পারে, তাহা অপেক্ষা ছইগুণ অধিক) ছঃখং (ছঃখ) [ভবতি -- হইয়া থাকে], ছর্ব্বারে (অন্তায়রূপে ব্যয় হইলে) বিছ্য়ামপি (অভিজ্ঞব্যক্তিগণেরও) ততোহপি (তাহা হইতেও) দ্বিগুণং (ছইগুণ অধিক) ছঃখং (ছঃখ) [ভবতি -- হইয়া থাকে]॥৮১

অনুবাদ। ধনব্যয়ের সম্ভাবনা হইলে, অপ্রাপ্তিনিবন্ধন ছুঃখ হইতে ছুইগুণ অধিক ছুঃখ হইয়া থাকে। অন্যায়রূপে ব্যয় হইলে অভিজ্ঞ ব্যক্তিগণেরও তাহা হইতেও ছুইগুণ অধিক ছুঃখ হইয়া থাকে॥ ৮১

ততোহপি ত্রিগুণং হুঃখম্ ইজি বা পাঠঃ।

নিত্যাহিতেন বিত্তেন ভয়চিন্তানপায়িনা। চিত্তস্বাস্থ্যং কুতো জন্তোঃ গৃহস্থেনাহহিনা যথা। ৮২

আহা। ভরচিন্তানপারিনা (ভর :ও চিন্তার সহিত সর্বাদা সম্বদ্ধ)
নিত্যাহিতেন (স্থতরাং সর্বাদাই অহিতকর) বিত্তেন (বিত্তের দ্বারা) জন্তোঃ
(প্রাণীর) যথা (যেমন) গৃহস্থিতেন (গৃহেতে অবস্থিত) অহিনা (সর্পের দ্বারা)
চিত্তবাস্থাং (চিত্তের স্বাস্থা) কুতঃ (কি প্রকারে হইবে ?)॥ ৮২।

অনুবাদ। গৃহে সর্প থাকিলে যেমন [ গৃহস্থের চিত্ত-স্বাস্থ্য হয় না ], সেইরূপ ভয় ও চিন্তার সহিত সর্ববদা সম্বন্ধ স্তুতরাং সতত অনিষ্ট-কর ধন থাকিলে, জীবের স্কুন্ততিতা কিরূপে হইতে পারে ? ॥ ৮২

কান্তারে বিজনে পুরে \* জনপদে সেতো নিরীতো চ বা চোর্টরর্বাপি তথেতরৈর্ন রবরৈ মুক্তো বিযুক্তো২পি বা। নিঃস্বঃ স্বস্থতয়া স্থাখন বদতি হ্যাদ্রীয়মাণো জনৈঃ

ক্লিপ্নাত্যেব ধনী সদাকুলমতিভীতশ্চ পুত্রাদপি॥ ৮৩

অশ্বয়। বিজনে (জনহীন) কাস্তারে (বনে) পুরে (নগরে) জনপদে (দেশে) দেতো (দেতুতে) নিরীতো চ বা (কিংবা নিরুপদ্রব স্থানে—যে কোন স্থানেই হোক না কেন) চোরৈঃ ((চোরগণ কর্তৃক) তথা (দেইরূপ) ইতরৈঃ (হীনপ্রকৃতি ব্যক্তিগণ কর্তৃক) নরবরৈঃ (অথবা মন্ত্যপ্রেষ্ঠণণ কর্তৃক) যুক্তঃ (মিলিত) বিষ্ক্রঃ অপি বা (কিংবা বিরহিত:হইয়া) নিঃম্বঃ (নির্ধন ব্যক্তি) স্থেন (অনায়ানে) বসতি (বাস করিয়া থাকে); জনৈঃ (সকল লোকই) আদ্রীয়মাণঃ (তাহাকে আদর করিয়া থাকে); ধনী (ধনবান্) সদা (সর্বাদা আকুলমতিঃ (ব্যাকুলচিত্ত) পুত্রাদপি (পুত্র হইতেও) ভীতঃ (ভয়যুক্ত হইয়া ক্রিয়া থাকে)। ৮০

অনুবাদ। নির্জ্জনবনে বা জনপদে কিংবা নগরে অথবা সেতুতে কিংবা সর্বপ্রকার ত্রুভিক্ষাদি-ভয়-হীন স্থানে যেখানেই নিঃস্ব ব্যক্তি বাস করে, সেখানে চৌর বা ইতরজন কিংবা নৃপতি প্রভৃতি গ্রেষ্ঠ ব্যক্তির সহিত মিলিত হউক বা না হউক, সে বিনা ক্লেশেই বাস করিয়া থাকে

<sup>\*</sup> বনে ইতি বা পাঠঃ।

এবং সকল লোকেই তাহাকে আদর করিয়া থাকে ; কিন্তু ধনী সর্ব্বদাই ব্যাকুলচিত্ত ( এমন কি ) পুত্র হইতেও ভয়যুক্ত হইয়া—সর্ব্বদাই ক্লেশ ভোগ করিয়া থাকে॥ ৮৩

তন্মাদনর্থস্থা নিদানমর্থঃ
পুমর্থসিদ্ধি ন' ভবত্যনেন।
তত্যে বনান্তে নিবসন্তি সন্তঃ
সন্ধ্যস্থা সর্বাং প্রতিকূলমর্থম্॥ ৮৪

আস্থা। তত্মাৎ (সেই কারণে) অর্থঃ (ধন) অনর্থস্থা (অনর্থের) নিদানং মূল কারণ), অনেন (এই অর্থের দারা) পুমর্থসিদ্ধিঃ (পুরুষার্থের সিদ্ধি)। ভবতি (হইতে পারে না); ততঃ (সেই কারণে) সস্তঃ (সাধুগণ) প্রতিকৃলং মোক্ষমার্গের বিরোধী) সর্বাং (সকল) অর্থং (ধনকে) সন্নস্য (পরিত্যাগ চবিয়া) বনাত্তে (বন্যধা) নিবসন্তি (বাস করিয়া থাকেন)॥৮৪

অনুবাদ। সেই হেতু অর্থ সনর্থের নিদান, এই অর্থের দ্বারা কুষার্থের ( অর্থাৎ মোক্ষের ) সিদ্ধি হইতে পারে না। সেই জন্মই মাক্ষমার্গের প্রতিকূল বলিয়া সকল প্রকার অর্থ ত্যাগ করিয়া সাধুগণ মরণ্যমধ্যে বাস করিয়া থাকেন॥৮৪

# বিরক্তি-ফলোপসংহারঃ।

শ্রদ্ধাভক্তিমতীং সতীং গুণবতীং পুত্রান্ শ্রুতান্ সম্মতান্ অক্ষয্যং বস্থ ধন্যভোগবিভবৈঃ শ্রীস্থন্দরং মন্দিরম্। সর্ববং নশ্বরমিত্যবেত্য কবয়ঃ শ্রুত্যক্তিভিযুক্তিভিঃ সংন্যস্তম্ভ্যপরে তু তৎ স্থুখমিতি ভ্রাম্যন্তি তুঃখার্ণবে ॥৮৫

আহ্বয়। শ্রদাভক্তিমতীং (শ্রদাভক্তিসম্পন্না) গুণবতীং (গুণবতী) সতীং দাধনী পন্নী) শতান্ (স্থপণ্ডিত) সন্মতান্ (অমুগত) পুতান্ (পুত্রগণ) অক্ষয়ং: (ক্ষর হইবার নহে এইরূপ) বস্থু (ধন) ধন্যভোগবিভবৈঃ (পুণ্যের দ্বারা লব্ধ নানা-বিধ ভোগদাধন-বিভব-সমূহের দ্বারা) শ্রীক্ষলরং (পরম-শোভা-মনোহর: মন্দিরং (ভবন) সর্ব্বং (এই প্রকার দকল বস্তুই) নশ্বং (বিনাশনীল) ইতি (ইহা) শ্রুত্যুক্তিভিঃ (গ্রুত্বর দ্বারা) যুক্তিভিঃ (এবং যুক্তিদমূহের দ্বারা) অবেত্য (বুঝিয়া) কবয়ঃ (তত্ত্বদর্শী ব্যক্তিগণ) সংগ্রস্তুস্তি (সংগ্রাদ অবলম্বন করিয়া থাকেন), অপরে তু (কিন্তু প্রাকৃত ব্যক্তিগণ) তৎ (দেই দকল বস্তুকেই) স্থেম্ (স্থেবে হেতু) ইতি [ এই প্রকার অবেত্য = নিশ্চয় করিয়া ] ত্রঃখাণ্বে ( হুথঃ-সমূদ্রে ) ভ্রামান্তি ( ভ্রমণ করিয়া থাকে ) ॥ ৮৫

অনুবাদ। শ্রাদ্ধা-ভক্তি-সম্পন্না গুণবতী পতিব্রতা পত্নী, অনুগত এবং পণ্ডিত পুত্রগণ, প্রচুর ধন, ও পুণ্যবলে লব্ধ নানাবিধ ভোগ-জনক-বিলাস সামগ্রীতে পূর্ণ পরম স্থানর ভবন, এই সকল বস্তুই বিনশ্বর, ইহা শ্রুতিবাকা এবং যুক্তিসমূহের সাহায্যে বুঝিতে পারিয়া, তব্দশী ব্যক্তিগণ সংখ্যাসাশ্রম অবলম্বন করিয়া পাকেন; কিন্তু মোহাদ্ধ ব্যক্তিগণ এই সকল বস্তুকেই (একমাত্র) স্থাপের সাধন বিবেচনা করিয়া, তুঃখ-সমূদ্রে পতিত হইয়া যুরিতে থাকে॥৮৫

> স্থমিতি মলরাশো যে রমন্তেংত্র গেহে ক্রিময় ইব কলত্র-ক্ষেত্র-পুত্রান্ম্বক্ত্যা। স্থরপদ ইব তেষাং নৈব মোক্ষপ্রদঙ্গ-স্থাপি তু নিরয়গর্ভাবাস-তুঃখপ্রবাহঃ॥ ৮৬

অন্ধর। অত্র (এই) মলরাশৌ (মলসমূহ-পরিপূর্ণ) গেছে (গৃছে)
মুরপদ ইব (ইহা স্বর্গসদৃশ এই প্রকার বিবেচনা করিয়া) কলত্র-ক্ষেত্রপূত্রান্থযক্ত্যা (স্ত্রী, বিষয় এবং পুত্র প্রভৃতির প্রতি একান্ত অন্থরাগের বশে)
মুখমিতি (মুখ ভোগ করিব এই আশায়) ক্রিময়ঃ ইব (ক্রিমিসমূহের ভায়)
যে (য়াহারা) রমস্তে (আসক্ত হইয়া থাকে) তেষাং (তাহাদিগের) মোক্ষপ্রসঙ্গঃ
(ম্ক্রির সভাবনা) নৈব [ভবতীতি শেষঃ = হইতে পারে না], অপিতু (কিন্তু)
নিরয়গর্ভাবাসফুঃপ্রসঙ্গঃ (নরক এবং গর্ভে বাসজ্বনিত ছৃঃথধারা) [ভবতীতি
শেষঃ = ইইয়া থাকে]॥ ৮৬

অমুবাদ। এই মলরাশিপূর্ণ গৃহকেই স্বর্গসদৃশ বিবেচনা করিয়া—ক্রী,বিষয় এবং পুত্রগণের প্রতি একান্ত আসক্তিবশতঃ ক্রিমি-সদৃশ যে সকল ব্যক্তিগণ প্রীতি অমুভব করে, তাহাদের মোক্ষের সম্ভাবনা নাই। প্রত্যুত, (বারংবার) নরক এবং গর্ভবাসজনিত ছঃখ-প্রবাহ (তাহাদের বিরত হয় না)॥৮৬

যেষামাশা নিরাশা স্থাৎ দারাপত্যধনাদিয়ু। তেষাং দিধ্যতি নাম্যেষাং মোক্ষাশাভিমুখী গতিঃ॥ ৮৭

অন্ধর। দারাপতাধনাদির ( পত্নী পুত্র এবং অর্থ প্রভৃতিতে) বেষাং ( যাহাদের ) নিরাশা ( নৈরাশ্রই ) আশা ( আশার স্থলাভিষিক্ত ), তেষাং ( তাহাদিগেরই ) মোক্ষাশাভিম্থী ( মোক্ষের দিকে অন্ধুক্ল ) গতিঃ / ( যাত্রা ) দিগাতি (সিদ্ধ হয় ); অন্থেষাং (অপর ব্যক্তিগণের) ন সিধাতি (সিদ্ধ হয় না) ॥ ৮৭

অনুবাদ। পত্নী, পুত্র এবং অর্থ প্রভৃতি ভোগ্যবস্তুসমূহে নিরাশাই যাঁহাদের আশার স্থলাভিষিক্ত হয়, তাঁহাদেরই মুক্তির দিকে অনুকূল গতি সিদ্ধ হয়, অপরের হয় না॥৮৭

দৎকশ্মক্ষয়পাপ্যুনাং শ্রুতিমতাং দিদ্ধাত্মনাং ধীমতাং

নিত্যানিত্যপদার্থশোধনমিদং যুক্ত্যা মৃহুঃ কুর্বতাম্। তস্মাত্রপ্রমহাবিরক্ত্যসিমতাং মোক্ষৈককাজ্ঞাবতাং

ধন্যানাং স্থলতং প্রিয়াদি-বিষয়েম্বাশালতাচ্ছেদনম্ ॥৮৮

অন্বয়। সংকর্মক্ষরপাপানাং (সাধুকার্যোর অন্তর্ভান দারা যাহাদের পাপ ক্ষয় হইরাছে) প্রতিমতাং ( যাহারা বেদার্থগ্রহ করিরাছে ) সিদ্ধাত্মনাং ( যাহাদের আত্মা যোগবলে সমাধি-সিদ্ধি লাভ করিরাছে ) মূছঃ ( বারংবার ) ইদং ( এই পূর্ব্বোক্ত প্রকার ) নিত্যানিত্যপদার্থশোধনং ( এই প্রকার বস্তু নিত্য এই ভাবে বিচার ) যুক্ত্যা ( যুক্তি দারা ) ক্র্বতাং ( করিরা থাকেন ) তত্মাৎ ( সেই নিত্যানিত্য বিচার হইতে ) উত্থ-মহাবিরক্ত্যুসিমতাং ( উথিত তীত্রবৈরাগ্যরূপ অসি যাহারা সংগ্রহ করিতে পারিরাছে ) মোকৈককাজ্জাবতাং ( একমাত্র মুক্তিকেই মাহারা অভিলাষ করে )

ধস্তানাং (সেই ভাগ্যবান্ পুরুষগণেরই) প্রিম্নাদি-বিষয়েষু (কাস্তা প্রভৃতি ভোগ্য-বস্তমমূহে) আশালতাচ্ছেদনং (আশারূপ লতার উচ্ছেদ) স্থলভং (স্থলভ) [ভবতীতি শেষঃ = হইয়া থাকে]॥ ৮৮

অনুবাদ। সাধুকার্য্যের অনুষ্ঠানের দ্বারা যাঁহাদের পূর্বব এবং বর্দ্তমান জন্মার্ভিজ্ঞত ] পাপের ক্ষয় হইয়াছে, যাঁহারা বেদের অধ্যয়ন করিয়াছেন, যাঁহারা (প্রাণায়ামাদি দ্বারা) সমাধি-সিদ্ধি লাভ করিতে পরিয়াছেন, যাঁহারা সর্বনদাই যুক্তির সাহায়ে নিত্য এবং অনিত্য বস্তুর বিবেক-জ্ঞান লাভ করিয়া থাকেন, যাঁহারা সেই বিবেক-জ্ঞান হইতে উদিত তীত্র বৈরাগ্যরূপ অসি সংগ্রহ করিতে পারিয়াছেন, এবং যাঁহারা একমাত্র মুক্তিরই কামনা করিয়া থাকেন, সেই সকল ধন্ম মানবগণেরই কাস্তা পুত্র প্রভৃতি ভোগ্য বিষয়সমূহে আশালতার উচ্ছেদ স্তলভ হইয়া থাকে। ৮৮

সংসার-মৃত্যে। বঁলিনঃ প্রবেষ্টুং
দ্বারাণি চ ত্রীণি মহান্তি লোকে
কান্তা চ জিহ্বা কনকঞ্চ তানি
রুণদ্ধি যস্তস্থ ভয়ং ন মৃত্যোঃ॥ ৮৯

আহায়। বলিনঃ (বলবান্) সংসারমূত্যোঃ (সংসারক্রপ মৃত্যুর) প্রবেষ্ট্রুং (প্রবেশ করিবার) কান্তা (প্রিয়তমা) জিহলা (রসনা) কনকঞ্চ (এবং স্থবণ) জীলি (এই তিনটি) মহান্তি (রৃহৎ) দ্বারাণি (দ্বারম্বরূপ) ভিবন্তি ইতি শেষঃ = হইয়া থাকে ]। যঃ (যে ব্যক্তি) তানি (সেই তিনটি দ্বারকে) রুণদ্ধি (রুদ্ধ করিয়া থাকে) তত্ত (সেই ব্যক্তির) মৃত্যোঃ (মৃত্যু হইতে) ন ভয়ং (ভয় নাই)॥৮৯

অনুবাদ। বলবান্ সংসার-রূপ মৃত্যুর ( মনুষ্য-শরীরে ) প্রবেশ করিবার জন্ম কান্তা, রসনা এবং স্থবর্গ এই তিনটি বস্তুই স্থপ্রশস্ত দ্বার-স্বরূপ হইয়া থাকে। যিনি এই তিনটি দ্বারকে রুদ্ধ করিতে পারেন ( অর্থাৎ ) এই তিনটি বস্তুর প্রতি আসক্তি পরিত্যাগ করিতে পারেন, তাঁহার আর মরণের ভয় থাকে না ॥৮৯ মুক্তিশ্রীনগরস্থ তুর্জ্জয়তরং দ্বারং যদস্ত্যাদিমং

তস্ম দ্বে অররে ধনং চ যুবতী তাভ্যাং পিনদ্ধং দৃঢ়ম্। কামাখ্যার্গলদারুণা বলবতা দ্বারং তদেতৎ ত্রয়ং

ধীরো যস্তু ভিনত্তি সোহর্হতি স্থখং ভোক্তুং বিমুক্তিশ্রিয়ম্॥৯০

অশ্বয়। মৃক্তি শ্রীনগরস্থা (মৃক্তি-লক্ষ্মী যে নগরে বিজ্ঞমান আছেন, সেই নগরের) ছর্জ্জয়তরং (অতিশয় ছর্জ্জয়) আদিমং (প্রথম) য়ৎ (য়ে )য়ারং (একটি য়ার) অন্তি (বিজ্ঞমান আছে)। তক্ত (সেই য়ারের) ধনং (অর্থ) যুবতী চ (এবং যুবতী) ছে (এই ছইটি) অররে (কপাট); তাভ্যাং (সেই ছইখানি কপাট য়ারা) বলবতা (অতিশয় প্রবল) কামাখ্যার্গলদারূলা (কাম নামক যে কার্চময় অর্গল তাহা য়ারা) য়ারং (ঐ য়ার) দৃঢ়ং (দৃঢ়ভাবে) পিনন্ধং (আবৃত রহিয়াছে)। তদেতৎ এয়ং (সেই তিনটি বস্তু অর্থাৎ যুবতী অর্থ এবং কামকে) য়ঃ (য়) য়ীয়ঃ (ধীয় ব্যক্তি) ভিনত্তি (ভেদ করিতে পারে), সঃ (সেই ব্যক্তি) বিমৃক্তিশ্রিয়ং (মোক্ষলক্ষ্মীকে) স্থুখং (স্থে (ভাক্তুং (ভোগ করিতে) অর্থতি (সমর্থ হয়)॥৯০

অনুবাদ। যে নগরীতে মোক্ষ-লক্ষ্মী বাস করেন, তাহার প্রথম দারটি অতিশয় তুর্জ্জয়। কারণ, ধন এবং যুবতী এই তুইটি (ভোগ্য বস্তুই) সেই দারের তুইখানি কপাট; সেই কপাট তুইখানির দারা এবং কামরূপ কাষ্ঠময় অর্গলের সাহায্যে ঐ দার স্থদৃঢ়ভাবে আবন্ধ রহিয়াছে। এই তিনটি বস্তুকে যে ধীর ব্যক্তি ভেদ করিতে পারিয়াছেন, তিনিই মোক্ষলক্ষ্মীকে ভোগ করিতে সমর্থ হইয়া থাকেন॥ ১০

আরূঢ়স্থ বিবেকাশং তীব্রবৈরাগ্য-খড়িগনঃ। তিতিক্ষা-বর্শ্ম-যুক্তস্থ প্রতিযোগী ন দৃশ্যতে॥ ৯১

অশ্বয়। বিবেকাশং (বিবেকরূপ অশ্বে) আর্নুন্থ যে ব্যক্তি আরোহণ করিয়াছে) তীত্রবৈরাগ্য-থজিগনঃ (তীত্র বৈরাগ্যরূপ অসি যাহার আছে) তিতিক্ষা-বর্ম্ম-যুক্তন্থ (এবং সহনশীলতারূপ বর্ম্ম যে ব্যক্তি পরিধান করিয়াছে, সেই ব্যক্তির) প্রতিযোগী (প্রতিদ্বন্দী) ন দৃখ্যতে (দৃষ্ট হয় না)॥ ১১

অনুবাদ। যে ব্যক্তি বিবেকরূপ অখে আরোহণ করিয়াছেন,

তীত্র বৈরাগ্যরূপ অসি ঘাঁহার অধিকৃত, এবং যিনি তিতিক্ষারূপ বর্ম্ম পরিধান করিয়াছেন, তাঁহার প্রতিষন্দী দেখিতে পাওয়া যায় না॥ ৯১

বিবেকজাং তীব্রবিরক্তিমেব

মুক্তের্নিদানং প্রবদন্তি সন্তঃ। তম্মাদ্বিবেকী বিরতিং মুমুক্ষুঃ

সম্পাদয়েৎ তাং প্রথমং প্রযক্রাৎ॥ ৯২

শ্বরা । সন্তঃ ( সাধুগণ ) বিবেকজাং ( সদসদ্বিচার হইতে প্রস্থত ) তীব্র-বিরক্তিমেব ( তীব্র বৈরাগকেই ) মুক্তেঃ ( মোক্ষের ) নিদানং ( মূলকারণ ) প্রবদন্তি ( বলিয়া থাকেন ) ;তশ্বাং (সেই কারণে) বিবেকী (বিবেকসম্পন্ন) মুমূল্ফুঃ ( মোক্ষার্থী ) প্রযন্ত্রাং (যদ্প্রের নারা) তাং (সেই বৈরাগ্যকেই ) প্রথমং ( প্রথমতঃ ) সম্পাদরেৎ ( সম্পাদন করিবেন ) ॥ ১২

অমুবাদ। সৎ এবং অসদ্বস্তুর বিচার হইতে প্রসূত তীব্র বৈরাগ্যকেই সাধুগণ মুক্তির মূল কারণ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। সেইজন্ম বিবেকসম্পন্ন মোক্ষার্থী প্রযক্তের দারা প্রথমতঃ সেই বৈরাগ্য-কেই সম্পাদিত করিবেন॥ ৯২

> পুমানজাতনির্বেদো দেহবন্ধং জিহাসিতুম্। ন হি শক্রোতি নির্বেদো বন্ধভেদো মহানসোঁ॥৯৩

অধ্যা। অজাতনির্বেদঃ (বাহার বৈরাগ্যের উদয় হয় নাই, এইরূপ)
পুমান্ (পুরুষ) দেহবন্ধং (দেহরূপ বন্ধনকে) জিহাসিতুং (উচ্ছিন্ন করিবার
ইচ্ছা করিতেও) ন শক্ষোতি (সমর্থ হয় না); হি (বেহেডু) অসৌ (এই)
নির্বেদঃ (বৈরাগ্যই) মহান্ (প্রবল) বন্ধতেদঃ (বন্ধন ভেদ করিবার
উপায়)॥৯৩

অন্মবাদ। যাহার বৈরাগ্য হয় নাই, সেই পুরুষ দেহরূপ বন্ধ-নকে ছিন্ন করিবার ইচ্ছাও করিতে পারে না। এই বৈরাগ্যই বন্ধন ডেদ করিবার মহানু উপায়॥ ৯৩

### বৈরাগ্যরহিতা এব যমালয় ইবালয়ে। ক্রিশ্বস্তি ত্রিবিধৈস্তাপৈর্মোহিতা অপি পণ্ডিতাঃ॥ ৯৪

অস্থা। বৈরাগ্যরহিতা এব যাহাদের বৈরাগ্য উদিত হয় নাই, তাহারাই) প্রিতা অপি (পঞ্জিত হইলেও) মোহিতাঃ (মোহপরবশ হইরা) ত্রিবিবৈঃ তাপে: (তিন প্রকার তাপের হারা) ক্লিপ্রন্তি (ক্লেশপ্রাপ্ত হইরা থাকে)॥ ১৪

অনুবাদ। যাহারা বৈরাগ্যহীন, তাহারা পণ্ডিত হইলেও মোহ-পরবশ হইয়া আধ্যাত্মিক আধিভৌতিক এবং আধিদৈবিক এই ত্রিবিধ তাপের দারা ক্লেশ প্রাপ্ত হইয়া থাকে॥ ৯৪

## শমাদিসাধন-নিরূপণম্।

শমোদমস্তিতিক্ষোপ রতিঃ প্রদ্ধা ততঃ পরম্। সমাধানমিতি প্রোক্তং যড়েবৈতে শমাদয়ঃ॥ ৯৫

আশ্বর। শম: (শম) দম: (দম) তিতিক্ষা, (সহিঞ্তা) উপরতি: (সন্নাদ) শ্রন্ধা (বিশ্বাদ) ততঃ পরং (তাহার পর) সমাবানং (সমাধি) ইতি (ইহা) প্রোক্তং (কথিত হইয়াছে । এতে (এই) শমাদরঃ (শম প্রভৃতি উপায়) বড় এব (ছয়টিই) [ভবস্তীতি শেষঃ = হইয়া থাকে]॥ ১৫

অনুবাদ। শম, দম, তিতিক্ষা, সন্ন্যাস শ্রাসা এবং তৎপরে সমাধান [কথিত হইরা থাকে]; এই শমাদি [উপায়] ছয়টিই [হইরা থাকে]॥ ৯৫

#### न्य ।

একর্তৈন্ত্র মনসং স্থলক্ষ্যে নিয়তস্থিতিঃ।
শম ইত্যুচ্যতে সদ্ভিঃ শমলক্ষণবেদিভিঃ॥ ৯৬
শ্বশ্বস্থা। মনসঃ (অন্তঃকরণের) স্বলক্ষ্যে নির্কের লক্ষ্য বস্তুতে) এক্রা (একটি রুত্তির দারা) এব (ই) নিয়তস্থিতিঃ (অচঞ্চল ভাবে অবস্থানই)

শমলক্ষণবেদিভিঃ (শমের লক্ষণ থাঁহারা জানেন এই প্রকার) সন্তি: (সাধুগণ কর্ত্বক) শমঃ (শম) ইতি (এই বলিয়া) উচাতে (উক্ত হুইয়া থাকে)॥ ৯৬

অনুবাদ। ধ্যেয় বস্তুতে একাকার বৃত্তির দ্বারাই চিত্তের নিয়ত অবস্থিতিই শম; এইরূপ শমলক্ষণবিৎ সাধুগণ নির্দেশ করেন॥ ৯৬

> উত্তমো মধ্যমশ্চৈব জঘন্তশ্চেতি চ ত্রিধা। \* নিরূপিতো বিপশ্চিডিঃ তত্তল্লক্ষণবেদিভিঃ॥ ৯৭

শ্বায় । তত্তন্ত্রশ্বন-বেদিভিঃ (বিশেষ-লক্ষণজ্ঞ) বিপশ্চিদ্ভিঃ (পপ্তিতগণ কর্ত্তক) উত্তম: (উত্তম) মধ্যম: (মধ্যম) জঘস্তশ্চ (এবং জঘস্ত) ইতি (এইরূপে) সুশম: (সেই শম) ত্রিধা (ত্রিবিব) নিরূপিতঃ (নির্ণীত হইরা পাকে)॥ ৯৭

অনুবাদ। বিশেষ-লক্ষণজ্ঞ পণ্ডিতগণ এই শম তিন প্রকার, এইরূপ নিরূপণ করিয়া থাকেন; যথা—উত্তম, মধ্যম এবং অধম॥ ৯৭

> স্ববিকারং পরিত্যজ্য বস্তমাত্রতয়া স্থিতিঃ। মনসঃ সোত্তমা শান্তির্ক্র ক্ষনির্ব্বাণলক্ষণা॥ ৯৮

অন্বয়। স্ববিকারং (নিজ বিকারকে) পবিত্যজ্ঞা (পরিতাগ করিয়া)
বস্তুমাত্রতরা (কেবল বস্তুস্বরূপে) মনসঃ (অন্তঃকরণের) যা ছিতিঃ (যে
অবস্থান) সা (তাহাই) উত্তমা (উৎকৃষ্ট) ব্রহ্মনির্ব্বাণলক্ষণা (পরব্রহ্মনায়
স্বরূপা)শাস্তিঃ (শম্) ডিচাতে ইতি শেষঃ = ক্থিত হয় । ॥ ৯৮

অনুবাদ। নিজ বিকারকে [একেবারে] পরিত্যাগ করিরা কেবল পরমার্থবস্তু-স্বরূপে চিত্তের যে অবস্থান, তাহাই উত্তম শম; তাহাই ব্রহ্মনির্ববাণস্বরূপ॥ ৯৮

> প্রত্যক্-প্রত্যয়-সন্তান-প্রবাহ-করণং ধিয়ঃ। যদেষা মধ্যমা শান্তিঃ শুদ্ধসতিত্বকলক্ষণা॥ ৯৯

অব্যা। ধিয়া (অন্তঃকরণের) বং (যে) প্রত্যক্-প্রত্যয়-সন্তান-প্রবাহ-করণং (বাহ্য বন্ধ ব্যতিরেকে কেবল দেই আভ্যন্তর বন্ধকে অবলম্বন করিয়া ধারাবাহিক একাকার পরিণামরূপ প্রত্যয়দম্হের স্পষ্টি) এবা (ইহাই) শুদ

জ্বত্ত ইতি চ ত্রিধা ইতি বা পাঠ: ।

সবৈক লক্ষণা (বিশুদ্ধসক্ষরপ) মধ্যমা (মধ্যম) শাস্তিঃ (শম) [ উচাতে ইতি শেষ: = কথিত হইরা থাকে ]॥ ৯৯

অনুবাদ। (বাহ্য বস্তুর সম্পর্ক একেবারে পরিত্যাগ করিয়া) মনের আভান্তর বস্তুতে যে একজাতীয় প্রত্যয়সমূহের ধারা সম্পাদন, তাহাই মধ্যম শান্তি বলিয়া উক্ত হইয়াথাকে; ইহার নাম বিশুদ্ধ সন্ত ॥৯৯

বিষয়-ব্যাপৃতিং ত্যক্ত্ব। শ্রবণৈকমনঃস্থিতিঃ।

মনসম্চেতরা শান্তিঃ মিশ্রসটেত্রকলক্ষণা॥ ১০০

ত শ্বর। বিষয়ব্যাপৃতিং (বিষয়স্তারে সঞ্চারকে) ত্যক্ত্বা (পরিত্যাগ করিয়া) শ্রবণৈকমনঃস্থিতিঃ (বেদাস্তবাক্যের শ্রবণে মনের স্থিবতা) মনসঃ (অস্তঃকরণের) ইতরা শাস্তিঃ (অধম শম) মিশ্রসবৈকলক্ষণা (ইহা মিশ্রসস্থ-স্বরূপ)[কথাতে ইতি শেষঃ = কথিত হইয়া থাকে]॥১০০

অনুবাদ। বাহ্যবিষয়সমূহে সঞ্চার পরিত্যাগপূর্বক বেদান্ত বাক্যের দ্বারা আত্মার স্বরূপ শ্রবণরূপ বিষয়ে চিত্তের থৈ স্থিরতা, তাহাই চিত্তের মধ্যম শম; ইহারই নাম মিশ্রা সত্ত্ব। ১০০

> প্রাচ্যোদীচ্যাস্থ-সদ্ভাবে শমঃ সিধ্যতি নান্যথা। তীব্রা বিরক্তিঃ প্রাচ্যাঙ্গমুদীচ্যাঙ্গং দমাদয়ঃ॥ ১০১

অন্বয়। প্রাচ্যোদীচ্যাঙ্গ-সন্তাবে (পূর্ব্ববর্ত্তী এবং পরবর্ত্তী অঙ্গের সদ্ভাব হইলেই) শমঃ (শম) দিধ্যতি (দিদ্ধ হইয়া থাকে) অন্তথা (অন্তপ্রকারে) ন (দিদ্ধ হয় না) তীব্রা (তীব্র) বিরক্তিঃ (বৈরাগ্য) প্রাচ্যাঙ্গং (পূর্ব্ববর্ত্তী অঙ্গ) দমাদয়ঃ (দম প্রভৃতিই) উদীচ্যাঙ্গম্ (উত্তরবর্ত্তী অঙ্গ)॥ ১০১

অনুবাদ। প্রাচ্য এবং উদীচা (অর্থাৎ পূর্ববর্ত্তী এবং পশ্চাদ্-বর্ত্তী) অঙ্গের সন্তাব হইলেই এই শম সিদ্ধি লাভ করে। তীব্র বৈরাগ্যাই ইহার পূর্ববর্ত্তি অঙ্গ এবং দম প্রভৃতি (বক্ষামাণ উপায়-গুলিই) পরবর্ত্তি [অঙ্গ হইয়া থাকে]॥১০১

কামঃ ক্রোধশ্চ লোভশ্চ মদো মোহশ্চ মৎসরঃ। ন জিতাঃ ষড়িমে যস্ত \* তস্ত শান্তি ন সিধ্যতি॥ ১০২ অম্বর। কামঃ (কাম) ক্রোধঃ (কোপ) লোভঃ (লোভ) মদঃ (মদ)

<sup>\*</sup> ষড়িমে যেন ইতি বা পাঠঃ।

মোহ: (মোহ) মৎসরশ্চ (এবং মৎসর) ইমে (এই) বট্ (ছয়টি) বস্তু (ফা ব্যক্তির) ন জিতা: (বশীক্কত হয় নাই) তস্তু (তাহার) শান্তি: (শম) ন সিধ্যতি (সিদ্ধ হয় না)॥ ১০২

অমুবাদ। কাম, ক্রোধ, লোভ, অভিমান, মোহ এবং পরগুণ-বিদেষ এই ছয়টি (রিপু) যাহার বশীকৃত হয় নাই, তাহার শান্তি সিদ্ধ হয় না॥ ১০২

> শব্দাদি-বিষয়েভ্যো যো বিষবন্ধ নিবর্ত্ততে। তীব্রমোক্ষেচ্ছয়া ভিক্ষস্তস্তু \* শান্তি র্ন বিদ্যুতে॥ ১০৩

অশ্বর। ষঃ (ষে) ভিক্ষঃ (সঞ্চাসী) তীব্রমোক্ষেচ্যা (মুক্তিতে উৎকট অভিলাষ নিবন্ধন) বিষবৎ (বিষসদৃশ) শব্দাদি-বিষয়েভাঃ (শব্দাদি-ভোগাবস্তু-সমূহ হইতে) ন নিবর্ত্ততে (নিবৃত্ত হয় না) তম্ম (তাহার) শাব্তিঃ (শম) ন বিশ্বতে (হইতে পারে না)॥ >•৩

অনুবাদ। মোক্ষে তাত্র অভিলাষ বশতঃ যে সন্ধাসী বিষদদৃশ শব্দাদি ভোগ্যবস্তু হইতে নির্ত্ত হয় না, তাহার শান্তি হইতে পারে না॥১০৩

> যেন নারাধিতো দেবো যস্ত নো গুর্ব্বকুগ্রহঃ। ন বশ্যং হৃদয়ং যস্ত তস্ত শান্তিন সিধ্যতি॥ ১০৪

আশ্বয়। যেন (যে ব্যক্তি-কর্তৃক) দেবঃ (দেবতা) ন আরাধিতঃ (উপাদিত হয় নাই) যক্ত (বাহার উপর) গুর্বসূর্যহঃ (গুরুর রুপা নাই) যক্ত (যাহার) হৃদয়ং (অন্তঃকরণ) ন বঞ্চং (বশীভূত হয় নাই) তক্ত (সেই ব্যক্তির) শান্তিঃ (শন) ন সিধ্যতি (সিদ্ধ হইতে পারে না) ॥ ১০৪

অনুবাদ। ' যে দেবতার সারাধনা করে নাই, বাহার উপর গুরুর কুপা নাই এবং বাহার অন্তঃকরণ বশীভূত হইবার নহে, সেই বাক্তির কখনই শম সিদ্ধ হয় না॥ ১০৪

<sup>🖟</sup> ভিকোঃ ইতি বা পাঠঃ।

## মনঃ প্রসাদ-সাধনম্।

মনঃপ্রসাদসিদ্ধ্যর্থং সাধনং জ্রায়তাং বুধৈঃ। মনঃপ্রসাদো যৎসতে, যদভাবে ন সিধ্যতি॥ ১০৫

অস্থ্য । যৎসত্ত্ব ( যাহা বিশ্বমান থাকিলে ) মন:প্রসাদ: ( চিত্তের প্রসন্নতা )
[ ভবতীতি শেষ: = হইরা থাকে ], বদভাবে ( যাহার অভাব হইলে ) ন সিধাতি
( মন:প্রসাদ সিদ্ধ হয় না ); মন:প্রসাদসিদ্ধার্থং ( মনের প্রসন্নতা-সিদ্ধির জন্ম )
সাধনং ( সেই সাধন ) বুধৈঃ ( পণ্ডিতগণ-কর্ত্ক ) শ্রায়তাম্ ( শৃত হউক ) ॥ ১০৫

অনুবাদ। যাহা হইলে চিত্তের প্রসন্মতা হয়, [এবং ] যাহার অভাবে [চিত্তের প্রসন্মতা ] হয় না, চিত্তের প্রসন্মতা সম্পাদনের সেই সাধন [কি, তাহা ] পণ্ডিতগণ শ্রাবণ করুন ॥১০৫

> ব্ৰহ্মচৰ্য্যমহিংসা চ দয়া ভূতেম্ববক্ৰতা। বিষয়েম্বতিবৈতৃষ্ণ্যং শৌচং দম্ভবিবৰ্জ্জনম্॥ ১০৬

অশ্বয়। ব্রহ্মচর্যাং ( মৈথুনবর্জ্জন ), অহিংসা (প্রাণিহিংসা-বর্জ্জন ), ভূতেষু (জীবগণের প্রতি) দয়া (করুণা), অবক্রতা (সরলতা), বিষয়েষু (বিষয়-সম্হে) অতিবৈত্ঞাং (অত্যন্ত বিত্ঞা), শৌচং (বাহু এবং আভ্যন্তর শুচিতা) দম্ভবিবর্জ্জন (দান্তিকতা পরিহার)॥ ১০৬

অনুবাদ। মৈথুন-বর্জ্জন, প্রাণিহিংসা-পরিত্যাগ, জীব্সমূহে করুণা, সরলতা, ভোগ্যবস্তুসমূহে অতিশয় বৈরাগ্য, বাহ্য এবং আড্যান্তর শৌচ, অদাস্থিকতা ॥ ১০৬

সত্যং নির্ম্মমতা স্থৈর্য্যমভিমানবিবর্জ্জনম্।\*
ঈশ্বরধ্যানপরতা ত্রহ্মবিদ্তিঃ সহ স্থিতিঃ॥ ১০৭

অস্বয়। সতাং (মিথ্যাব্যবহার পরিত্যাগ), স্থৈর্যাং (স্থিরতা), অভিমান-বিবর্জনং (অভিমান পরিহার), ঈশ্বধ্যানপরতা (ঈশ্বর-চিস্তাভ্যাস), বন্ধবিদ্धিঃ (ব্রন্ধজ্ঞব্যুক্তিগণের) সহ (সহিত) স্থিতিঃ (অবস্থান)॥১০৭

<sup>🛊</sup> অভিমান বিসর্জনমিতি বা পাঠঃ।

অনুবাদ। মিথ্যা-ব্যবহার-বর্জ্জন, স্থিরতা, অভিমানত্যাগ, ঈশ্রচিন্তাভ্যাস, ব্রহ্মবিদ্গণের সহিত অবস্থান॥ ১০৭

জ্ঞানশাস্ত্রিকপরতা সমতা স্থখদুঃখয়োঃ। মানানাসক্তিরেকান্তশীলতা চ মুমুক্ষুতা॥ ১০৮

অন্থর। জ্ঞানশান্ত্রৈকপরতা ( অধ্যাত্মশান্ত্রের অহুশীলন), স্থুখছঃখয়োঃ (স্থুধে বা ছঃখে) সমতা (অবিচলভাবে স্থিতি), মানানাসক্তিঃ (সন্মানে অনাসক্তি), একান্তশীলতা (নির্জ্জনবাসপ্রিয়তা), মুমুক্ষ্তা চ (এবং মুক্তিলাভের ইচ্ছা)॥১০৮

অনুবাদ। অধ্যাত্মশান্ত্রের অনুশীলন, স্থাথে বা ছুঃথে চঞ্চল না হওয়া, সন্মানে অনাসক্তি, নির্জ্জনবাস-রতি মোক্ষলাভের ইচ্ছা॥ ১০৮

যস্তৈতদ্বিদ্যতে সর্ব্বং তম্ম চিত্তং প্রসীদতি। নত্ত্বতদ্ধর্মশূর্যস্থ প্রকারান্তরকোর্টিভিঃ॥ ১০৯

অন্বয়। যস্ত (যাহার) এতং (এই) সর্বাং (সকল) বিছতে (বিছ্যান আছে). তক্ত (তাহার) চিত্তং (অন্তঃকরণ) প্রদীদতি (প্রসন্ন হয়); এতদ্ধর্ম-শূক্তম্ত (এই কয়টি ধর্ম যাহার নাই তাহার) প্রকারান্তরকোটিভিঃ (অন্ত কোটি উপারের দ্বারাও) [ন প্রদীদতি ইতি শেষ:=অন্তঃকরণ প্রসন্ন হয় না]॥১০৯

অনুবাদ। এই সকল ধর্ম যাহার বিজ্ঞমান আছে, তাহারই অস্তঃকরণ প্রসন্ম হইয়া থাকে, যাহার কিন্তু এই কয়টি ধর্ম নাই, তাহার অস্ত কোটি উপায়ের দ্বারাও অন্তঃকরণ প্রসন্ন হইতে পারে না॥ ১০৯

## ব্ৰহ্মচৰ্য্যম্।

স্মারণং দর্শনং স্ত্রীণাং গুণকন্মানুকীর্ত্তনম্।
সমীচীনত্বধীস্তাস্থ প্রীতিঃ সম্ভাষণং মিথঃ॥ ১১০
সহবাসশ্চ সংসর্গঃ অফথা মৈথুনং বিদ্যঃ।
এতদ্বিলক্ষণং ব্রহ্মাচর্য্যং চিক্তপ্রসাদকম্॥ ১১১ ।
অহায়। স্ত্রীণাং (রমণীগণের) স্বরণং (চিক্কা) দর্শনং (বিলোকন

গুণকর্মান্ত্রকীর্ত্তনং (শুণ ও কর্মের প্রশংসা) তাম্ব (তাহাদের উপর) সমী-চীনদ্ববী: (চাক্রতা-বোধ) প্রীতি: (ভালবাসা) মিথ: (অভোন্ত) সম্ভাবণং (আলাপ) সহবাস: (একত্রবাস) সংসর্গ: (সঙ্গম) অষ্ট্রধা (এই অন্তপ্রকারই) মৈথুনং (মৈথুন) বিহুঃ (ইহা অভিজ্ঞবাক্তিগণ বুমিয়া থাকেন); এতদ্বিলক্ষণং (এই ক্য়টির বিপরীত আচরণ) ব্রম্ভর্যাং (ব্রদ্ভর্যাই) চিত্তপ্রসাদনং (চিত্তের প্রসন্ধ্রতার কারণ)॥ >>• ->>>

অমুবাদ। রমণাগণের চিন্তা অবলোকন এবং গুণ ও কর্ম্মের প্রশংসা, তাহাদিগকে রমণায় বলিয়া বোধ করা, তাহাদের প্রতি প্রেম, এবং অমুরাগপূর্বক পরস্পর সম্ভাষণ, তাহাদের সহিত একত্র অবস্থান এবং সপ্রম এই অফ্টপ্রকার ব্যবহারকেই (পণ্ডিতগণ) মৈথুন বলিয়া বিবেচনা করিয়া থাকেন। এই কয়টির পরিবর্জ্জনই ব্রহ্মচর্য্য, (ব্রহ্ম-চর্যাই) চিত্তের প্রসন্মতার হেতু [হইয়া থাকে]॥১১০—১১১

### অহিংদা।

অহিংসা বাঙ্মনঃকায়ৈঃ প্রাণিমাত্রাপ্রপীড়নম্। স্বাত্মবৎ সর্বভূতেযু কায়েন মনসা গিরা॥ ১১২

অন্বয়। বাঙ্মনঃকারেঃ (বাক্য মনঃ এবং শরীরের ধারা) প্রাণিমাত্রা-প্রপীড়ন (জীবমাত্রকেই কোন প্রকার পীড়ন না করা) কায়েন (দেহ ধারা) দনসা (মনের ধারা) গিরা (বাক্যের ধারা) সর্বভূতেমু (সকল প্রাণীতেই) ধায়বৎ (নিজের আায়ার ভাায়) [ব্যবহরণমিতিশেবঃ = ব্যবহার করাই] অহিংসা (অহিংসা)॥ ১১২

অনুবাদ। বাক্য মনঃ এবং দেহের দ্বারা কোন প্রাণীকেই ক্লেশ প্রদান না করা এবং শরীর, মনঃ এবং বাক্যের দ্বারা সকল জীবের প্রতিই নিজের আক্মার স্থায় ব্যবহার করাই অহিংসা॥ ১১২

#### দয়া-বক্ততে।

অমুকম্পা দয়া সৈব প্রোক্তা বেদান্তবাদিভিঃ। করণত্রিতয়েশ্বেকরূপতাহবক্রতা মতা॥ ১১৩

আশ্বর। [ যা লোকে = যাহা জগতে ] অমুকল্পা (অমুকল্পা ) [ ইতি প্রদিদ্ধা = বিদিয়া প্রদিদ্ধ আছে ] বেদাস্তবাদিভি: (বেদাস্তবাগাতৃপণ্ডিতগণ কর্ত্ব ) দৈব (তাহাই) দয়া প্রোক্তা (দয়া বিদিয়া কথিত হইন্নাছে); করণতিতিরে (কর্মেক্তিরে জ্ঞানেক্রিয়ে এবং অন্তরিক্রিয়ে) একরূপতা (এক ভাবে বৃত্তিই) অবক্রতা (অবক্রতা বিদিয়া ) মতা (সন্মত হইন্না থাকে ) ॥ ১১৩

অমুবাদ। [লোকে যাহা] অমুকম্পা [বলিয়া প্রসিদ্ধ আছে], বেদান্তশাস্ত্রের ব্যাখ্যাতৃগণ তাহাকেই দ্য়া বলিয়া থাকেন। কর্মেন্দ্রিয় জ্ঞানেন্দ্রিয় এবং অন্তরিন্দ্রিয়ের দ্বারা একই প্রকার ব্যবহার ( অর্থাৎ মনে একরূপ চক্ষু প্রভৃতিতে আর একরূপ এবং বাকা প্রভৃতিতে অন্ত-রূপ ব্যবহার, যাহা খল ও কুটিল ব্যক্তির অভ্যন্ত, তাহার একেবারেই বর্জ্জন অর্থাৎ যেরূপ অন্তরে, বাহিরেও সেইরূপ ব্যবহারই) অবক্রতা বলিয়া বিবেচিত হয়॥ ১১৩

# रेवज्काम्।

ব্রহ্মাদিস্থাবরাত্তেমু বৈরাগ্যং বিষয়েম্বন্তু। যথৈব কাকবিষ্ঠায়াং বৈরাগ্যং তদ্ধি নিম্মলম্॥ ১১৪

আশ্বর। যথৈব (মে প্রাকারে) কাকবিষ্ঠারাং (কাকের বিষ্ঠার উপব)
তথা (সেইরূপ) ব্রন্ধানিস্থাবরাস্তেমু (ব্রন্ধানাক হইতে স্থাবর পর্যান্ত ) বিষয়ের্
(ভোগ্যবস্তানমূহে) বৈরাগ্যং (বিরক্তিঃ) অন্ন (ই) যৎ (বাহা) তৎ (তাহাই)
নির্মালং (বিম্লা) বৈরাগ্য (বৈরাগ্য হি (প্রাসিদ্ধ আছে)॥ >>8

অমুবাদ। কাকের বিষ্ঠাতে যেরূপ বিরক্তি থাকে, ব্রহ্মলোক ছইতে স্থাবর পর্যান্ত ভোগ্যবস্তু মাত্রেই সেইরূপ বৈরাগ্যই, নির্মান বৈরাগ্য (বা বৈতৃষ্ণ্য বলিয়া বিৰেচিত হয় )॥ ১১৪

# শৌচম।

বাহ্যমাভ্যস্তরং চেতি দ্বিবিধং শৌচমুচ্যতে।

মুজ্জলাভ্যাং কৃতং শৌচং বাছং শারীরিকং স্মৃত্যু ॥# ১১৫

অবয়। বাহুম্ (বাহু) আভ্যস্তরং চ (এবং আভ্যস্তর) শৌচং (শৌচ) ইবিধং (হুই প্রকার) উচ্যতে (কথিত হইয়া থাকে); মৃজ্জলাভ্যাং (মৃদ্তিকা ও জলের দারা সম্পাদিত) শারীরিকং (শরীর সম্বন্ধে) শৌচং (শৌচ) বাহুং ্বাহু বলিয়া) শুতুম্ (ধর্মশান্ত্রে নির্দিষ্ট হইয়া থাকে)॥ ১১৫

অনুবাদ। শৌচ ছই প্রকার কথিত হইয়াছে; যথা বাছ এবং আভ্যন্তর। মৃত্তিকা এবং জলের দ্বারা যে শৌচ হয়, তাহাই বাছ শৌচ বলিয়া স্মৃতিশাস্ত্রে উক্ত হইয়াছে॥ ১১৫

অজ্ঞান-দূরীকরণং মানসং শোচমান্তরম্। অন্তঃশোচে স্থিতে সম্যুগ্ বাহ্যং নাবশ্যকং নৃণাম্॥ ১১৬ অবয়। মানসং (মনের) শোচং (শোচই) আন্তরং (আন্তর শোচ)

অধন্য। মানসং (মনের) শৌচং (শৌচই) আন্তরং (আন্তর শৌচ)
[তাহাই] অজ্ঞান-দ্রীকরণং (অজ্ঞানের নিরাকরণ) [ভবতীতি শেষঃ =

াইরা থাকে] অল্ডংশৌচে (অল্ডংশৌচ) সম্যক্ (সম্যক্প্রকারে) দ্বিতে (সিদ্ধ

াইলো) নৃণাং (মন্ত্রাগণের) বাহুং (বাহু) শৌচং (শৌচ) ন আবশ্রকং

মাবশ্রক হন্ন না)॥১১৬

অনুবাদ। মনের বিশুদ্ধতাই আন্তর শৌচ, তাহাও অজ্ঞানকে ব করা ছাড়া অন্য কিছু নহে। অন্তঃশৌচ অর্থাৎ মনের বিশুদ্ধি ম্যক্প্রকারে সিদ্ধ হইলে মনুষ্যগণের আর বাছশৌচ আবশ্যক য় না॥ ১১৬

#### দন্তঃ ।

ধ্যানপূজাদিকং লোকে দ্রস্টর্য্যের করোতি যঃ। পারমার্থিক-ধীহীনঃ স দম্ভাচার উচ্যতে। পুংসস্তথাহনাচরণ মদম্ভিত্বং বিতুর্বুধাঃ॥ ১১৭

শারীরকমিতি বা পাঠ: ।

অবয়। জন্তরি (দেখিবার লোক বিদামান থাকিলে) এব (ই) লোকে (সংসারে) যঃ (যে ব্যক্তি) ধ্যানপূজাদিকং (ধ্যান ও পূজা প্রভৃতি) করোডি (করিয়া থাকে) পারমার্থিক-ধীহীনঃ (শ্রুদ্ধাহীন) সঃ (সেই ব্যক্তি) দন্তাচারঃ (দন্তাচার বলিয়া) উচাতে (কথিত হইয়া থাকে)। পুংসঃ (পুরুষের) তথা অনাচরণং (সেইরপ আচার না করাকেই) বুধাঃ (পণ্ডিতগণ) অদন্তিরং (আদন্তির্থ বলিয়া) বিহুঃ (জানিয়া থাকেন)॥ ১১৭

অমুবাদ। দেখিবার লোক বিজ্ঞমান থাকিলে (কেবল দেখাইবার জন্মই) এই সংসারে যে ব্যক্তি ধ্যান ও পূজা প্রভৃতির অমুষ্ঠান করিয়া থাকে, সেই শ্রদ্ধাবিহীন ব্যক্তিকেই দম্ভাচার বলা যায়। এই প্রকার দম্ভাচার পরিত্যাগ করাকেই পণ্ডিতগণ অদম্ভির বলিয়া নির্দেশ করিয়া থাকেন॥ ১১৭

#### সত্যম্।

যৎ স্বেন দৃষ্টং সম্যক্ চ শ্রুতং তস্থৈব ভাষণম্। সত্যমিত্যুচ্যতে ব্রহ্ম সত্যমিত্যভিভাষণম্॥ ১১৮

আশ্বয়। স্বেন (নিজে) মং ( মাহা ) দৃষ্টং (দেখিয়াছে ) সমাক্ চ (এং সমীচীনভাবে ) ক্রন্ডং ( শুনিয়াছে ), তন্ত্র এব ( তাহারই ) ভাষণং ( কথন সতাম্ইতি ( সত্য বলিয়া ) উচ্যতে ( কথিত হইয়া থাকে ); ব্রন্ধা ব্রন্ধই ) সত্ত ( সত্য ) ইত্যভিভাষণং ( এই প্রকার সর্বাদা মুখে বলাও ) সত্যমিত্যচাতে ( সহ বলিয়া কথিত ইইয়াছে ) ॥ ১১৮

অনুবাদ। যাহা স্বয়ং দেখিয়াছে বা ভাল করিয়া (বিশ ব্যক্তির নিকটে) শুনা গিয়াছে, তাহারই কথনকে সত্য বলা যায় এ সর্ববদা "ব্রহাই সত্য" এই প্রকার উক্তিকে ও সত্য বলা যায় ॥১১৮

## নিৰ্শ্বমতা।

দেহাদিরু স্বকীয়ত্ব-দৃঢ়বুদ্ধি-বিদর্জ্জনম্। নির্ম্মমত্বং স্মৃতং যেন কৈবল্যং লভতে বুধঃ॥ ১১৯ আরয়। দেহাদির্ (দেহ প্রভৃতি বস্ততে) স্বকীয়ন্ত-বৃদ্ধি-বিদর্জনং (ইহা আমার এই প্রকার বৃদ্ধিকে হইতে না দেওয়াই) নির্দ্মমন্তং (নির্দ্মমতা বলিয়া) শুতং (শ্বতিশাজে নির্দ্দিষ্ট হইয়াছে); যেন (যে নির্দ্মমতার দ্বারা) বৃধঃ (পণ্ডিড ব্যক্তি) কৈবলাং (নির্দ্ধাণ) লভতে (লাভ করিয়া থাকেন)॥ ১১৯

অনুবাদ। দেহ প্রভৃতি বস্তুতে ইহা আমার এই প্রকার বুদ্ধিকে না হইতে দেওয়াই শৃতিশাস্ত্রে নির্মামত্ব বলিয়া উক্ত হইয়াছে; এই নির্মামত্ব দারা পণ্ডিত ব্যক্তি নির্বর্গণ লাভ করিতে সমর্থ হইয়া গাকেন॥ ১১৯

## देश्याम्।

গুরুবেদান্তবচনৈ নিশ্চিতার্থে দৃঢ়স্থিতিঃ।

তদেকরত্তা তৎস্থৈয়ং নৈশ্চল্যং ন তু বন্ধ ণঃ॥ ১২০

শ্বস্থা। গুকবেদান্তবচনৈঃ (গুৰুর এবং বেদান্তের বচনসমূহের দারা)
নিশ্চিতার্থে (বাহা নিশ্চিত হইয়া থাকে সেই বস্তুতে) তদেকবৃত্তা (তাহাতে
চিত্তকে একাগ্রভাবে সংলগ্ধ করিয়া) বা (বে) দৃচ্স্থিতিঃ (অকম্পিতভাবে
অবস্থান) তৎ (তাহাই) স্থৈয়াং (স্থৈয়া), বর্মাণাঃ (দেহের) নৈশ্চলাং (নিশ্চলতাই) ন তু [ স্থৈয়ামিত্যুচ্যতে ইতি শেষঃ = স্থৈয়া বিলিয়া নির্দিষ্ট হয় না]॥ ১২•

অনুবাদ। গুরুর উপদেশ এবং বেদাস্তবচনসমূহ দারা মে বস্তু নির্ণীত হয়, সেই বিষয়ে চিত্তের একাগ্রতার সহিত সর্বদা অবস্থান (অর্থাৎ ধ্যান করাই) স্থৈয়; কেবল শরীরকে নিশ্চল করিয়া রাখাই স্থৈয় হইতে পারে না॥ ১২০

# অভিমান-বিস্জ্জনম্।

বিলৈশ্বর্য্যতপোরূপকুলবর্ণাশ্রমাদিভিঃ।

সঞ্জাতাহংক্কতে স্ত্যাগ স্থভিমানবিসর্জ্জনম্ ॥ \* ১২১ অন্ত্রয়। বিল্যোক্তগোরগকুলবর্ণাশ্রমাদিভিঃ (বিদ্যা, ঐশ্বর্যা, তপস্থা,

সঞ্জাতাহং কৃতিত্যাগঃ ইভি বা পাঠ; ।

শরীরের সৌন্দর্য্য, বংশ এবং আশ্রম প্রভৃতির দ্বারা ) সঞ্জাতাহংক্ততেঃ ত্যাগঃ (উৎপন্ন হইরা থাকে যে অহংকার তাহারই পরিত্যাগ) অভিমানবিসর্জনং (অভিমান বিসর্জন)॥ ১২১

অনুবাদ। বিছা, ঐশর্যা, সৌন্দর্যা, তপস্থা, বর্ণ এবং আশ্রম প্রভৃতির দারা যে অহংঙ্কার উৎপন্ন হয়, একেবারে তাহাকে পরিতাাগ করাই অভিমান-বিসর্জ্জন (বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়া থাকে)॥ ১২১

# निश्वत्था।

ত্রিভিশ্চ করণৈঃ সম্যুগ্ হিস্থা বৈষয়িকীং ক্রিয়াম্। স্বাল্যেকচিন্তনং যত্তদীশ্রধ্যানমীরিতম্॥ ১২২

আন্বয়। ত্রিভিঃ (তিন প্রকার) করণৈঃ (ইন্দ্রিরের দ্বারা অর্থাৎ কর্ম্বেন্দ্রির, জ্ঞানেন্দ্রির এবং অন্তরিন্দ্রির দ্বারা) বৈষয়িকীং (বিষয়-সম্বন্ধিনী) ক্রিয়াং (ক্রিয়াকে) সম্যক্ (সম্যক্ প্রকারে) হিছা (পরিত্যাগ করিয়া) যৎ (যে) স্থাবৈত্রকচিন্তনং (নিজের আত্মার ধ্যান) তৎ (তাহাই) ঈশ্বরধ্যানং (ঈশ্বরধ্যান বিলিয়া) ঈরিতং (কথিত হইয়া থাকে)॥ ১২২

অনুবাদ। ত্রিবিধ করণের দ্বারা যত প্রকার বৈষয়িক ব্যাপার হইয়া থাকে; তাহা সকলই পরিত্যাগ করিয়া, নিজের আত্মাকে অনন্যভাবে চিন্তা করাকেই ঈশ্বরধ্যান বলিয়া (আচার্য্যগণ) নির্দেশ করিয়া থাকেন॥ ১২২

## ব্ৰহ্মবিৎসহবাসঃ।

ছায়েব সর্বাদা বাদো ব্রহ্মবিদ্তিঃ সহ স্থিতিঃ॥ ১২৩

অন্থয়। ছারা ইব (ছারার ফার) সর্বাদা (সকল সমরেই) ব্রহ্মবিশ্বি: (ব্রহ্মক্ত ব্যক্তিগণের) সহ স্থিতিঃ (সহ অবস্থানই) বাসঃ (ব্রহ্মবিৎ-সংবাস) [উচ্যতে ইতি শেবঃ = উক্ত হইরা গাকে]॥১২৩ অন্মুবাদ। ব্রহ্মজ্ঞ পুরুষগণের সহিত সর্ববদা ছায়ার স্থায় যে অবস্থান তাহাকেই ব্রহ্মবিৎ সহবাস বলা যায়॥ ১২৩

## क्छान-निष्ठी।

যদ্যত্নক্তং জ্ঞানশাস্ত্রে শ্রবণাদিক্রমেষু যঃ। নিরতঃ কম্মধীহীনঃ জ্ঞাননিষ্ঠঃ স এব হি॥ ১২৪

অন্ধর। জ্ঞানশাস্ত্রে (বেদাস্তাদি জ্ঞানশাস্ত্রে) যদ যদ্ উক্তং (যাহা কিছু বলা ইইয়াছে) শ্রবণাদিক্রমেষু (সেই সেই শ্রবণ-মননাদিক্রমে) কর্ম্মধীহীন: কর্ম্মবৃদ্ধিকে একেবারে পরিত্যাগ করিয়া) যঃ (যে ব্যক্তি) নিরতঃ (ব্যাপৃত ইইয়া থাকে), স এব হি (সেই ব্যক্তিই) জ্ঞাননিষ্ঠঃ (জ্ঞাননিষ্ঠ বলিয়া নির্দিষ্ট হয়)॥১২৪

অনুবাদ। শ্রবণ মনন ও নিদিধ্যাসন বিষয়ে বেদান্তশাস্ত্রে থাহা কিছু বলা হইয়াছে, তদমুসারে ঐ শ্রবণাদিতে যে ব্যক্তি কর্ম্ম বুদ্ধি পরিত্যাগ করিয়া ব্যাপৃত হইয়া থাকে, তাহাকেই জ্ঞাননিষ্ঠ বলা যায়॥ ১২৪

#### ममज्म ।

ধনকান্তাজ্বরাদীনাং প্রাপ্তিকালে স্থাদিভিঃ। \* বিকারহীনতৈব স্থাৎ স্থখতুঃখসমানতা॥ ১২৫

অন্বয়। ধনকান্তাজরাদীনাং ( ५ র্থ, রমণী বা জর প্রভৃতি রোগাদির) প্রিকালে (প্রাপ্তিসময়ে) স্থাদিভি: ( স্থথ বা ছংথ প্রভৃতি বারা) বিকার-নতা (নির্বিকারতা) এব (ই) স্থথছংথদমানতা ( স্থথ-ছংখ-সমস্ক ) তাৎ বিদ্যা নির্দিষ্ট হইয়া থাকে )॥ ১২৫

প্রাপ্তকালে ইতি বা পাঠ: ।

অনুবাদ। ধন, কাস্তা কিংবা দ্বর প্রভৃতির প্রাপ্তিকালে অস্তঃকরণে কোন প্রকারে বিকার না হইতে দেওয়াকে স্থ-দুঃখ-সমানতা বলা যায়। ১২৫

## মানানাসক্তিঃ।

শ্রেষ্ঠং পূজ্যং বিদিত্বা মাং মানয়স্ত জনা ভূবি। ইত্যাসক্ত্যা বিহীনত্বং মানানাসক্তিরুচ্যতে॥ ১২৬

আহার। মাং (আমাকে) শ্রেষ্ঠং (শ্রেষ্ঠ) পূজ্যং (পূজনীর) বিদিদ্ধা (বিবেচনা করিরা) ভূবি (পৃথিবীতে) জনাঃ (জনসমূহ) মানরস্ক (সন্মানিত করুক) ইতি (এই প্রকার) আসক্ত্যা বিহীনদ্ধং (আসক্তিকে পরিত্যাগ করা) মানানাস্তিক্ষং (মানে অনাস্তিক্ষ্) উচ্যতে (বলিয়া কথিত ছইয়া থাকে)॥ ১২৬

অনুবাদ। আমাকে পৃথিবীতে শ্রেষ্ঠ এবং পূজা বোধ করিয় জনসমূহ সম্মানিত করুক, এই প্রকার আসক্তির পরিত্যাগই মানে অনাসক্তি বলিয়া নির্দিষ্ট হইয়া থাকে॥ ১২৬

### একান্তশীলতা।

সচিন্তনন্ত সংবাধো বিদ্নোহয়ং নিৰ্জ্জনে ততঃ। স্থেয়মিত্যেক এবাস্তি চেৎ সৈবৈকান্তশীলতা॥ ১২৭

অহা । অরং (এই) সংবাধঃ (জনপূর্ণস্থান) সচিস্তনন্থ (ব্রন্ধচিতাণ পক্ষে) বিল্লঃ (ব্যাঘাতকর) ততঃ (সেইজন্ম) নির্জ্জনে (জনশূন্ম স্থানে) ব্যে (বাস করিতে হইবে) ইতি (এই প্রকার সংকল্প করিয়া) চেৎ (যদি) এই এব অন্তি (একাকীই [কেহ] অবস্থান করিতে থাকে), সা এব (তাহাই। একান্ধশীলতা (একান্ধশীলতা বলিয়া) [কথাতে ইতি শেষঃ=কথিত হইই থাকে]॥ ২২৭

অমুবাদ। জনপূর্ণস্থান একচিস্কার পক্ষে ব্যাঘাত করে, স্বত্যা

নির্জ্জনেই অবস্থান করিতে হইবে; এই প্রকার সংকল্প করিয়া যদি কেহ একাকী বাস করে; তাহা হইলে ( তাহার সেইরূপ বাসকেই ) একান্ত শীলতা বলা যায় 🕯 ১২৭

### मूमूकुव्म्।

সংসারবন্ধনিমু ক্রিঃ কুদা ঝটিতি মে ভবেৎ। ইতি যা স্কুদুঢ়া বুদ্ধি রীরিতা সা মুমুক্ষুতা॥ ১২৮

অবয়। কদা (কোন্ সময়ে) ঝটিতি (শীঘ্র) মে (আমার) সংসারবন্ধ-নিমূক্তিঃ (সংসার-বন্ধন হইতে মোক্ষ হইবে) ইতি (এই প্রকার) যা (যে) স্থদ্ঢ়া (স্কৃত্তির) বৃদ্ধিঃ (ভাবনা), সা (তাহাই) মুমুক্তা (মোক্ষকামনা) স্বারতা (বলিয়া কথিত হইয়া থাকে)॥ ১২৮

অনুবাদ। সন্থর কোন্ সময়ে এই সংসার-বন্ধন হইতে আমার মোক্ষলাভ হইবে, এই প্রকার যে স্তৃঢ় ভাবনা, তাহাই মুমুক্ষুতা বলিয়া কথিত হইয়া থাকে॥ ১২৮

#### मयः।

ব্রহ্মচর্য্যাদিভিধ দ্বৈ বুদ্ধের্দোষনির্ভয়ে। দণ্ডনং দম ইত্যাহ ম্নদঃ শান্তিসাধনম্॥ \* ১২৯

অষয়। দোষনিবৃত্তয়ে (কামাদি দোষসমূহকে বিধ্বস্ত করিবার জস্ম)
ব্রহ্মচর্য্যাদিভিঃ (ব্রহ্মচর্য্য প্রভৃতি) ধনৈর্যঃ (ধনের্যর ছারা) মনসঃ (হৃদয়ের) শাস্তিসাধনং (শাস্তির উপার স্বরূপ) দশুনং (দশুপ্রাদান অর্থাৎ নিয়ন্ত্রণকে) দমঃ
(দম) ইতি (এই নামের ছারা) খাহঃ (পশ্তিতগণ নির্দেশ করিরা থাকেন)॥১২৯

অনুবাদ। (কাম ক্রোধ প্রভৃতি)দোষ নিবৃত্তি করিবার জন্ম ব্রহ্মচর্য্য প্রভৃতি ধর্ম্মের দারা মনের শান্তিবিধানের উপায়স্বরূপ

ममनमार्थकाविनः ইতি वा शांठः।

যে দণ্ডন ( অর্থাৎ নিয়ত করিয়া রাখা ), তাঁহাই (পণ্ডিতগণ ) দম বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন॥ ১২৯

> তত্তদ্বৃত্তিনিরোধেন বাহেন্দ্রিয়বিনিগ্রহঃ। যোগিনো দম ইত্যাহুর্ম নদঃ শান্তিসাধনমু॥ ১৩০

অথা । তত্তদ্বত্তিনিরোধেন (সেই সেই বৃত্তিনিরোধ দারা) বাহ্যেক্তিয়-বিনিগ্রহ: (বহিরিক্তিয়ের সমাক্রপে যে নিগ্রহ) [ তমেব = তাহাকেই ] যোগিন: ( যোগীরা ) মনসঃ ( মনের ) শান্তিসাধনম্ ( শান্তির উপায়রূপ ) দমঃ ইতি (.দম এই নামে ) আছে: ( নির্দেশ করিয়া থাকেন ) ॥ ১৩০

অনুবাদ। বাহেন্দ্রিয় সমূহের সেই সেই রতি নিরোধদারা বহিরিন্দ্রিয়ের যে সম্যক্রপে নিগ্রহ, [তাহাকেই] যোগীরা চিত্তের শান্তিবিধানের উপায়স্বরূপ দম এই নামে অভিহিত করিয়া থাকেন॥ ১৩০

> ইন্দ্রিয়েষিন্দ্রিয়ার্থেষু প্রবৃত্তেষু যদৃচ্ছয়া। অনুধাবতি তান্যেব মনো বায়মিবানলঃ॥ ১৩১

অবয়। ইন্দ্রিয়ার্থেষু (শব্দ স্পর্শ প্রভৃতি ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহে) ইন্দ্রিয়েষু (ইন্দ্রিসমূহ) প্রবৃত্তেষু (প্রবৃত্ত হইলে) যদৃচ্ছয়া (স্বভাববশতঃ) অনলঃ ইব (অগ্লি যেমন) বায়ুং (বায়ুকে) [অন্থ্যমন করে সেইরূপ] মনঃ (অস্তঃকরণও) তানি এব (সেই ইন্দ্রিসমূহকেও) অন্থাবতি (অন্থ্যরণ করিয়া থাকে)॥ ১৩১

অনুবাদ। ইন্দ্রিয়ণণ ইন্দ্রিয়ভোগ্য শব্দ স্পর্শ প্রভৃতি বিষয়-সমূহে প্রবৃত্ত হইলে, অগ্নি যেমন বায়ুর অনুসরণ করে, সেইরূপ অন্তঃকরণও স্বভাবের বশে সেই ইন্দ্রিয়গণেরই অনুসরণ করিয়া থাকে॥১৩১

ইন্দ্রিয়েরু নিরুদ্ধেরু ত্যক্ত্বা বেগং মনঃ স্বয়ম্।
সত্যভাবমুপাদত্তে প্রসাদক্তেন জায়তে॥ ১৩২
। ইন্দ্রিয়েরু (ইন্দ্রিয়সমূহ) নিরুদ্ধেরু (নিরুদ্ধ হইলে) মনঃ

(অন্তঃকরণ) স্বয়ং (নিজেই) বেগং (বেগকে) ত্যক্ত্বা (পরিত্যাগ করিয়া) সত্যভাবং (সত্যস্বরূপ ব্রহ্মে অবস্থিতিকে) উপাদত্তে (প্রাপ্ত হইয়া থাকে) তেন (তাহা দারাই) প্রসাদঃ (চিত্তের প্রসন্নতা) জায়তে (উৎপন্ন হইয়া থাকে)॥ ১৩২

অনুবাদ। ইন্দ্রিয়গণ নিরুদ্ধ হইলে, অন্তঃকরণ (বাছ বিষয়ে প্রবৃত্ত হইবার) বেগ নিজেই পরিত্যাগ করিয়া, সত্যস্বরূপ আত্মাতে অবস্থানপ্রাপ্ত হইয়া থাকে, তাহাতেই চিত্তের প্রসন্মতা উৎপন্ন হয়॥ ১৩২

প্রসম্মে সতি চিত্তেহস্ত মুক্তিঃ সিধ্যতি নাহন্তথা।
মনঃপ্রসাদস্ত নিদানমেব
নিরোধনং যৎ সকলেন্দ্রিয়াণাম্।
বাহ্যেন্দ্রিয়ে সাধু নিরুধ্যমানে
বাহ্যার্থভোগো মনসে। নিবর্ত্তিতে ॥
\$\pi > > 0
\$

অন্ধর। যৎ ( যাহা ) সকলে ক্রিরাণাং ( সকল ই ক্রিয়ের ) নিরোধনং ( নিরোধকরিবার হেতু ) [ তৎ = তাহাই ] মনঃপ্রসাদস্ত (অন্তঃকরণের প্রসন্ধার) নিদানম্ এব ( মূল কারণই ) [ ভবতীতি শেষঃ = হইয়া থাকে ]; বাহে ক্রিয়ের ( বহিরিক্রিয় ) সাধু ( সম্যাগভাবে ) নিরুধ্যমানে ( নিরুদ্ধ হইলে ) মনসঃ ( অন্তঃকরণের ) বাহার্থভোগঃ ( বাহ্বস্তুর উপভোগ ) নিবর্ত্ততে ( নিরৃত্ত হইয়া থাকে ); চিত্তে ( মনঃ ) প্রসন্মে সতি ( প্রসন্ম হইলে ) অস্তু ( সাধকের ) মৃক্তিঃ ( মোক্ষ ) সিধাতি ( সিদ্ধ হইয়া থাকে ) অস্তুথা ন ( অস্তু প্রকাবে নঙে ) [ মোক্ষ হইতে পারে না ) ॥ ১৩৩

অনুবাদ। যাহা সকল ইন্দ্রিয়ের নিরোধ করিবার হেতু, তাহাই অন্তঃকরণের প্রসন্ধতার প্রতি কারণ হইয়া থাকে। বহিরিন্দ্রিয় সম্যগ্রূপে যদি নিরুদ্ধ হয়, তাহা হইলেই অন্তঃকরণেরও বাহার্থের প্রতি আভিমুখ্য বা ভোগ নিবৃত্ত হইয়া থাকে। এইরূপে চিত্ত যদি প্রসন্ধ হয়, তাহা হইলেই মুক্তি সিদ্ধ হয়, অন্থথা হয় না॥ ১৩৩

<sup>\*</sup> বিযুজ্যতে ইতি বা পাঠঃ।

তেন স্বদেষ্ট্যিং পরিমূচ্য চিত্তং
শনৈঃ শনৈঃ শান্তিমূপাদদাতি।
চিত্তস্য বাহ্যার্থবিমোক্ষমেব
মোক্ষং বিচুমে কিণলক্ষণজ্ঞাঃ॥ ১৩৪

আশ্বা। তেন (সেই দমের দ্বারা) চিত্তং (অস্তঃকরণ) স্বদেষ্ট্রিং (নিজের দ্বান্ট্র স্থান) পরিমুচ্য (পরিত্যাগ করিয়া) শনৈঃ শনৈঃ (ধীরে ধীরে) শান্তিং (শাস্তিকে) উপাদদাতি (প্রাপ্তা হইয়া থাকে)। মোক্ষণলক্ষণজ্ঞাঃ (মোক্ষের লক্ষণ গাঁহারা জানেন, তাঁহারা) চিত্তস্ত (অস্তঃকরণের) বাহার্থবিমোক্ষং (বাহার্থ হইতে নিষ্কৃতি লাভ করাকে) এব (ই)মোক্ষং (মোক্ষ) বিহুঃ (বিলিয়া বৃষ্কিয়া থাকেন)॥ ১৩৪

অমুবাদ। সেই দমের দ্বারা অন্তঃকরণ নিজের ছুফীস্বভাব পরিত্যাগ করিয়া, ক্রমে ধীরে ধীরে শান্তিকে প্রাপ্ত হইয়া থাকে। মোক্ষের লক্ষণজ্ঞ ব্যক্তিগণ বাহার্থ হইতে চিত্তের মোক্ষকেই মোক্ষ বলিয়া বুঝিয়া থাকেন॥ ১৩৪

দমং বিনা সাধু মনঃপ্রসাদহেতুং ন বিদ্যঃ স্থকরং মুমুক্ষোঃ।
দমেন চিত্তং নিজদোষজাতং
বিস্কায় শান্তিং সমুপৈতি শীত্রম্॥ ১৩৫

আহ্বয়। দমং (দমকে) বিনা (ছাড়িয়া) মুমুক্ষোঃ (মোক্ষার্থী ব্যক্তির) স্থকরং (আনারাসলত্য) মনঃপ্রসাদহেতুং (চিত্তপ্রসন্ধতার কারণ) সাধু (সমার্থ-প্রকারে) ন বিল্লঃ (আমরা জানি না)। দমেন (দমের ছারাই) চিত্তং (অন্তঃ-করণ) নিজনোমজাতং (স্বীয় দোষসমূহকে) বিস্কা (পরিত্যাগ করিয়া) শীছং (সত্তর) শাস্তিং (শাস্তিকে) সমুগৈতি (প্রাপ্ত হইরা থাকে)॥ ১৩৫

অনুবাদ। দম ব্যতিরেকে মোক্ষার্থী ব্যক্তির অন্ত কোন প্রকার অনায়াসলভ্য চিত্তপ্রসাদের হেতু সম্যুগুলবে হইতে পারে, ইহা আমরা জানি না। দমের ঘারা চিত্ত দোষসমূহকে পরিত্যাগ করিয়া শীস্ত্র শান্তিকে প্রাপ্ত হইয়া থাকে॥ ১৩৫

প্রাণায়ামান্তবতি মনসো নিশ্চলত্বং প্রসাদো

যস্তাপ্যস্ত প্রতিনিয়তদিগ্দেশকালাদ্যবেক্ষ্য।

সম্যগ্দৃষ্ট্যা কচিদপি তয়া নো দমো হন্ততে তৎ

কুর্য্যাদ্ধীমান্ দমমনলসশ্চিত্তশাক্ত্যে প্রযত্নাৎ ॥১৩৬

আন্থর। প্রতিনিয়তদিগ্দেশকালাদি ( শাস্ত্রবিহিত নিয়ত দিক্, নিয়ত কাল এবং নিয়ত দেশ প্রভৃতি) অবেক্ষা (ভাল করিয়া পর্যাবেক্ষণ করিয়া) প্রাণায়ামাৎ (প্রাণায়াম করিলে) যক্ত ( যাহার ) মনসং (মনের ) নিশ্চলত্বং (নিশ্চলতা) [ভবতীতি শেষঃ = হইয়া থাকে]; অহ্য (এই ব্যক্তির) কচিদপি (কোনও ভোগ্যবস্তুতে) তয়া (সেই পূর্ব্বক্থিত) সমাগৃদৃষ্টা (ইহা পরম স্থানর এই প্রকার বৃদ্ধির উদয় হইলে) প্রসাদং (চিত্তের প্রসমতা) ন [ভবতীতি = হইতে পারে না]; তৎ (সেইজহ্য) অদমং (দম যাহার সিদ্ধ হয় নাই এই প্রকার ব্যক্তি) হহ্যতে (সিদ্ধি হইতে স্থালিত হইতে পারে); [অতএব = এই কারণেই] ধীমান্ (স্থ্রোধ ব্যক্তি) অনলসং (আলহ্য বহিত হইয়া / প্রযন্ত্রাৎ (বত্ত্বের সহিত) চিত্তশাক্তৈয় (চিত্তের শান্তির জন্য) দমং (দমকেই) কুর্যাৎ (করিবে)॥১৩৬

অনুবাদ। শাস্ত্রের নির্দেশানুসারে নিয়ত দিক্, দেশ ও কালাদি পর্য্যবেক্ষণ করিয়া প্রাণায়াম করিলে যে ব্যক্তির [সময়বিশেষে] চিত্তের নিশ্চলত্ব হয়, দৈববশাৎ উপগত কোন ভোগ্য বস্তুতে চারুতাবুদ্ধির উদয় হইলে, সেই ব্যক্তির [দমসিদ্ধি হয় নাই বলিয়া] চিত্তের প্রসাদ হইতে পারে না; সেই জন্ম [ইহা স্থির যে] যাহার দমসিদ্ধি হয় নাই, [তাহার প্রাণায়ামাদি হঠযোগের সিদ্ধি হইলেও] সমাধিশথ হইতে শ্বলন হয় এবং বিনাশও হইতে পারে; এই কারণে [বাহ্য ঠেযোগাদির উপর একান্ত নির্ভর না করিয়া] স্ক্রোধ ব্যক্তি প্রযন্তের ফালস্থ পরিহারপূর্বেক মনের শান্তির জন্ম দমকে অভ্যাস

## সর্বেক্তিয়াণাং গতিনিগ্রহেণ ভোগ্যেষু দোষাদ্যবমর্শনেন। ঈশপ্রসাদাচ্চ গুরোঃ প্রসাদা-চ্ছান্তিং সমায়াত্যচিরেণ চিত্তম্॥ ১৩৭

অথ্য়। সর্ব্বেক্সিয়াণাং (সকল ইক্রিয়ের) গতিনিগ্রহেণ (মথেষ্ট বিষয়ে প্রবৃত্তির নিরোধ দারা) ভোগ্যেষু (ভোগাবস্তুসমূহে) দোষাশ্ববদর্শনেন (দোষ বিচার দারা) ঈশপ্রসাদাৎ (ভগবানের অন্ত্র্গ্রহের দারা) গুরোঃ (শীগুরুদ্দেবের) প্রসাদাৎ (অন্ত্রহ দারা) অচিরেণ (অন্তর্কালের মধ্যেই) চিত্তং (অস্তঃকরণ) শান্তিং (শান্তিকে) সমায়াতি (প্রাপ্ত ইয়া থাকে)॥ ১৩৭

অনুবাদ। সকল ইন্দ্রিয়েরই যথেষ্ট বিষয়ে প্রবৃত্তির নিরোধের দ্বারা, ভোগ্য বস্তু মাত্রেই দোষোদ্ভাবন দ্বারা পরমেশ্বের কুপায় এবং শ্রীগুরুদেবের অনুগ্রহে অল্পকালের মধ্যেই চিত্ত শান্তিকে প্রাপ্ত হইয়া থাকে॥ ১৩৭

### তিতিকা।

আধ্যাত্মিকাদি যদ্ তুঃখংপ্রাপ্তং প্রারন্ধবেগতঃ। অচিন্তমা তৎসহনং তিতিক্ষেতি প্রচক্ষতে॥ ১৩৮

অশ্বর। প্রারন্ধবেগতঃ (প্রারন্ধ কর্ম্মের গতিবশতঃ) যৎ (যাহা কিছু)
আধ্যাত্মিকাদি (আধ্যাত্মিক ও আধিদৈবিক প্রভৃতি) হৃঃখং (হৃঃখ) প্রাপ্তং
(উপস্থিত হয়), অচিম্বর্য়া (দে বিষয়ে কোন প্রকার চিস্তা না করিয়া) তৎসহনং
(তাহা সহ্ম করাই) তিতিক্ষা (তিতিক্ষা এই শব্দের অর্থ) প্রচক্ষতে [পণ্ডিতগণ]
(বলিয়া থাকেন)॥ ১৩৮

অনুবাদ। প্রারব্ধকর্মের বেগবশতঃ আধ্যাত্মিক প্রভৃতি থে কোন দুঃখ উপস্থিত হইলে, কোন প্রকার চিন্তা না করিয়া তাহার সহনই তিতিক্ষা—এই প্রকার বিজ্ঞব্যক্তিগণ বলিয়া থাকেন॥ ১৩৮

## রক্ষা তিতিক্ষাসদৃশী মুমুক্ষো-ন বিদ্যতেহসো পবিনা ন ভিদ্যতে। যামেব ধীরাঃ কবচীয়বিদ্মান্ঃ

দর্ববাংস্ত গাঁকুত্য জয়ন্তি মায়াম ॥ ১৩৯

গ্রন্থর। মুমুক্ষোঃ (মোক্ষাভিলাষী ব্যক্তির) তিতিক্ষা-সদৃশী (তিতিক্ষার সমান) রক্ষা ( অন্ত কোন রূপ রক্ষা ) ন বিগতে (বিগ্নমান নাই); অসৌ ( এই তিতিক্ষা ) পবিনা ( বজের দ্বারা ) ন ভিগতে ( ভিন্ন হইতে পারে না ); যাং ( যাহাকে ) এতা ( প্রাপ্ত হইন্না ) ধীরাঃ ( ধীরগণ ) সর্বান্ ( সকল ) কবচীয়-বিন্নান্ ( দেহ প্রভৃতির রক্ষা সম্বন্ধে যত প্রকার বিন্ন হইতে পারে, সেই সকলকে ) তুলীক্রতা (উপেক্ষা করিয়া) মানাং ( সংসারের মানাকে ) জমুন্তি (জম্ম করেন) ॥ ১৩৯

অনুবাদ। মোক্ষার্থিবাক্তির তিতিক্ষার স্থায় রক্ষা আর নাই। তিতিক্ষা বজের দারাও ভিন্ন হয় না। এই তিতিক্ষার দারা ধীর ব্যক্তিগণ দেহরক্ষার যাবতীয় বিদ্মকে উপেক্ষা করিয়া মায়াকে জয় করিতে সমর্থ হন॥ ১৩৯

ক্ষমাবতামেব হি যোগদিদ্ধিঃ
স্বারাজ্যলক্ষীস্থপভোগদিদ্ধিঃ।
ক্ষমাবিহীনা নিপতন্তি বিদ্ধৈবাতৈর্হতাঃ পর্ণচয়া ইব ক্রমাৎ ॥১৪০

অস্বয়। ক্ষমাবতাং (ক্ষমাশীল ব্যক্তিগণের ) এব (ই) যোগসিদ্ধিঃ (সমাধিকি) [ভবতি = হইয়া থাকে]; স্বারাজ্যলন্দ্রীস্থতোগসিদ্ধিঃ [চ] (এবং
বর্গ-সামাজ্যের লক্ষ্মী দ্বারা যত প্রকার স্থথভোগ হইতে পারে, তাহারও সিদ্ধি)
ভবতি = হইয়া থাকে]; বাতৈঃ (বায়ুসমূহ দ্বারা) হতাঃ (তাড়িত) পর্ণচয়াঃ
পত্রসমূহ) ক্রমাদিব (যেমন বৃক্ষ হটতে) নিপতন্তি (পতিত হয়), ক্ষমাবিহীনাঃ
(ক্ষমাহীন জনগণও) [তথা = সেইরপ] বিদ্নৈঃ (বিদ্নসমূহের দ্বারা) নিপতন্তি
থোগমার্গ হইতে ভ্রষ্ট হইয়া থাকে)॥ ১৪০

অত্বাদ। যাঁহারা ক্ষমাশীল, তাঁহাদেরই যোগসিদ্ধি হয় এবং

কবচীব বিদ্বান ইতি বা পাঠ: ।

ভাঁহারাই স্বর্গসান্ত্রাজ্যলক্ষ্মীর লাভ নিবন্ধন সকল প্রকার স্থুখ ভোগ করিতে সমর্থ হন। যাহারা ক্ষমাশীল নহে, তাহারাই বায়ুসমূহের দ্বারা আহত পত্রসমূহ যেমন বৃক্ষ হইতে পতিত হয়, সেইরূপ (যোগমার্গ হইতে) পতিত হইয়া থাকে॥ ১৪০

> তিতিক্ষয়া তপো দানং যজ্ঞস্তীর্থং ব্রতং শ্রুতম্। ভূতিঃ স্বর্গোহপবর্গশ্চ প্রাপ্যতে তত্তদথিভিঃ॥ ১৪১

স্থার। তন্তদ্থিভি: (সেই সেই ফল কামনা যাহারা করে, তাহারা)
তিতিক্ষয়। ক্ষেমার প্রভাবেই) তপ: (তপ্রা) দান: (দান) যজঃ ( যাগ-হোম প্রভৃতি ) তীর্থ: (বারাণদী প্রভৃতি তীর্থক্ষেত্র) ব্রত: (চাক্রায়াণাদি ব্রত) ক্রভ: (বিছা) ভূতি: (এইখার্য) স্বর্গ: (স্বর্গ) অপবর্গন্চ (এব: অপবর্গ) প্রাপ্যতে (প্রাপ্ত হইয়া থাকে )॥ ১৪১

অনুবাদ। তত্তৎফলকামী ব্যক্তিগণ এক তিতিক্ষার দারাই তপস্থা, দান, যজ্ঞ, তীর্থ, ব্রত, বিছা, ঐশ্বর্যা এবং অপবর্গ পর্যান্তও লাভ করিতে পারে॥ ১৪১

ব্রহ্মচর্য্যমহিংদা চ দাধুনামপি চার্হণম্।\*
পরাক্ষেপাদিসহনং তিতিক্ষোরেব সিধ্যতি॥ ১৪২

অশ্বয়। ব্রহ্মচর্য্য (ব্রহ্মচর্য্য) অহিংসা (হিংসা পরিত্যাগ) সাধুনাং ( সাধু গণের) অর্হণং (পূজন) অপিচ (এবং) পরাক্ষেপাদিসহনং (পরের তিরস্কাব প্রভৃতির সহন) তিতিক্ষো: এব (তিতিক্ষাশীল ব্যক্তিরই) সিধ্যতি ( সিদ্ধ হইয়া থাকে )॥ ১৪২

অনুবাদ। ব্রহ্মচর্যা, অহিংসা, সাধুগণের সেবা এবং পরের নিকট হইতে লব্ধ তিরস্কার প্রভৃতির সহন, তিতিক্ষাশীল ব্যক্তিরই সিন্ধ হইয়া থাকে॥ ১৪২

সাধনেম্বপি সর্বেষ ু তিতিকোত্তমসাধনম্।

যত্ত্র বিস্নাঃ পলায়ন্তে দৈবিকা অপি ভৌতিকাঃ॥ ১৪৩
অক্সা। সর্বেষ্ (সকল) সাধনেষ্ (সাধনের মধ্যে) তিতিকা (সং

<sup>\*</sup> সাধুনামপাগর্হণম্ ইতি বা পাঠ:।

শীলতাই) উত্তমসাধনং (উৎকৃষ্ট সাধন); যত্র (যে তিতিক্ষা সিদ্ধ হইলে) দৈবিকাঃ (দৈব) ভৌতিকা অপি (এবং ভৌতিক) বিঘাঃ (বিদ্রসমৃহ) পলারস্তে (পলায়ন করিয়া থাকে)॥১৪৩

অনুবাদ। সকল প্রকার [মোক্ষ] সাধনের মধ্যে সহিষ্ণুতাই অত্যুৎকৃষ্ট সাধন; (কারণ) এই তিতিক্ষা-বিষয়ে সিদ্ধিলাভ হইলে দৈবিক এবং ভৌতিক সকল প্রকার বিদ্বই (সাধককে ছাড়িয়া) পলায়ন করিয়া থাকে॥১৪৩

> তিতিক্ষোরেব বিদ্মেভ্য স্থনিবব্তিতচেতসঃ। সিধ্যন্তি শিদ্ধয়ঃ সর্ববা অণিমাদ্যাঃ সমুদ্ধয়ঃ॥ ১৪৪

অশ্বর। বিদ্নেভাঃ (বিদ্নসমূহ হইতে) অনিবর্ত্তিতেতদঃ (বাধাপ্রাপ্ত হইরাও বাহার চিত্ত মোক্ষমার্গ হইতে প্রত্যাবর্ত্তন করে না, এই প্রকার) তিতিক্ষোঃ এব (সহিষ্ণু ব্যক্তিরই) সর্বাঃ (সকল প্রকার) অণিমাভাঃ (অণিমাদি) সমৃদ্ধয়ঃ (সমৃদ্ধিরূপ) সিদ্ধয়ঃ (সিদ্ধিকয়াটই) সিধাস্তি (সিদ্ধ হইয়া থাকে)॥১৪৪

্ অনুবাদ। বিদ্নসমূহের উদয় হইলেও, মোক্ষপথ হইতে যাহার চিত্ত বিনির্ত্ত হয় না, এইরূপ তিতিক্ষাশীল ব্যক্তিরই অণিমাদি ঐশ্বর্য্য নামে প্রসিদ্ধ সিদ্ধিসমূহ প্রাত্তর্ভু হইয়া থাকে॥১৪৪

> তন্মান্মুংকোরধিকা তিতিক্ষা সম্পাদনীয়েপ্সিতকার্য্যসিদ্ধয়ে। তীব্রা মুমুক্ষা চ মহত্যুপেক্ষা চোভে তিতিক্ষা-সহকারিকারণম্॥১৪৫

অন্ধয়। ঈপ্রিতকার্যাসিদ্ধয়ে ( অভিল্যিত কার্যা অর্থাৎ মোক্ষ সিদ্ধির । তথাৎ (সেই কারণে) মুম্কোঃ ( মোক্ষকাম ব্যক্তির ) অধিকা ( অধিক ) চিক্রা ( সহিষ্ণৃতা ) সম্পাদনীয়া ( সম্পাদনীয় অর্থাৎ সম্পাদন করা উচিত ); বা ( উৎকট ) মুম্কা ( মুক্তির ইচ্ছা ) চ ( এবং ) মহতী ( প্রবল ) উপেক্ষা বৈরাগা ) উভে ( এই ছুইটিই ) তিতিক্ষা-সহকারিকারণম্ ( তিতিক্ষার সহকারি বিশ হইয়া থাকে ) ॥ ১৪৫